## ইউনিট : A (গ্রুপ-১)
### প্রথম বর্ষ (সম্মান) ভর্তি পরীক্ষা ২০১৮-১৯

### বাংলা

1. কোন উপন্যাসটি বিভূতিভূষণের লেখা নয়?
A. আরণ্যক B. পথের পাঁচালী
C. কাজল D. ইছামতি

ব্যাখ্যা : কবি 'বিভূতিভূষণ বন্দোপাধ্যায়ে'র উল্লেখযোগ্য কিছু রচনা-
উপন্যাস : পথের পাঁচালী, অপরাজিতা, আরণ্যক, ইছামতি, দৃষ্টি প্রদীপ, আদর্শ হিন্দু হোটেল, দেবযান, অশনি সংকেত ইত্যাদি।
ছোটগল্প : মেঘমল্লার, মৌরিফুল, যাত্রাবদল, কিন্নর দল।
আত্মজীবনীমূলক রচনা : তৃণাঙ্কুর।
Ans : C.

2. কোন বাক্যটি শুদ্ধ?
A. তাহার জীবন সংশয়াপূর্ণ B. তাহার জীবন সংশয়পূর্ণ
C. তাহার জীবন সংশয়ময় D. তাহার জীবন সংশয়ে ভরা

ব্যাখ্যা : সাধারণত বাক্যে একটি করে শব্দের ভুল প্রয়োগের কারণে বাক্য তার যোগ্যতা হারায়।
নিচে কিছু ভুল শব্দের শুদ্ধরূপ-

| অশুদ্ধ | শুদ্ধ শব্দ | অশুদ্ধ শব্দ | শুদ্ধ শব্দ |
|---|---|---|---|
| কীর্তিবাস | কৃত্তিবাস | দূরদৃষ্টতা | দূরদৃষ্টি |
| সংশয়পূর্ণ | সংশয়াপূর্ণ | ভূল | ভুল |
| গোপন পরামর্শ | গোপনীয় পরামর্শ | সারেং বউ | সারেং বৌ |
| বাহুল্যতা | বাহুল্য | উদয় হয় | উদিত হয় |
| বাঁচিবার স্বাদ | বাঁচিবার সাধ | কৌতুহল | কৌতূহল |

Ans : A.

3. কোন শব্দটি সঠিক?
A. শ্রদ্ধাস্পদাসু B. শ্রদ্ধাস্পদাষু
C. শ্রদ্ধাস্পদেসু D. শ্রদ্ধাস্পদাশু

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু শুদ্ধ এবং অশুদ্ধ শব্দ-

| শুদ্ধ শব্দ | অশুদ্ধ শব্দ | শুদ্ধ শব্দ | অশুদ্ধ শব্দ |
|---|---|---|---|
| শ্রদ্ধাস্পদাষু | শ্রদ্ধাস্পদাসু | বিষন্ন | বিষণ্ণ |
| ব্যাবহার | ব্যবহার | মহোত্তম | মহত্তম |
| ব্যপ্তি | ব্যাপ্তি | ভাষ্কর | ভাস্কর |
| ব্যাঞ্জন | ব্যঞ্জন | রেশারেশি | রেষারেষি |
| ব্যহত | ব্যাহত | সমুজ্জল | সমুজ্জ্বল |

Ans : A.

4. কোনটি যৌগিক শব্দ?
A. বাঁশি B. পাঞ্জাবি
C. পঙ্কজ D. বাবুয়ানা

ব্যাখ্যা : শব্দের অর্থমূলক বিভাগ তিনটি-
• যৌগিক শব্দ : ব্যুৎপত্তিগত অর্থ ও ব্যবহারিক অর্থ এক। যেমন : চিকামারা, দৌহিত্র, বাবুয়ানা পাঠক, সুখদ, মধুর ইত্যাদি।
• রূঢ়ি শব্দ : প্রত্যয় সাধিত বা উপসর্গযোগে গঠিত শব্দ যার ব্যুৎপত্তিগত ও ব্যবহারিক অর্থের মিল নাই। যেমন : হস্তী, বাঁশি, তৈল, পাঞ্জাবি, প্রবীণ, সন্দেশ, জ্যাঠামি।
• যোগরূঢ় শব্দ : সমাস নিষ্পন্ন শব্দ যার ব্যুৎপত্তিগত ও ব্যবহারিক অর্থের মিল নাই। যেমন : ছেলেধরা, পঙ্কজ, সুহৃদ, রাজপুত্র, অসুখ ইত্যাদি।
Ans : D.

5. কোনটি মুক্তিযুদ্ধভিত্তিক নাটক?
A. কবর B. নরকে লাল গোলাপ
C. বন্দি শিবির থেকে D. সবগুলো

ব্যাখ্যা : • কবর (১৯৬৬)- মুনীর চৌধুরী রচিত ভাষা আন্দোলন ভিত্তিক নাটক।
• নরকে লাল গোলাপ- আলাউদ্দিন আল আজাদ রচিত মুক্তিযুদ্ধভিত্তিক নাটক।
• বন্দি শিবির থাকে (১৯৭২)- শামসুর রাহমানের কাব্য।
Ans : B.

6. অবরোধবাসিনী কার রচনা?
A. সুফিয়া কামাল B. হুমায়ূন আজাদ
C. শরৎচন্দ্র D. রোকেয়া সাখাওয়াত হোসেন

ব্যাখ্যা : ছন্দে ছন্দে 'রোকেয়া সাখাওয়াত হোসেনের' গ্রন্থ : অবরোধবাসিনীর সুলতানা, স্বপ্নে দেখেছিলো পদ্মরাগিনী, মতিচুরি করতে গিয়ে ডিলিসিয়কে হত্যা করেছে।
• গদ্যগ্রন্থ : মতিচুর, অবরোধবাসিনী।
• উপন্যাস : পদ্মরাগ, সুলতানার স্বপ্ন, ডিলিসিয়া হত্যা।
Ans : D.

7. অরণ্যে ঋষির আশ্রমকে বলে-
A. তপোবন B. শান্তিনিকেতন
C. আখড়া D. কুটির

ব্যাখ্যা : শব্দটি 'অপরিচিতা' গল্প থেকে নেওয়া হয়েছে।
'অপরিচিতা' গল্পের আরো কিছু শব্দার্থ দেওয়া হল :
• তপোবন- অরণ্যে ঋষির আশ্রম।
• মঞ্জরী- কিশলয়যুক্ত কচি ডাল, মুকুল।
• প্রদোষ- সন্ধ্যা।
• ধুয়া- গানের যে অংশ দোহাররা বারবার পরিবেশন করে।
• মহানির্বাণ- সব রকমের বন্ধন থেকে মুক্তি।
Ans : A.

8. নূরুলদীনের সারা জীবন কোন ধরণের গ্রন্থ?
A. কাব্যনাট্য B. কাব্য
C. মহাকাব্য D. গীতিকাব্য

ব্যাখ্যা : কবি 'সৈয়দ শামসুল হকের' উল্লেখযোগ্য কিছু গ্রন্থ-
কাব্যনাট্য- পায়ের আওয়াজ পাওয়া যায়, গণনায়ক, নূরলদীনের সারাজীবন, এখানে এখন, ঈর্ষা।
কাব্য- বিরতিহীন উৎসব, অপর পুরুষ, পরাণের গহিন ভিতর, রজ্জুপথে চলেছি, রাজনৈতিক কবিতা।
গীতিকাব্য- স্বর্ণকুমারী গাথা, কবিতা ও গান, প্রেম-প্রবাহিনী, বঙ্গসুন্দরী, সারদা মঙ্গল ইত্যাদি।
Ans : A.

9. ন্যায়শাস্ত্রে পণ্ডিত ব্যক্তিকে বলা হয়-
A. নীতিবান B. ন্যায়বান
C. নৈয়ায়িক D. ন্যায়ের আদর্শ

ব্যাখ্যা : 'বিড়াল' প্রবন্ধের গুরুত্বপূর্ণ কিছু শব্দার্থ-
নৈয়ায়িক- ন্যায়শাস্ত্রে পণ্ডিত ব্যক্তি।
ন্যায়ালংকার- ন্যায়শাস্ত্রে পণ্ডিত।
প্রকটিত- তীব্রভাবে প্রকাশিত।
দিব্যকর্ণ- ঐশ্বরিকভাবে শ্রবণ করা।
ঠেঙ্গালাঠি- প্রহার করার লাঠি।
ভার্যা- স্ত্রী, বউ।
সতরঞ্চ খেলা- নিচে (মাটিতে) বিছিয়ে যে খেলা খেলতে হয়; পাশা খেলা, দাবা খেলা।
Ans : C.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**10. নজরুলের গল্পগ্রন্থ কোনটি?**

A. কুহেলিকা B. শিউলিমালা
C. বাঁধনহারা D. মৃত্যুক্ষুধা

**ব্যাখ্যা : কাজী নজরুল ইসলামের গুরুত্বপূর্ণ কিছু সাহিত্য কর্ম-**
- **গল্প:** ব্যাথার দান, রিক্তের বেদন, শিউলিমালা।
- **উপন্যাস :** বাধনহারা, মৃত্যুক্ষুধা, কুহেলিকা।
- **কাব্যগ্রন্থ :** অগ্নি-বীণা, বিষের বাঁশি, সাম্যবাদী, সর্বহারা, ফণি-মনসা, সন্ধ্যা, ছায়ানট, চক্রবাক।
- **নাটক :** ঝিলিমিলি, আলেয়া, পুতুলের বিয়ে, মধুমালা।
- **প্রবন্ধগ্রন্থ :** যুগ-বাণী, দুর্দিনের যাত্রী, রুদ্র-মঙ্গল।
- **গানের সংকলন:** বুলবুল, চোখের চাতক, চন্দ্রবিন্দু, নজরুল গীতি, সুরলিপি, গানের মালা, চিত্তনামা।

**Ans : B.**

**11. বাংলা সাহিত্যে প্রথম পত্রকাব্য রচয়িতা কে?**

A. মাগন ঠাকুর B. মাইকেল মধুসূদন দত্ত
C. রবীন্দ্রনাথ D. আবু জাফর ওবায়দুল্লাহ্

**ব্যাখ্যা :** বাংলা সাহিত্যে প্রথম 'পত্রকাব্য' রচনা করেন মাইকেল মধুসূদন দত্ত। তার রচিত প্রথম পত্রকাব্যের নাম 'বীরাঙ্গনা কাব্য'। এটি প্রকাশিত হয় ১৮৬২ সালে।
- আখ্যান কাব্য তিলোত্তমাসম্ভব কাব্য।
- মহাকাব্য : মেঘনাদ বধ কাব্য।
- খন্ডকাব্য : ব্রজাঙ্গনা কাব্য।
- পত্রকাব্য : বীরাঙ্গনা কাব্য (বাংলা সাহিত্যে প্রথম)।

**Ans : B.**

**12. ভাষার মৌলিক উপাদান কোনটি?**

A. বর্ণ B. ধ্বনি C. শব্দ D. বাক্য

**ব্যাখ্যা :**
- ভাষার মৌলিক উপাদান : ধ্বনি।
- ভাষার মৌলিক উপকরণ : বাক্য।
- বাক্যের মৌলিক উপকরণ : বর্ণ।
- ধ্বনির লিখিত রূপ : বর্ণ।
- বস্তু বা ভাবের দ্যোতক : শব্দ।

**Ans : B.**

**13. ভাষার কোন রূপ ব্যাকরণ অনুসরণ করে চলে?**

A. সাধু B. আঞ্চলিক C. চলিত D. প্রাকৃত

**ব্যাখ্যা :**
- সাধু ভাষা : ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের মতে, 'সাধারণ গদ্য-সাহিত্যে ব্যবহৃত বাঙ্গালা ভাষাকে সাধু ভাষা বলে।'
- বক্তৃতা, নাটক ও আলাপচারিতার অনুপযোগী বলে এই ভাষা কৃত্রিম এবং শুধু লেখ্য ভাষা হিসেবে ব্যবহৃত হয়।
- সাধুভাষা কঠোর ব্যাকারণের রীতিতে নিয়ন্ত্রিত।
- সাধুভাষার ক্রিয়াপদ ও সর্বনাম পদ-পূর্ণাঙ্গ।
- সাধু ভাষা অপরিবর্তনীয়, গুরুগম্ভীর ও তৎসমবহুল।

**Ans : A.**

**14. শুদ্ধ বানান কোনটি?**

A. পরজিবী B. সহযোগীতা
C. তৃর্ণভোজী D. বুদ্ধিজীবী

**ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু শুদ্ধ এবং অশুদ্ধ শব্দ :**

| অশুদ্ধ শব্দ | শুদ্ধ শব্দ | অশুদ্ধ শব্দ | শুদ্ধ শব্দ |
|---|---|---|---|
| পরজিবী | পরজীবী | অধিনস্ত | অধীনস্ত |
| সহযোগীতা | সহযোগিতা | টর্ণেডো | টর্নেডো |
| তৃর্ণভোজী | তৃণভোজী | স্বরস্বতি | সরস্বতী |
| বুদ্ধিজিবী | বুদ্ধিজীবী | ধুমপান | ধূমপান |
| অক্ষুন্ন | অক্ষুণ্ন | পিচাশিনী | পিশাচী |

**Ans : D.**

**15. রূপতত্ত্বের অপর নাম কি?**

A. ধ্বনিতত্ত্ব B. বাক্যতত্ত্ব
C. শব্দতত্ত্ব D. পদক্রম

**ব্যাখ্যা :**
- প্রত্যেক ভাষারই মৌলিক অংশ- চারটি।
- ধ্বনিতত্ত্ব, শব্দতত্ত্ব, বাক্যতত্ত্ব ও অর্থতত্ত্ব।
- শব্দতত্ত্বের অপর নাম : রূপতত্ত্ব।
- বাক্যতত্ত্বের অপর নাম : পদক্রম।
- শব্দতত্ত্বে যা আলোচিত হয় : শব্দ, শব্দের আকার, শব্দের গঠন, পদ, পদের পরিচয়, উপসর্গ, অনুসর্গ, কারক, বিভক্তি, লিঙ্গ, বচন, ধাতু, শব্দরূপ, সমাস, প্রকৃতি ও প্রত্যয়, ক্রিয়ার কাল এবং শব্দের ব্যুৎপত্তি ইত্যাদি।

**Ans : C.**

**16. খাঁটি বাংলা ধাতু কোনটি?**

A. অঙ্ক B. আঁক
C. ডর D. কৃৎ

**ব্যাখ্যা :**
- ক্রিয়াপদের মূল অংশকে বলা হয় ধাতু।
- ধাতু বা ক্রিয়ামূল + ক্রিয়া বিভক্তি = ক্রিয়াপদ।
- ধাতু তিন প্রকার : (১) মৌলিক (২) সাধিত (৩) যৌগিক।
- মৌলিক ধাতু ৩ প্রকার : (১) বাংলা (২) সংস্কৃত (৩) বিদেশি।
- কয়েকটি বাংলা ধাতু : আঁক, কাট্, কাদ্, নাচ্ ইত্যাদি।

**Ans : B.**

**17. সুড়ঙ্গ নাটকটি কার লেখা?**

A. সৈয়দ ওয়ালীউল্লাহ B. মুনীর চৌধুরী
C. আবুল ফজল D. আবু জাফর সামসুদ্দীন

**ব্যাখ্যা : সৈয়দ ওয়ালীউল্লাহর রচনাবলী–**
- **ছোটগল্প :** নয়নচারা, দুই তীর ও অন্যান্য গল্প।
- **উপন্যাস :** লালসালু, চাঁদের অমাবস্যা, কাঁদো নদী কাঁদো, দি আগলি এশিয়ান।
- **নাটক :** বহিপীর, তরঙ্গভঙ্গ, সুড়ঙ্গ, উজানে মৃত্যু।

**Ans : A.**

**18. 'স্নাতক' কোন ধরনের শব্দ?**

A. যৌগিক B. রূঢ়ি C. যোগরূঢ় D. মৌলিক

**ব্যাখ্যা : রূঢ় বা রূঢ়ি শব্দ :** প্রত্যয় বা উপসর্গ যোগে গঠিত যে সব শব্দের ব্যুৎপত্তিগত অর্থ ও ব্যবহারিক অর্থ আলাদা হয়, তাদেরকে রূঢ় বা রূঢ়ি শব্দ বলে। যেমন- স্নাতক, হস্তী, গবেষণা, সন্দেশ, প্রবীণ ইত্যাদি।

**Ans : B.**

**19. 'ফেব্রুয়ারী ১৯৬৯' কবিতায় কতজন ভাষা শহীদের নাম উল্লেখ আছে?**

A. ১ জন B. ২ জন
C. ৩ জন D. ৪ জন

**ব্যাখ্যা : 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার গুরুত্বপূর্ণ তথ্য :**
- কবিতাটি একটি দেশপ্রেমের ও গণজাগরণের কবিতা।
- এটি শামসুর রাহমানের নিজ বাসভূমে কাব্যগ্রন্থ থেকে চয়ন করা হয়েছে।
- কবিতাটি গদ্যছন্দে রচিত।
- কবিতায় দুইজন ভাষা শহিদের নাম আছে। (i) সালাম (ii) বরকত।

**Ans : B.**

2 in 1
!!! বের হয়েছে !!!
পানকৌড়ি
ঢাকা বিশ্ববিদ্যালয়
B Unit এর পূর্ণাঙ্গ প্রস্তুতির জন্য
বিগত বছরের প্রশ্নের ব্যাখ্যা সহ নির্ভুল সমাধান
এবং Written সাজেশন

•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

20. 'চোরটাকে ধরা গেল না' কোন বাচ্যের উদাহরণ?
A. কর্মবাচ্য B. কর্তৃবাচ্য C. ভাববাচ্য D. কর্ম-কর্তৃবাচ্য

ব্যাখ্যা : ভাববাচ্য : বাক্যে ক্রিয়ার অর্থই বিশেষভাবে প্রকাশিত হলে তাকে ভাববাচ্য বলে। এ ধরনের বাক্যে কর্ম থাকে না এবং কর্তাও প্রধান হয় না। কাউকে কোন কিছু সরাসরি না বলে ঘুরিয়ে বলতে গেলে ভাববাচ্যে বলা যায়।
● এ ধরনের বাক্যে কর্তায়- ষষ্ঠী, দ্বিতীয়া বা তৃতীয়া বিভক্তি হয়, নামপুরুষের ক্রিয়াপদ হয়, মাঝে মাঝে মূল ক্রিয়াপদের সঙ্গে সহযোগী ক্রিয়াপদও যুক্ত হয় এবং কখনো কখনো কর্তা উহ্য থাকে, অর্থাৎ কর্তা অনুল্লেখিত থাকে।
যেমন- আমার খাওয়া হল না। (নামপুরুষের ক্রিয়াপদ)
তোমার যাওয়া হবে না। (নামপুরুষের ক্রিয়াপদ)
এ পথে চলা যায় না। (সহযোগী ক্রিয়াপদ যুক্ত)
Ans : C.

21. 'ইত্যাদি' শব্দটি কোন সমাস দ্বারা নিষ্পন্ন?
A. কর্মধারয় B. তৎপুরুষ C. দ্বন্দ্ব D. বহুব্রীহি

ব্যাখ্যা : ● ইতি হতে আদি - ইত্যাদি। ● ইত্যাদি তৃতীয়া তৎপুরুষ সমাস।
Ans : B.

22. 'প্রাচুর্য' শব্দের প্রকৃতি-প্রত্যয় কোনটি?
A. প্রা + চুর্য B. প্রচুর + য C. প্রাচুর + য্য D. প্রচুর + য্য

ব্যাখ্যা : কিছু গুরুত্বপূর্ণ প্রকৃতি প্রত্যয় :

| প্রকৃতি ও প্রত্যয় | সাধিত শব্দ | প্রকৃতি ও প্রত্যয় | সাধিত শব্দ |
|---|---|---|---|
| প্রচুর + য | প্রাচুর্য | গো + নক > অক | গায়ক |
| ধুনা + চি | ধুনুচি | ষান্মাস + ইক | ষান্মাসিক |
| খাজনা + চি | খাজাঞ্চি | অঙ্গ + ইক | আঙ্গিক |
| শূর + ষ্ণ্য | শৌর্য | মহৎ + ত্ব | মহত্ত্ব |
| পর্বত + ষ্ণ্য | পার্বত্য | অস্তি + ত্ব | অস্তিত্ব |

Ans : B.

23. 'বালিকা বিদ্যালয়' কোন সমাস?
A. সাধারণ কর্মধারয় B. চতুর্থী তৎপুরুষ
C. বহুব্রীহি D. ষষ্ঠী তৎপুরুষ

ব্যাখ্যা : ● বালিকার নিমিত্তে বিদ্যালয় : বালিকা বিদ্যালয়। আমরা জানি নিমিত্তার্থে চতুর্থী তৎপুরুষ সমাস হয়। যেমন :
● বসতের নিমিত্ত বাড়ি : বসতবাড়ি।
● বিয়ের নিমিত্ত পাগলা : বিয়ে পাগলা।
● রান্নার নিমিত্ত ঘর : রান্নাঘর।
● পাগলের নিমিত্ত গারদ : পাগলাগারদ।
Ans : B.

24. 'শকুনি মামা'র অর্থ কি?
A. সৎ মামা B. কুচক্রী লোক C. কুৎসিত মামা D. পাতানো মামা

ব্যাখ্যা : নিচে কিছু গুরুত্বপূর্ণ বাগধারা দেওয়া হলো :
● শকুনি মামা : কুচক্রী লোক। ● অকন্টকে : নির্বিঘ্নে, নিরুপদ্রবে।
● অঙ্কুশ তাড়না : আঘাত, খোঁচা। ● অঞ্চল প্রভাব : স্ত্রীর প্রভাব।
● অন্ধবেগ : প্রচণ্ড গতি।
Ans : B.

25. 'সাম্যবাদী কবিতাটি কোন ছন্দে রচিত?
A. স্বরবৃত্ত B. অক্ষরবৃত্ত C. মাত্রাবৃত্ত D. পয়ারছন্দ

ব্যাখ্যা : 'সাম্যবাদী' কবিতা থেকে গুরুত্বপূর্ণ তথ্য :
● সাম্যবাদী কবিতাটি : ১৯২৫ খ্রিস্টাব্দে প্রকাশিত।
● এই কবিতায় বৈষম্যহীন অসাম্প্রদায়িক মানব সমাজ গঠনের প্রত্যাশা ব্যক্ত হয়েছে।
● 'সাম্যবাদী' কবিতাটি : মাত্রাবৃত্তছন্দে রচিত।
● শাক্যমুনি : শাকবংশে জন্ম যার; বুদ্ধদেব।
● কন্দরে : পর্বতের গুহা (হৃদয়ের) গভীর গোপন স্থান।
Ans : C.

26. 'সন্ধি'র বিপরীত শব্দ কোনটি?
A. অসন্ধি B. দুরভিসন্ধি
C. বিগ্রহ D. সন্দেহ

ব্যাখ্যা :

| মূল শব্দ | বিপরীত শব্দ | মূল শব্দ | বিপরীত শব্দ |
|---|---|---|---|
| সন্ধি | বিগ্রহ | বিকাশ | বিনাশ |
| দৈব | দুর্দৈব | বিষণ্ণ | প্রসন্ন |
| নিঃশ্বাস | প্রশ্বাস | বিপন্ন | নিরাপদ |
| নৈসর্গিক | কৃত্রিম | রমণীয় | কুৎসিত |
| যুগল | একক | শঠ | সাধু |

Ans : C.

27. 'বিড়াল' প্রবন্ধে পতিত আত্মা কে?
A. কমলাকান্ত B. মার্জার
C. ডিউক D. নসীরাম বাবু

ব্যাখ্যা : 'বিড়াল' প্রবন্ধ থেকে গুরুত্বপূর্ণ তথ্যসমূহ :
● পতিত আত্মা - মার্জার (বিড়াল)।
● নেপোলিয়ন ও ডিউকের জন্মসাল - ১৭৬৯।
● সমাজের ধনবৃদ্ধি অর্থ - ধনীদের ধনবৃদ্ধি।
● ব্যূহ রচনা - যুদ্ধের জন্য সৈন্য সাজানো।
● ওয়াটারলু যুদ্ধ ঘটে - ১৯১৫ সালে।
Ans : B.

28. 'তত্ত্ববোধিনী' পত্রিকার সম্পাদক কে ছিলেন?
A. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর B. ঈশ্বরচন্দ্র গুপ্ত
C. অক্ষয় কুমার দত্ত D. রাজা রামমোহন রায়

ব্যাখ্যা : নিচে কিছু পত্রিকা ও সম্পাদকের নাম :
● তত্ত্ববোধিনী : অক্ষয় কুমার দত্ত।
● সমকাল : সিকান্দার আবু জাফর।
● প্রবাসী : রামানন্দ চট্টোপাধ্যায়।
● সাপ্তাহিক মোহাম্মদী : মোহাম্মদ আকরাম খাঁ।
● বেগম : নূরজাহান বেগম।
Ans : C.

29. ক্রিয়াপদের মূল অংশকে বলা হয়-
A. ধাতু B. উক্তি
C. যতি D. প্রকৃতি

ব্যাখ্যা : ● ক্রিয়াপদের মূল অংশকে বলে - ধাতু।
● যেসব ধাতু বিশ্লেষণ করা যায় না - মৌলিক ধাতু।
● মৌলিক বা নাম শব্দের সাথে 'আ' যুক্ত হয়ে গঠিত হয় - সাধিত ধাতু।
● বিশেষ্য, বিশেষণ বা ধ্বন্যাত্মক অব্যয়ের সাথে কর, দে, পা, খা, ছাড় ইত্যাদি সংযুক্ত হয়ে গঠিত হয় - সংযোগমূলক ধাতু।
Ans : A.

30. সিকান্দার আবু জাফর কোন পত্রিকা সম্পাদনা করতেন?
A. অধকাল B. সমকাল
C. মহাকাল D. সকাল

ব্যাখ্যা : কিছু পত্রিকা ও সম্পাদকের নাম-
● সমকাল - সিকান্দার আবু জাফর।
● ভারতী - দ্বিজেন্দ্রনাথ ঠাকুর।
● কবিতা - বুদ্ধদেব বসু।
● স্বদেশ - সুকুমার রায়।
● সাহিত্য পত্রিকা - মুহম্মদ আব্দুল হাই।
Ans : B.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

## English

**31. _____ the candidate did not have very good grades, he managed to impress the board with his wonderful art of communication.**
**Choose the correct word for the gap-**
A. Even B. Since
C. Though D. Despite

ব্যাখ্যা : Complex sentence এ দুটি বিপরীত ধর্মী বাক্য যুক্ত থাকলে একটি Though/Although বসে।
**Structure :** Though/Although + subject + verb, + subject + verb + ............
**Example :** Though he is poor, he is honest.
অনুরূপভাবে- Though the candidate did not have good grades, he managed to impress the board with his wonderful art of communication.
(প্রার্থীটির ভাল ফলাফল না থাকা সত্ত্বেও সে বোর্ডকে তার যোগাযোগ দক্ষতায় মুগ্ধ করেছে)
**Ans : C.**

**32. "The old man gave up the ghost." means he-**
A. died B. fell sick
C. killed the ghost D. recovered from illness

ব্যাখ্যা : Give up the ghost - মারা যাওয়া, বিনষ্ট হওয়া।
**এরকম আরো কিছু phrase -**
- In a nutshell - সংক্ষেপে।
- In black and white - কাগজে কলমে।
- Beat around the bush - বিব্রতকর কিছু বলা থেকে এড়িয়ে যাওয়া।
- Under the weather - অসুস্থ।

এখানে, "The old man gave up the ghost." এর অর্থ- "বৃদ্ধটি মৃত্যুবরণ করলেন।"
**Ans : A.**

**33. A person who eats human flesh is a _____**
A. carnivore B. cobbler
C. cannibal D. cartographer

ব্যাখ্যা : • A person who eats human flesh is a - cannibal (নরখাদক)
- An animal which eats meat – carnivorous (মাংসাশী)
- A person who fixes shoes – cobbler (মুচি)
- A person who drows or produces maps - cartographer (মানচিত্রকার)

**Ans : C.**

**34. Birds of the same feather _____.**
**Choose the correct expression.**
A. live together B. flock together
C. fly together D. look beautiful

ব্যাখ্যা : Birds of a same feather, flock together. - চোরে চোরে মাসতুতো ভাই।
**Ans : B.**

**35. Choose the correct sentence-**
A. It is I who am responsible for this.
B. It is me who am responsible for this.
C. It is me whom is responsible for this.
D. It is I that is responsible for this.

ব্যাখ্যা : It is I who am responsible for this.
কোন sentence It is ....... দিয়ে শুরু হলে এরপর subjective form বসে। এখানে, I হচ্ছে আমি এর subjective form এবং I এর be verb হিসেবে 'am' বসবে।
**Ans : A.**

**36. Did you expect _____?**
**Complete the sentence with a clause.**
A. that he will visit you B. him to visit you
C. that he visited you D. that he would visit you

ব্যাখ্যা : প্রশ্নে clause এর সাহায্যে sentence টি complete করতে বলা হয়েছে। এখানে অপশন (A) ভুল, কারণ প্রথম অংশে past tense হলে পরের অংশে future হয় না, past হয়। অপশন (B) ভুল, কারণ এটি clause নয় এটি phrase। অপশন (C) এবং (D) হতে (D) অপশনটিই অধিক অর্থবহ। তাই অপশন (D) সঠিক।
**Ans : D.**

**37. Don't disturb a sleeping baby.**
**Here "sleeping" is a-**
A. gerund B. verbal adjective
C. verbal noun D. perfect participle

ব্যাখ্যা : কোন noun এর পূর্বে verb এর ing form বসে তা যদি adjective এর কাজ করে তাহলে তাকে verbal adjective বলা হয়। এখানে, sleeping baby বলতে baby - noun টির একটি অবস্থা নির্দেশ করছে। সুতরাং এখানে sleeping একটি verbal adjective.
**Ans : B.**

**38. Give someone an inch and they'll take a mile. What does this saying mean in Bangla?**
A. বসতে দিলে শুতে চায় B. কেউ কেউ অল্পতেই তুষ্ট হয়
C. বিন্দু বিন্দু জলেই সিন্ধু হয় D. ইঞ্চি ইঞ্চি মাপেই মাইল হয়

ব্যাখ্যা : "Give someone aninch and they'll take a mile" এর বাংলা অর্থ "বসতে দিলে শুতে চায়"।
**Ans : A.**

**39. He said to me. "Do you know me?" Its indirect speech is-**
A. He asked me if know him.
B. He said do I know him.
C. He asked me if I knew him.
D. He asked me if I did know him.

ব্যাখ্যা : Present indefinite tense কে indirect করতে গেলে তা past indefinite এ করতে হয় এবং বাক্যটি যদি interrogative হয় এবং auxiliary দিয়ে শুরু হয় তবে উক্ত auxiliary উঠে গিয়ে if বসে। সুতরাং এখানে indirect হবে- He asked me if I knew him.
**Ans : C.**

**40. He was born in 1980. What kind of verb it is?**
A. transitive B. intransitive
C. linking D. non-finite

ব্যাখ্যা : যে verb এর অর্থ সম্পন্ন করতে object এর প্রয়োজন হয়, তাকে transitive verb বলে। সাধারণত, verb এর পরে কোন word না থাকলে বা verb এর পর adverb কিংবা শুধু preposition থাকলে verb টি নিশ্চিতভাবেই intransitive verb। প্রদত্ত sentence এ "in 1980" - এটি object নয়, বরং adverb। তাই was born হলো intrasitive verb.
**Ans : B.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**41. I know the boy who will win.**
**The underlined clause is-**
A. a noun clause B. an adjective clause
C. an adverbial clause D. a principal clause

ব্যাখ্যা : যে clause কোন noun বা pronoun এর বৈশিষ্ট্য বা অবস্থা নির্দেশ করে তা হল adjective clause. উক্ত বাক্যে "who will win" দ্বারা boy কে নির্দেশ করছে। সুতরাং এটি adjective clause.
**Ans : B.**

**42. If I were you, I _____ for the just cause.**
**Choose the correct verb-**
A. should fight B. will fight
C. would fight D. must fight

**ব্যাখ্যা : এটি 2nd condition এর Example**
**2nd condition এর structure :** If + subject + verb (past) + , + subject + would/could/might + v(base) + .......
**Example :** If I knew the matter, I would take steps against it.
অনুরূপভাবে, If I were you, I would fight for the just cause.
**Ans : C.**

**43. It rained here yesterday, ____. The appropriate tag question here will be-**
A. wasn't it? B. didn't it?
C. did it? D. isn't it?

ব্যাখ্যা : Tag question এর rule অনুযায়ী বাক্যের প্রথম অংশের subject এর pronoun form এবং verb অনুযায়ী auxiliary বসবে।
**Example :** I like it, don't I?
অনুরূপভাবে, It rained here yesterday, didn't it?
**Ans : B.**

**44. It was very thoughtful ___ you to send the letter on time. Choose the correct preposition-**
A. for B. on
C. to D. of

ব্যাখ্যা : Thoughtful of - কোন ব্যক্তি বা বস্তুর প্রতি বিশেষভাবে যত্নশীল হওয়া।
**Example :** It was thoughtful of you to send me flowers.
অনুরূপভাবে, It was very thoughtful of you to send the letter on time.
**Ans : D.**

**45. Jamil is reading Shakespeare closely ____ he can get better marks in that course.**
**Choose the correct conjunction-**
A. so that B. for
C. because D. while

ব্যাখ্যা : So that এর আগের অংশে কারণ এবং পরের অংশে ফলাফল বুঝায়।
**Structure :** Sub. + verb + ...... + so that + sub. + can/may + verb (base) + .........
**Example :** We read so that we can earn knowledge.
অনুরূপভাবে, Jamil is reading shakes peace closely so that he can get better marks in that course.
**Ans : A.**

**46. She was taken by ____ when her name was announced for the first prize.**
**Choose the correct conjunction-**
A. pleasure B. pride
C. surprise D. loftiness

ব্যাখ্যা : Taken by surprise - হঠাৎ অপ্রস্তুত হয়ে পড়া।
এখানে, "সে প্রথম পুরস্কার বিজয়ী হিসেবে নিজের নাম শুনে অপ্রস্তুত হয়ে পড়ল।"
সুতরাং, অপ্রস্তুত হয়ে পড়া বুঝাতে taken by surprise বসবে।
**Ans : C.**

**47. The flight is leaving shortly. Here "shortly" is-**
A. a complement B. an object
C. a subject D. an adverbial

ব্যাখ্যা : কোন word যদি verb কে modify করে তবে তা adverb. এখানে, the flight is leaving shortly. Shortly দ্বারা leave(verb) কে modify করা হচ্ছে। সুতরাং এটি adverb.
**Ans : D.**

**48. The girl in green is my cousin. Functionally, the underlined phrase is a/an-**
A. noun phrase B. adjective phrase
C. adverbial phrase D. prepositional phrase

ব্যাখ্যা : কোন phrase দ্বারা কোন noun/pronoun এর অবস্থা বা বৈশিষ্ট্য নির্দেশ করলে তা adjective phrase বলে পরিগণিত হয়।
• The girl in green is my cousin.
উক্ত বাক্যে "in green" বলতে 'সবুজ জামা পরা' বুঝাচ্ছে এবং এটি subject অর্থাৎ the girl কে নির্দেশ করছে। সুতরাং এটি একটি adjective phrase.
**Ans : B.**

**49. The noun form of 'universal' is-**
A. universalty B. university
C. universiality D. universality

ব্যাখ্যা : • Universal (adjective) - সার্বজনীন।
• Universality (noun) - সার্বজনীনতা।
• Universally (adverb) - সার্বজনীনভাবে।
এখানে universal এর noun form হবে universality.
**Ans : D.**

**50. The passive form of "Who killed the bird" is-**
A. Who was killed the bird?
B. By whom the bird was killed?
C. Who was the bird killed by?
D. By whom was killed the bird?

ব্যাখ্যা : who দ্বারা কোন বাক্য শুরু হলে তার passive form এ by whom বসবে।
**Structure :** By whom + tense এবং person অনুযায়ী auxiliary + object এর subject + verb (p.p.) + .......
**Example : Active :** Who killed the bird?
**Passive :** By whom was the bird killed?
**Ans : নাই.**

**51. The word "emancipation" means-**
A. obedience B. pleasure
C. freedom D. justification

ব্যাখ্যা : Emancipation (noun) - মুক্তি, স্বাধীনতা।
**Synonyms :** Freedom, Independence, Liberty, Release.
**Antonyms :** Restraint, Hold, Imprisonment
**Ans : C.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**52. There is no mother but loves her children. What kind of sentence is it?**

A. simple B. complex
C. compound D. complex-compound

ব্যাখ্যা : Compound sentence এ দুটি স্বাধীন বাক্য and/or/but দ্বারা যুক্ত থাকে।
**Structure :** Subject + verb + and/or/but + sub. + verb + ......
**Example :** She is poor but lives in a big house.
অনুরূপভাবে প্রদত্ত sentence টি একটি compound sentence.
**Ans : C.**

**53. Two months have passed _____. Choose the right clause for the gap.**

A. since I met you B. after I met you
C. before I met you D. because I met you

ব্যাখ্যা : দুটি কাজের মধ্যবর্তী অনেক সময় পার হয়ে গেছে বুঝাতে since এর rule ব্যবহৃত হয়।
**Structure :** (Time) + have/has + passed + since + subject + verb (past) + ...........
**Example :** 3 years have passed since I went there.
অনুরূপভাবে, Two months have passed since I met you.
**Ans : A.**

**54. What is the antonym of "antonym"?**

A. synonym B. opposition
C. different D. animosity

ব্যাখ্যা : 'Antonym (বিপরীতার্থক শব্দ)' এর antonym হবে 'Synonym (সমার্থক শব্দ)'.
**Ans : A.**

**55. What is the English translation of "তাকে শাড়ীতে খুব সুন্দর দেখায়।"?**

A. She sees beautiful in saree.
B. She looks beautiful in saree.
C. She looks beautifully in saree.
D. She shows beautiful in saree.

ব্যাখ্যা : কোন ব্যক্তি বা বস্তুকে কেমন দেখায় তা বুঝাতে looks ব্যবহৃত হয়।
**Structure :** Sub. + looks + adjective + .......
**Example :** He looks smart in that shirt.
অনুরূপভাবে, She looks beautiful in saree.
**Ans : B.**

**56. Which of these sentences is incorrect?**

A. We are sitting an exam.
B. We are taking an exam.
C. Students are giving an exam.
D. Teachers are giving an exam.

ব্যাখ্যা : Give an exam - পরীক্ষা নেওয়া।
Take an exam - পরীক্ষায় অংশগ্রহণ করা।
Sit an exam - পরীক্ষায় অংশ নেওয়া।
এখানে, 'give an exam' শুধুমাত্র teachers এর ক্ষেত্রে ব্যবহৃত হয়। Students পরীক্ষায় অংশ নেয়, আর teachers তাদের পরীক্ষা নেয়।
**Ans : C.**

**57. Which one is the correct sentence?**

A. Two hours is a long time.
B. Two hour is a long time.
C. Two hours are a long time.
D. Two hours are long time.

ব্যাখ্যা : Money, time এবং distance এর এককগুলো plural হলো verb singular হবে।
**Example :** Three minutes is a short time.
অনুরূপভাবে, Two hours is a long time.
**Ans : A.**

**58. Which one is the right word?**

A. adolesense B. adolescence
C. adolecence D. addolesense

ব্যাখ্যা : Adolescence (noun) - বয়ঃ সন্ধিকাল।
এরকম আরো কিছু **confusing words :**

| | |
|---|---|
| Commission | Occasion |
| Absence | Recommend |
| Accommodate | Personnel |
| Colleague | Possession |

**Ans : B.**

**59. Who is a misogynist? A man who _____.**

A. hates women B. hates children
C. is afraid of women D. adores women

ব্যাখ্যা : Misogynist - যে ব্যক্তি মহিলাদের অপছন্দ করে, women-hater.
**Synonyms :** Antifeminist, Sexist, Chauvinist, Women-hater.
**Ans : A.**

**60. Who is a netizen?**

A. a good citizen B. a bad citizen
C. a person who uses the Internet
D. a foreign tourist

ব্যাখ্যা : Netizen - a person who uses internet.
যারা ইন্টারনেট ব্যবহার করে থাকে তাদের netizen বলা হয়ে থাকে। Internet এবং Citizen এর সমন্বয়ে Netizen এর উৎপত্তি।
**Ans : C.**

## সাধারণ জ্ঞান

**61. দীওয়ানুল হামাসা কি?**

A. ইতিহাস বিষয়ক গ্রন্থ B. আরবি প্রবন্ধ সংকলন
C. আরবি কাব্য সংকলন D. আরবি উপন্যাস সমগ্র

ব্যাখ্যা :
- দীওয়ানুল হামাসা একটি আরবী কাব্য সংকলন।
- এর রচয়িতা আবু তাম্মাম ৯ম শতকে এটি রচনা করেন।
- এটি দশ খণ্ডের একটি সংকলন এবং এতে ৮৮৪টি কাব্য সংকলিত হয়েছে।
- এসব কাব্যে মূলত প্রাচীন আরবের সাহিত্য, সংস্কৃতি, সমাজ ব্যবস্থা প্রভৃতি তুলে ধরা হয়েছে।

**Ans : C.**

**62. কোন দার্শনিক নোবেল পুরস্কার প্রত্যাখান করেন?**

A. ভলটেয়ার B. জঁা পল সার্ত্রে
C. ইমানুয়েল কান্ট D. নীটশে

ব্যাখ্যা :
- জঁ-পল সার্ত্র একমাত্র দার্শনিক জিনি নোবেল পুরষ্কার প্রত্যাখ্যান করেন।
- জঁ-পল সার্ত্র ছিলেন অস্তিত্ববাদের একজন পথিকৃৎ ও বিংশ শতকের ফরাসি দর্শন ও মার্ক্সিজমের অন্যতম প্রভাবশালী দার্শনিক।
- তাঁর জন্ম ২১শে জুন ১৯০৫ এবং মৃত্যু ১৫ই এপ্রিল ১৯৮০ সালে।
- জঁ-পল সার্ত্র দর্শনের ইতিহাসে তার বিখ্যাত গ্রন্থ 'বিং অ্যান্ড নাথিংনেস' এর জন্য ১৯৬৪ সালে সাহিত্যে নোবেল পুরস্কারের জন্য মনোনীত হন
- তবে এই পুরস্কার গ্রহণে তিনি অস্বীকৃতি জানান; কারণ তার মতে একজন লেখককে কখনই নিজেকে একটি প্রতিষ্ঠানে পরিণত হতে দেওয়া উচিত নয়।

**Ans : B.**

শিক্ষার সর্ববিষয়ক পাঠশালা
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

63. কোন শহরে জাতিসংঘ সনদ স্বাক্ষরিত হয়?
A. প্যারিস B. জেনেভা
C. বার্লিন D. সানফ্রানসিসকো

ব্যাখ্যা : ● জাতিসংঘ সনদ স্বাক্ষরিত হয় যুক্তরাষ্ট্রের সানফ্রানসিসকো শহরে।
● জাতিসংঘ বিশ্বের জাতিসমূহের একটি সংগঠন, যার লক্ষ্য হলো আন্তর্জাতিক অঙ্গনে আইন, নিরাপত্তা, অর্থনৈতিক উন্নয়ন, সামাজিক অগ্রগতি এবং মানবাধিকার বিষয়ে পারস্পরিক সহযোগিতার পরিবেশ সৃষ্টি করা।
● ১৯৪৫ সালে ৫১টি রাষ্ট্র জাতিসংঘ বা রাষ্ট্রসঙ্ঘ সনদ স্বাক্ষর করার মাধ্যমে জাতিসংঘ বা রাষ্ট্রসঙ্ঘ প্রতিষ্ঠিত হয়।
● বর্তমানে এর সদস্য সংখ্যা ১৯৩।
**Ans : D.**

64. অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল এর সদর দফতর কোথায়?
A. জেনেভা B. ভিয়েনা C. লন্ডন D. বার্লিন

ব্যাখ্যা : ● অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল এর সদর দপ্তর লন্ডনে অবস্থিত।
● এটি একটি মানবাধিকার বিষয়ক আন্তর্জাতিক বেসরকারী সংস্থা।
● সংস্থাটি ১৯৬১ সালে যুক্তরাজ্যে স্থাপিত হয়।
● আন্তর্জাতিক পর্যায়ে মানবাধিকার বিষয়ের উত্তরণ ও মর্যাদা রক্ষায় জাতিসংঘ সাধারণ পরিষদে গৃহীত সার্বজনীন মানব অধিকার সংক্রান্ত ঘোষণাপত্র বাস্তবায়নে সংস্থাটি একযোগে কাজ করে যাচ্ছে।
● এই প্রতিষ্ঠান নিয়মিতভাবে ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস, ১ মে মে দিবস এবং ১০ ডিসেম্বর আন্তর্জাতিক মানিবাধিকার দিবস উদযাপন করে থাকে।
**Ans : C.**

65. আইফেল টাওয়ার কোথায় অবস্থিত?
A. লন্ডন B. মিউনিখ C. জুরিখ D. প্যারিস

ব্যাখ্যা : ● আইফেল টাওয়ার ফ্রান্সের প্যারিসে অবস্থিত।
● গুস্তাভো আইফেল ১৮৮৭-১৮৮৯ সালে এটি নির্মাণ করেন।
● এর উচ্চতা ৩২০ মিটার তথা ১০৫০ ফুট।
● এই টাওয়ারটি ছিল ১৮৮৯ থেকে ১৯৩০ সাল পর্যন্ত প্রায় ৪০ বছর যাবৎ পৃথিবীর উচ্চতম টাওয়ার।
● আইফেল টাওয়ার একই সাথে ফ্রান্সের জাতীয় প্রতীক আবার আয়ের অন্যতম উৎস।
**Ans : D.**

66. আজমীর শরীফ ভারতের কোন রাজ্যে অবস্থিত?
A. উত্তর প্রদেশ B. বিহার C. পাঞ্জাব D. রাজস্থান

ব্যাখ্যা : ● আজমীর শরীফ ভারতের রাজস্থান রাজ্যের আজমীর শহরে অবস্থিত।
● এখানে ভারতের প্রখ্যাত সুফি সাধক খাজা মইনুদ্দিন চিশতির দরগা রয়েছে।
● ঐ দরগার ভেতরে মইনুদ্দীন চিশতির সমাধি ছাড়াও আছে দু'টি মসজিদ, যা তৈরি করেছিলেন মুঘল সম্রাট শাহজাহান ও আকবর।
● আজমীর শরীফের পাশেই রয়েছে হিন্দুদের পবিত্র স্থান পুষ্কর।
● শুধু প্রার্থনার কারণেই নয়, সংগীতের জন্যও এ দরগা বিশেষভাবে পরিচিত।
**Ans : D.**

67. ইবনে বতুতা কোন দেশের পর্যটক?
A. ইতালি B. মরক্কো C. গ্রিস D. চীন

ব্যাখ্যা : ● ইবনে বতুতা (১৩০৪ - ১৩৬৮) মরক্কোর একজন পর্যটক।
● একুশ বছর বয়স থেকে শুরু করে জীবনের পরবর্তী ৩০ বছরে তিনি বিশ্ব পরিভ্রমণ করেছেন।
● তিনিই একমাত্র পরিব্রাজক যিনি তাঁর সময়কার সমগ্র মুসলিম বিশ্ব ভ্রমণ করেছেন এবং তৎকালীন সুলতানদের সাথে সাক্ষাৎ করেছেন।
● ৩০ বছরে প্রায় ৪০টি দেশ ভ্রমণ করে তিনি তাঁর ভ্রমণকাহিনী রিহলা প্রকাশ করেন।
● এটিকে ১৪শ শতকের পূর্ব, মধ্য এবং দক্ষিণ এশিয়ার মুসলিম সাম্রাজ্যের ইতিহাসের অন্যতম দলিল হিসেবে বিবেচনা করা হয়।
● ১৯৫৮ সালে এ গ্রন্থের ইংরেজি অনুবাদ বের হয়।
**Ans : B.**

68. ইমরুল কায়েস একজন-
A. ফার্সি কবি B. উর্দু কবি
C. তুর্কি কবি D. আরবি কবি

ব্যাখ্যা : ● ইমরুল কায়েস হলেন ৬ষ্ঠ শতকের আরবি ভাষার উল্লেখযোগ্য ও শ্রেষ্ঠ কবি।
● তার পুরো নাম হল ইমরুল কায়েস বিন হুযর আল কিন্দি।
● তিনি আরবের নাজদ এলাকায় ৬ষ্ঠ শতকের প্রথম দিকে জন্মগ্রহণ করেন।
● তিনি হলেন আরবি ভাষায় লেখা বিখ্যাত কাব্য সংকলন মুআল্লাক্বা-এর অন্যতম ও শ্রেষ্ঠ লেখক।
● তাঁর জন্ম নিয়ে সঠিক তথ্য পাওয়া যায়না। এই মহান কবি ৫৪০ খ্রীঃ মৃত্যুবরণ করেন।
**Ans : D.**

69. Big Bang তত্ত্বের প্রাথমিক প্রবক্তা-
A. স্টিফেন হকিং B. জর্জ লাটিমার
C. গ্যালিলিও D. আইনস্টাইন

ব্যাখ্যা : ● বিগ ব্যাং থিওরি মহাবিশ্বের প্রাথমিক অবস্থা কিভাবে শুরু হয়েছিল তা ব্যাখা করে।
● প্রাথমিকভাবে জর্জ লামিটার (Georges LeMaitre) এর ব্যাখ্যা করেন।
● তিনি একজন বেলজিয়ান নাগরিক।
● উনি সর্বপ্রথম ১৯২৭ সালে মহাবিশ্বের সম্প্রসারণ নিয়ে গাণিতিক পর্যালোচনা করেন।
● ১৯৩৩ সালে উনি এক সেমিনারে আলবার্ট আইনস্টাইন এর কাছে তার বিগ ব্যাং থিওরি ব্যাখা করেন।
**Ans : B.**

70. BIMSTEC কোন ধরনের সংগঠন?
A. সামরিক B. সামাজিক
C. অর্থনৈতিক D. রাজনৈতিক

ব্যাখ্যা : ● BIMSTEC (Bay of Bengal Initiative for Multi-Sectoral Technical & Economic Cooperation) একটি অর্থনৈতিক সংগঠন।
● ১৯৯৭ সালে দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়া এবং বঙ্গোপসাগর উপকূলের দেশগুলোর মধ্যে প্রযুক্তিগত ও অর্থনৈতিক ক্ষেত্রে পারস্পরিক সহযোগীতার ক্ষেত্র তৈরি করার জন্য এটি গঠিত হয়।
● ব্যবসা, বিনিয়োগ, প্রযুক্তি, পর্যটন, মানব সম্পদ উন্নয়ন, কৃষি উন্নয়ন, মৎস্য সম্পদ, যোগাযোগ ব্যবস্থা, পোশাক ও চামড়া শিল্প সহ আরো অনেকগুলো ক্ষেত্র বিমসটেক এর মূল উদ্দেশ্যভুক্ত।
● বিমসটেক এর সদরদপ্তর বাংলাদেশের ঢাকায় অবস্থিত এবং ২০১৪ সালের ১৩ সেপ্টেম্বর বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা তা উদ্বোধন করেন।
● এর সদস্য রাষ্ট্র হল - বাংলাদেশ, ভারত, শ্রীলংকা, থাইল্যান্ড, মায়ানমার, নেপাল ও ভূটান।
**Ans : C.**

71. নায়াগ্রা জলপ্রপাত কোথায়?
A. আমেরিকায় B. কানাডায়
C. যুক্তরাজ্যে D. সুইজারল্যান্ডে

ব্যাখ্যা : ● নায়াগ্রা জলপ্রপাত কানাডার অন্টারিও প্রদেশে অবস্থিত।
● এটি আমেরিকা যুক্তরাষ্ট্র ও কানাডার মধ্যবর্তী সীমান্তের ওপর নায়াগ্রা নদীর উপর অবস্থিত তিনটি বিশাল জলপ্রপাতের সমষ্টি।
● এটি বিশ্বের সবচেয়ে বড় জলপ্রপাত।
● প্রতি মিনিটে নায়াগ্রা জলপ্রপাত ৬০ লাখ ঘনফুট মাত্রাধিক জল প্রবাহিত করে।
● নায়াগ্রা, সমগ্র নিউইয়র্ক ও ওন্টারিও-র জলবিদ্যুৎ শক্তির এক অন্যতম প্রধান উৎস।
● জলপ্রপাতটি শিল্প ও বাণিজ্যের উন্নয়নে সাহায্য করেছে এবং উদীয়মান পর্যটন শিল্পের দ্বারা রাজ্যের রাজস্ব সংগ্রহকে শক্তিশালী করে তুলেছে।
**Ans : B.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

72. Calligraphy শব্দের অর্থ কি?
A. লিপি শিল্প B. নৃত্য শৈলী C. কারুশিল্প D. চিত্রশৈলী

ব্যাখ্যা : • Calligraphy শব্দের অর্থ 'লিপিকলা' বা 'লিপিশিল্প'।
• এটি মূলত হাতের লেখা সম্পর্কিত দৃশ্যমান শিল্পকলা।
• এই শিল্পে চওড়া উপকরণ যেমন মোটা কলম বা ব্রাশের সাহায্যে অক্ষরের নকশা করা হয়।
• শিল্পকলার যে বিভাগে ক্যালিগ্রাফি চর্চা করা হয়, তার নাম হচ্ছে প্রাচ্যকলা।
Ans : A.

73. ফরাসী বিপ্লব কত সালে সংগঠিত হয়েছিল?
A. ১৬৮০ B. ১৭৬৯ C. ১৭৮৯ D. ১৮১৫

ব্যাখ্যা : • ফরাসি বিপ্লব ১৭৮৯ সালে সংঘটিত হয়।
• এই বিপ্লবের সময় ফ্রান্সে রাজতন্ত্র বিলুপ্ত হয়ে প্রজাতান্ত্রিক আদর্শের অগ্রযাত্রা শুরু হয়।
• ফরাসি বিপ্লব ছিল তদানীন্তন ফ্রান্সের শত শত বছর ধরে নির্যাতিত ও বঞ্চিত 'থার্ড স্টেট' বা সাধারণ মানুষের পুঞ্জীভূত ক্ষোভের বহিঃপ্রকাশ।
• ফরাসি বিপ্লবের মূলনীতি ছিল স্বাধীনতা, সমতা, ভ্রাতৃত্ব, অথবা মৃত্যু।
• এ বিপ্লব ১০ বছর স্থায়ী ছিল।
Ans : C.

74. E-mail হলো-
A. Electronic B. Electrical mail
C. Emergency mail D. Emancipation mail

ব্যাখ্যা : • E-mail হল Electronic Mail
• ই-মেইল তথা ইলেক্ট্রনিক মেইল হল ডিজিটাল বার্তা যা কম্পিউটার নেটওয়ার্কের মাধ্যমে প্রেরণ করা হয়।
• ১৯৭২ খ্রিস্টাব্দে তদানিন্তন আরপানেটে সর্বপ্রথম ইলেক্ট্রনিক মেইল প্রেরণ করা হয়।
• ই-মেইল পেতে প্রথম দিকের ই-মেইল ব্যবস্থায় প্রেরক এবং প্রাপক দুজনকেই অনলাইনে থাকতে হত। এখনকার ই-মেইলগুলোতে এই সমস্যা নেই।
• ই-মেইল সার্ভারগুলো মেইল গ্রহণ করে এবং সংরক্ষণ করে পরে পাঠায়।
Ans : A.

75. বাংলা একাডেমী কোন সালে প্রতিষ্ঠিত হয়?
A. ১৯৫৪ B. ১৯৫৫ C. ১৯৬৫ D. ১৯৫৮

ব্যাখ্যা : • বাংলা একাডেমি ১৯৫৫ সালের ঢাকায় প্রতিষ্ঠিত হয়।
• বাংলা ভাষা ও সাহিত্যের চর্চা, গবেষণা ও প্রচারের লক্ষ্যে তৎকালীন পূর্ব পাকিস্তানে (বর্তমান বাংলাদেশে) এই একাডেমি প্রতিষ্ঠা করা হয়।
• রাষ্ট্রভাষা আন্দোলন-পরবর্তী কালের প্রেক্ষাপটে বাংলা একাডেমি প্রতিষ্ঠার দাবি ওঠে।
• তৎকালীন পূর্ব পাকিস্তানের প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন "বর্ধমান হাউজ"-এ এই একাডেমির সদর দপ্তর স্থাপিত হয়।
• একাডেমির "বর্ধমান হাউজে" একটি "ভাষা আন্দোলন জাদুঘর" আছে।
Ans : B.

76. বাংলা পিডিয়া'র প্রকাশক-
A. বাংলা একাডেমি B. ইতিহাস একাডেমি
C. বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি D. বাংলাদেশ ইতিহাস পরিষদ

ব্যাখ্যা : • বাংলাপিডিয়া : বাংলাদেশ জাতীয় জ্ঞানকোষ এর প্রকাশক বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি।
• এটি বাংলাদেশের প্রথম জাতীয় জ্ঞানকোষ।
• এই বিশ্বকোষ বাংলা ও ইংরেজি উভয় ভাষায় মুদ্রিত।
• বাংলাপিডিয়া ২০০৩ সালের জানুয়ারিতে ১০ খণ্ডে এর প্রথম সংস্করণ প্রকাশিত হয়।
• ২০০৯ সালে বাংলাপিডিয়ার দ্বিতীয় সংস্করণ প্রকাশের পরিকল্পনা নেওয়া হয়েছিলো এবং ২০১২ সালে তা প্রকাশ করা হয়।
Ans : C.

77. বাংলাদেশে তৈরী প্রথম যুদ্ধ জাহাজের নাম কি?
A. বানৌজা পদ্মা B. বানৌজা মেঘনা
C. বানৌজা যমুনা D. বানৌজা মধুমতি

ব্যাখ্যা : • বাংলাদেশের তৈরি প্রথম যুদ্ধ জাহাজের নাম বানৌজা পদ্মা।
• এটির নির্মাতা খুলনা শিপইয়ার্ড লিমিটেড।
• ২০১০ সালের এই জাহাজটির নির্মাণাদেশ দেয়া হয়।
• ২০১২ সালে জাহাজটিকে প্রথম বারের মত পানিতে ভাসানো হয়।
• ২০১৩-তে বানৌজা পদ্মা বাংলাদেশ নৌবাহিনীতে কমিশন পায়।
Ans : A.

78. বাংলাদেশের কোন অঞ্চলে চিনামাটি পাওয়া গেছে?
A. খুলনা B. মাদারীপুর
C. নেত্রকোনা D. দিনাজপুর

ব্যাখ্যা : • বাংলাদেশের নেত্রকোনা জেলার বিজয়পুরে চীনামাটির সন্ধান পাওয়া গেছে।
• চীনামাটি (White Clay or China Clay) কেওলিন কর্দম মণিক দ্বারা গঠিত উন্নতমানের কর্দম; প্রধানত সিরামিক শিল্পে ব্যবহৃত হয়ে থাকে।
• বাংলাদেশে গৃহস্থালি সামগ্রী হিসেবে চীনামাটির তৈরী তৈজসপত্রের ব্যাপক ব্যবহার রয়েছে।
Ans : C.

79. বাংলাদেশের সাদা সোনা (White Gold) কোনটি?
A. ইলিশ B. পাট
C. চিংড়ি D. রুপা

ব্যাখ্যা : • বাংলাদেশের সাদা সোনা বলা হয় চিংড়ি-কে।
• বাংলাদেশে রফতানি পণ্যগুলোর মধ্যে চিংড়ি অগ্রগণ্য।
• পোশাক শিল্পের পরই বড়মাপের রপ্তানি শিল্প চিংড়ি খাত।
• এছাড়া খাদ্য সামগ্রীর মধ্যে বৃহত্তম রপ্তানি খাত এই চিংড়ি চাষ।
• প্রতি বছর এ শিল্প থেকে আয় হয় কোটি কোটি মার্কিন ডলার।
Ans : C.

80. ভূমিকম্প পরিমাপক যন্ত্রের নাম কি?
A. ব্যারোমিটার B. সিসমোমিটার
C. ল্যাকটোমিটার D. থার্মোমিটার

ব্যাখ্যা : • ভূমিকম্প পরিমাপক যন্ত্রের নাম সিসমোমিটার।
• এই যন্ত্রের সাহায্যে প্রধানত ভূমিকম্প, অগ্নুৎপাত বা অন্য যে কোনও কারণে সংঘটিত ভূত্বকীয় বা ভূগর্ভস্থ কম্পনের তীব্রতা মাপা হয়।
• এই কম্পন-তীব্রতার তথ্য-উপাত্ত ভূতত্ত্ববিদদেরকে ভূগর্ভের মানচিত্র বানাতে, ভূমিকম্পের উৎস এবং তীব্রতা বিশ্লেষণে সাহায্য করে।
• পুরনো যুগে ব্যবহৃত এ যন্ত্রকে সাধারণত ইংরেজিতে "সিজমোগ্রাফ" নামে ডাকা হত।
Ans : B.

81. From Third World to First বই এর লেখক-
A. লি কুয়ান ইউ B. এ পি জে আবদুল কালাম
C. মাহাথির মোহাম্মদ D. ড. মুহাম্মদ ইউনুস

ব্যাখ্যা : • From Third World To First বইয়ের লেখক লী কুয়ান ইউ।
• লী কুয়ান ইউ (১৯২৩-২০১৫) সিঙ্গাপুরের একজন বিশিষ্ট রাজনীতিবিদ ছিলেন।
• মালয়েশিয়ার কাছ থেকে দেশ স্বাধীনতার পর তিনি সিঙ্গাপুরের প্রথম প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেন।
• তিনি ১৯৬৫ থেকে ১৯৯০ সাল পর্যন্ত দেশ পরিচালনা করেন।
• তাঁকে 'সিঙ্গাপুরের স্বাধীনতার জনক' হিসেবে আখ্যায়িত করা হয়।
• এছাড়াও তার নেতৃত্বে এক প্রজন্মের মধ্যেই দেশটি তৃতীয় বিশ্ব থেকে প্রথম বিশ্বের দেশের রূপান্তরিত হয়।
Ans : A.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

82. এভারেষ্ট বিজয়ী প্রথম বাংলাদেশী মহিলা কে?
A. নীনু B. নিশাত মজুমদার
C. ওয়াসফিয়া D. সালমা

ব্যাখ্যা : • এভারেস্ট বিজয়ী প্রথম বাংলাদেশী মহিলা নিশাত মজুমদার।
• তিনি ২০১২ সালের ১৯ মে শনিবার সকাল নয়টা ৩০ মিনিটে এভারেস্ট শৃঙ্গ জয় করেছেন।
• নিশাত মজুমদারের জন্ম ১৯৮১ সালে লক্ষীপুরে।
• বর্তমানে তিনি ঢাকা ওয়াসায় হিসাবরক্ষণ কর্মকর্তা হিসেবে কমরত।
Ans : B.

83. মহাকাব্য শাহনামা এর রচয়িতা কে?
A. শেখ সা'দী B. হাফিজ C. আলাওল D. ফেরদৌসী

ব্যাখ্যা : • মহাকাব্য শাহনামা এর রচয়িতা কবি ফেরদৌসি।
• এটি একই সাথে ইরানের ও সারা বিশ্বের ফার্সি ভাষাভাষী লোকদের জন্য জাতীয় মহাকাব্য।
• ফেরদৌসী ৯৭৭ থেকে ১০১০ সালের মধ্যে ৩০ বছরের অধিক সময় ধরে এই মহাকাব্য রচনা করেন।
• শাহনামায় প্রায় ষাট হাজার শ্লোক রয়েছে।
• ইরানের ইতিহাস ও ঐতিহ্যকে তুলে আনা হয়েছে এই মহাকাব্যে।
• বর্তমানে ইরান, তার পার্শ্ববর্তী ফার্সি ভাষায় কথা বলা আফগানিস্তান ও তাজাকিস্তানের লোকদের কাছে শাহনামা তাদের সাহিত্যের ধারক।
Ans : D.

84. মাউন্ট ব্লাঙ্ক পর্বত কোথায় অবস্থিত?
A. সিরিয়া-মিসর B. ইতালি-ফ্রান্স
C. ইসরাইল-জর্ডান D. যুক্তরাষ্ট্র-কানাডা

ব্যাখ্যা : • আল্পস পর্বতশ্রেণীর মাউন্ট ব্লাঙ্ক পর্বত ইতালি-ফ্রান্স এ অবস্থিত।
• এর উচ্চতা ৪৮০৭ মিটার।
• এটি ইউরোপের সর্বোচ্চ পর্বতশৃঙ্গ।
• উচ্চতায় এটি বিশ্বের ১১তম পর্বত।
Ans : B.

85. কার্ল মার্কস কোন দেশে জন্মগ্রহণ করেন?
A. জার্মানী B. রাশিয়া C. হাঙ্গেরী D. অস্ট্রিয়া

ব্যাখ্যা : • কার্ল মার্ক্স (১৮১৮ - ১৮৮৩) একজন দার্শনিক, অর্থনীতিবিদ, ইতিহাসবেত্তা, সমাজ বিজ্ঞানী, রাজনৈতিক তাত্ত্বিক, সমাজতান্ত্রিক বিপ্লবী।
• তাঁর জন্ম বর্তমান জার্মানিতে।
• সমগ্র মানব ইতিহাসের সবচেয়ে প্রভাবশালী ব্যক্তিত্বদের একজন মার্ক্স।
• মার্ক্সের সবচেয়ে গুরুত্বপূর্ণ রচনাগুলোর মাঝে রয়েছে তিন খণ্ডে রচিত পুঁজি এবং ফ্রিডরিখ এঙ্গেলসেরসাথে যৌথভাবে রচিত কমিউনিস্ট ইশতেহার (১৮৪৮)।
Ans : A.

86. কত সালে চিরস্থায়ী বন্দোবস্ত প্রবর্তন করা হয়?
A. ১৭৫৭ B. ১৮২৯ C. ১৮৫৭ D. ১৭৯৩

ব্যাখ্যা : • চিরস্থায়ী বন্দোবস্ত ১৭৯৩ সালে প্রবর্তন করা হয়।
• এর প্রবক্তা লর্ড কর্নওয়ালিস।
• এটি প্রশাসন কর্তৃক ইস্ট ইন্ডিয়া কোম্পানি সরকার ও বাংলার ভূমি মালিকদের (সকল শ্রেণির জমিদার ও স্বতন্ত্র তালুকদারদের) মধ্যে সম্পাদিত একটি স্থায়ী চুক্তি।
• এ চুক্তির আওতায় জমিদার ঔপনিবেশিক রাষ্ট্রব্যবস্থায় ভূ-সম্পত্তির নিরঙ্কুশ স্বত্বাধিকারী হন।
• জমির স্বত্বাধিকারী হওয়া ছাড়াও জমিদারগণ স্বত্বাধিকারের সুবিধার সাথে চিরস্থায়ীভাবে অপরিবর্তনীয় একটি নির্ধারিত হারের রাজস্বে জমিদারিস্বত্ব লাভ করেন।
Ans : D.

87. সম্রাট আলেকজান্ডারের শিক্ষাগুরু কে ছিলেন?
A. সক্রেটিস B. প্লেটো
C. এরিস্টোটল D. থিওফ্রাস্টাস

ব্যাখ্যা : • সম্রাট অ্যালেক্সান্ডার এর শিক্ষাগুরু ছিলেন অ্যারিস্টটল।
• এরিস্টটল (খ্রিষ্টপূর্ব ৩৮৪ - ৭ই মার্চ, খ্রিষ্টপূর্ব ৩২২) বিশ্ববিখ্যাত গ্রিক বিজ্ঞানী ও দার্শনিক।
• তাঁকে প্রাণীবিজ্ঞানের জনক বলা হয়। এছাড়া প্লেটোর সাথে যৌথভাবে তাঁকে "পশ্চিমা দর্শনের জনক" বলে অভিহিত করা হয়।
• এরিস্টটল সক্রেটিসও প্লেটোর দর্শনসহ তাঁর পূর্বের সময়ের বিদ্যমান বিভিন্ন দর্শনের জটিল ও সদৃশ সমন্বয় দেখান।
Ans : C.

88. Melissa কি?
A. ওয়েব সাইট B. সাইবার লিংক
C. কোম্পানী D. কম্পিউটার ভাইরাস

ব্যাখ্যা : মেলিসা এক ধরনের কম্পিউটার ভাইরাস। যা এক ধরনের কম্পিউটার প্রোগ্রাম যা ব্যবহারকারীর অনুমতি ছাড়াই কপি হতে পারে কিংবা মেটামর্ফিক ভাইরাসের মত তারা প্রকৃত ভাইরাসটি কপিগুলোকে পরিবর্তিত করতে পারে অথবা কপিগুলো নিজেরাই পরিবর্তিত হতে পারে। একটি ভাইরাস এক কম্পিউটার থেকে অপর কম্পিউটারে যেতে পারে।
Ans : D.

89. সামাজিক পরিবর্তনের উপাদান নয়-
A. বাসস্থান B. শিল্পায়ন C. শিক্ষা D. নগরায়ন

ব্যাখ্যা : • বাসস্থানকে সামাজিক পরিবর্তনের উপাদান হিসেবে গণ্য করা হয় না।
• বাংলাদেশের সমাজ পরিবর্তন দেশের আর্থ-সামাজিক, রাজনৈতিক, শিক্ষা, ধর্ম সংস্কৃতি প্রভৃতি ক্ষেত্র বিবেচনা করা হয়।
• সমাজের এ ক্ষেত্রসমূহে পরিবর্তনের মূলে রয়েছে সুনির্দিষ্ট কতকগুলো উপাদান।
• উপাদানগুলো হলঃ প্রাকৃতিক উপাদান, জৈবিক উপাদান, সাংস্কৃতিক উপাদান, শিক্ষা, প্রযুক্তি, যোগাযোগ, শিল্পায়ন ও নগরায়ণ ইত্যাদি।
Ans : A.

90. সতীদাহ প্রথা কবে রহিত হয়?
A. ১৮১৯ B. ১৮২৯ C. ১৮৩৯ D. ১৮৪৯

ব্যাখ্যা : • সতীদাহ প্রথা রহিত করা হয় ১৮২৯ সালে।
• এটি মধ্যযুগে হিন্দু সমাজে প্রচলিত একটি বিধবা নারীদের স্বামীর চিতায় সহমরণে বা আত্মাহুতি দেবার ঐতিহাসিক প্রথা।
• মুঘল সম্রাট হুমায়ুন (১৫০৮-১৫৫৬) সর্বপ্রথম সতীদাহের বিরুদ্ধে রাজকীয় হুকুম দেন
• পরে রাজা রামমোহন রায়ের ঐকান্তিক প্রচেষ্টায় এটি বন্ধ হয়।
Ans : B.

91. NATO ভুক্ত মুসলিম দেশ কোনটি?
A. বসনিয়া B. মিসর
C. মরক্কো D. আলবেনিয়া

ব্যাখ্যা : • NATO ভুক্ত মুসলিম দেশ হচ্ছে আলবেনিয়া।
• North Atlantic Treaty Organisation বা NATO ১৯৪৯ সালের প্রতিষ্ঠিত একটি সামরিক সহযোগিতার জোট।
• আটলান্টিক মহাসাগরের দুই পাড়ে অবস্থিত উত্তর আমেরিকার মার্কিন যুক্তরাষ্ট্র ও কানাডা এবং ইউরোপের অধিকাংশ দেশ এই জোটের সদস্য।
• ন্যাটো জোটভুক্ত দেশগুলোর পারস্পরিক সামরিক সহযোগিতা প্রদানে অঙ্গীকারাবদ্ধ।
• ন্যাটোর বর্তমান সদর দপ্তর বেলজিয়ামের ব্রাসেলসে।
• পূর্বে এর সদর দপ্তর ছিলো ফ্রান্সের প্যারিসে।
Ans : D.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

92. 'দুর্ভিক্ষ' ছবিটি কোন শিল্পীর আঁকা?
A. আব্দুর রাজ্জাক B. জয়নুল আবেদিন
C. পাবলো পিকাসো D. রনবী

ব্যাখ্যা : • 'দুর্ভিক্ষ' ছবিটি শিল্পাচার্য জয়নুল আবেদিন এর আঁকা।
• এটি ১৯৪৩ সালের দুর্ভিক্ষকে উপজীব্য করে আঁকা হয়।
• ১৯৪৩ সালের দুর্ভিক্ষ সাধারণত পঞ্চাশের মন্বন্তর (বাংলা ১৩৫০ সালে) হিসেবে পরিচিত গুরুতর দুর্যোগ।
• এতে প্রদেশের প্রায় ৩৮ লক্ষ মানুষের অর্থনৈতিক অবস্থা ও সামাজিক মর্যাদার লক্ষণীয় অবনতি ঘটে।
• ১৯৪৩ থেকে ১৯৪৬ সালব্যাপী দুর্ভিক্ষে এবং এর ফলে সৃষ্ট মহামারিতে ৩৫ থেকে ৩৮ লক্ষ লোক মারা যায়।
• উপমহাদেশে ১৭৭০ সালের পর যেসব দুর্ভিক্ষ আঘাত হানে তার মধ্যে এটি ছিল চরমতম।
**Ans : B.**

93. 'স্টাচু অব পিস' কোথায় অবস্থিত?
A. নাগাসাকি B. টোকিও
C. বেইজিং D. সিউল

ব্যাখ্যা : • 'স্ট্যাচু অব পিস' জাপানের নাগাসাকি শহরে অবস্থিত।
• এটি জাপানের এটমিক বোম্ব মিউজিয়াম এর পাশেই অবস্থিত।
• মূলত দ্বিতীয় বিশ্বযুদ্ধের পারমাণবিক আঘাতের স্মৃতি রক্ষার্থেই এটি তৈরি করা হয়।
• উল্লেখ্য এই শহরে ১৯৪৫ সালের ৯ই আগস্ট আমেরিকা পারমাণবিক বোমা বিস্ফোরণ ঘটায়।
• নাগাসাকিতে আঘাত হানা পারমাণবিক বোমাটির নাম ছিল ফ্যাট ম্যান এবং হিরোশিমায় আঘাত হানা বোমার নাম লিটল বয়।
**Ans : A.**

94. 'এপিকালচার' কি?
A. মৌমাছি চাষ B. মাছ চাষ
C. রেশম চাষ D. গবাদিপশু পালন

ব্যাখ্যা : • মৌমাছির চাষকে এপিকালচার বলা হয়।
• এটি মৌমাছির ল্যাটিন নাম হলো Apis থেকে উৎপন্ন।
• এছাড়া রেশমের (পোকার) চাষ - সেরিকালচার (সিল্ক এর ল্যাটিন নাম Sericum), মৎস্য চাষ - পিসিকালচার (মাছের ল্যাটিন নাম হলো Pisci (Pisces), উদ্যানবিদ্যা - হর্টিকালচার (ল্যাটিন Hortus শব্দের অর্থ হলো বাগান), পাখীপালন বিদ্যা - এভিকালচার (পাখির ল্যাটিন নাম হলো আরং) এবং চিংড়ি পালনবিদ্যা - প্রোউনকালচার (Prwanculature) নামে পরিচিত।
**Ans : A.**

95. 'লাস্ট সাপার' চিত্রকর্মটি সৃষ্টি করতে সময় লেগেছিল-
A. ১ বছর B. ২ বছর
C. ৩ বছর D. ৪ বছর

ব্যাখ্যা : • 'লাস্ট সাপার' চিত্রকর্মটি তৈরি করতে ৩ বছর সময় লেগেছিল।
• এটি ইতালীয় চিত্রশিল্পী লিওনার্দো দা ভিঞ্চির আঁকা বিখ্যাত দেয়াল চিত্রকর্ম।
• মোনালিসার পর এই ছবিটিকেই লিওনার্দোর সেরা কীর্তি হিসেবে মনে করা হয়।
• তবে এর সঠিক সময় সম্পর্কে পুরোপুরি জানা যায়নি। ধারণা করা হয় ১৪৯৫-১৪৯৮ খ্রিস্টাব্দের মধ্যবর্তী সময়ে ছবিটি আঁকা হয়েছিলো।
• ছবিটিতে মাঝখানে উপবিষ্ট যিশুখ্রিস্টকে তাঁর চারপাশে ১২ জন শিষ্যকে নিয়ে শেষ নৈশভোজরত অবস্থায় দেখা যায়। এই নৈশভোজের বর্ণনা রয়েছে জনের সুসমাচারের ১৩:২১ ছত্রে, যেখানে যিশু বলেন যে, তাঁর বারোজন শিষ্যের মধ্য হতে একজন পরদিনই তাঁর সাথে বিশ্বাসঘাতকতা করবে।
**Ans : C.**

96. SANA কোন দেশের সংবাদ সংস্থা?
A. ইয়েমেন B. সিরিয়া
C. সৌদি আরব D. ইরাক

ব্যাখ্যা : • S A N A সিরিয়ার সংবাদ সংস্থা।
• এর পূর্ণরূপ - Syrian Arab News Agency
• এটি সিরিয়ার তথ্য মন্ত্রণালয়ের সাথে সম্পৃক্ত।
• এটি ১৯৬৫ সালে প্রতিষ্ঠিত হয়।
**Ans : B.**

97. SIM এর পূর্ণরূপ কি?
A. Subscriber Identification Method
B. Subscriber Identity Method
C. Subscriber Identification Module
D. Subscriber Identity Module

ব্যাখ্যা : • SIM এর পূর্ণরূপ Subscriber Identity Module or Subscriber Identification Module.
• এটি এক প্রকার কার্ড যেখানে ব্যবহারকারীর তথ্য সংরক্ষিত থাকে।
• এটি মোবাইল ফোন বা কম্পিউটারে সংযুক্ত করে নেটওয়ার্কিং এর অন্তর্ভুক্ত হওয়া যায়।
• বর্তমান যোগাযোগ এর অন্যতম মাধ্যম মোবাইল ফোন ব্যবহার করতে গেলে SIM এর মাধ্যমে এই নেটওয়ার্কিং এ প্রবেশ করতে হয়।
**Ans : C & D.**

98. ট্রাম্প-কিম শীর্ষ বৈঠকটি সিঙ্গাপুরের কোথায় অনুষ্ঠিত হয়েছিল?
A. মেরিনা বে B. সেন্তোষা
C. ইষ্টানা আইল্যান্ড D. সেনার আইল্যান্ড

ব্যাখ্যা : • ট্রাম্প-কিম শীর্ষ বৈঠকটি সিঙ্গাপুরের সেন্তোষা দ্বীপে অনুষ্ঠিত হয়েছিল।
• এটি ২০১৮ সালের ১২ জুন অনুষ্ঠিত হয়।
• এ বৈঠক আয়োজন করতে দুই কোটি মার্কিন ডলার খরচ করছে সিঙ্গাপুর।
**Ans : B.**

99. লিথোগ্রাফি কি?
A. শিলালিপি B. দেয়ালচিত্র
C. ছাপচিত্রের একটি পদ্ধতি D. গ্রাফিক ডিজাইন

ব্যাখ্যা : • লিথোগ্রাফি মূলত ছাপচিত্রের একটি পদ্ধতি।
• পাথর, দস্তা বা এলুমিনিয়ামের পাত ব্যবহার করে ছাপানোর পদ্ধতিকে লিথোগ্রাফি বলে।
• লিথোগ্রাফিক পদ্ধতিতে ছাপার কাজে অক্ষরের পরিবর্তে কাগজের উপর কালি দিয়ে লিখে কাগজটিকে এক ধরনের চুনা পাথর-এর উপর চাপ দিলে পাথরের উপর ছাপ পড়ে।
• পরে ঐ লেখা কিছুটা ফুলে উঠলে তখন কালি দিয়ে ছাপলে ঐ লেখার ছাপ কাগজে উঠে আসে।
**Ans : C.**

100. গ্রিনল্যান্ডের মালিকানা কোন দেশের?
A. সুইডেন B. নেদারল্যান্ড
C. ডেনমার্ক D. ইংল্যান্ড

ব্যাখ্যা : • গ্রিনল্যান্ড হচ্ছে ডেনমার্কের মালিকানাধীন একটি দ্বীপ।
• এটি উত্তর আটলান্টিক ও আর্কটিক মহাসাগরের মধ্যে অবস্থিত।
• একটি সু-বৃহৎ দ্বীপ যা ডেনমার্কের একটি স্ব-নিয়ন্ত্রিত অংশ হিসেবে স্বীকৃত।
• দ্বীপটির অধিকাংশই আর্কটিক বৃত্তের উত্তর অংশে অবস্থিত।
• গ্রিনল্যান্ড পৃথিবীর বৃহত্তম দ্বীপ।
• এর আয়তন প্রায় ৮ লাখ ৩৬ হাজার ৩৩০ বর্গমাইল।
**Ans : C.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
গ্রুপ•ব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•শেয়ার

## ইউনিট : A (গ্রুপ-২)
### প্রথম বর্ষ (সম্মান) ভর্তি পরীক্ষা ২০১৮-১৯

### বাংলা

1. কোন পদের সন্ধি হয় না?
A. বিশেষ্য B. অব্যয় C. সর্বনাম D. বিশেষণ

ব্যাখ্যা : ক্রিয়া পদের সাথে সন্ধি হয় না। ক্রিয়ামূল বা ধাতুর সঙ্গে পুরুষ অনুযায়ী কালসূচক ক্রিয়াবিভক্তি যোগ করে ক্রিয়াপদ গঠন করা হয়। যেমন: 'পড়েছে' - পড় (ধাতু) + ছে (বিভক্তি)। বাংলা অব্যয় পদের সন্ধি হয়। যেমন- কিম্ + তু = কিন্তু, ইতি + আদি = ইত্যাদি।
**Ans : নাই।**

2. কোনটি ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের রচনা?
A. শর্মিষ্ঠা B. বেতালপঞ্চবিংশতি
C. বড়দিদি D. রায়নন্দিনী

ব্যাখ্যা : • শর্মিষ্ঠা - মাইকেল মধুসূদন দত্তের লেখা নাটক।
• বেতাল পঞ্চবিংশতি - ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের ১ম গ্রন্থ।
• বড় দিদি - শরৎচন্দ্র রচিত প্রথম প্রকাশিত উপন্যাস।
• রায়নন্দিনী - ইসমাইল হোসেন সিরাজীর উপন্যাস।
**Ans : B.**

3. কোনটি জীবনানন্দ দাশের কাব্য নয়?
A. রূপসী বাংলা B. সোনারতরী
C. বনলতা সেন D. ধূসর পাণ্ডুলিপি

ব্যাখ্যা : • জীবনানন্দ দাসের কাব্য : ঝরা পালক, ধূসর পাণ্ডুলিপি, বনলতা সেন, মহাপৃথিবী, সাতটি তারার তিমির, রূপসী বাংলা, বেলা অবেলা কালবেলা ইত্যাদি।
• সোনারতরী - রবীন্দ্রনাথ ঠাকুরের কাব্য।
**Ans : B.**

4. প্রমোদ প্রাকৃতজন উপন্যাসের প্রধান উপজীব্য কি?
A. ইতিহাস B. মুক্তিযুদ্ধ
C. ব্রিটিশ-বিরোধী আন্দোলন D. সাঁওতাল বিদ্রোহ

ব্যাখ্যা : প্রশ্নটিতে বানানজনিত ভুল আছে। 'প্রমোদ প্রাকৃতজন' নামে কোন উপন্যাস নেই। সঠিক নামের উপন্যাসটি হল- 'প্রদোষে প্রাকৃতজন।'
'প্রদোষে প্রাকৃতজন' সম্বন্ধে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
• এটি স্বনামধন্য ঔপন্যাসিক শওকত আলী রচিত বাংলা ভাষার ঐতিহাসিক উপন্যাস।
• ১৯৮৪ সালে প্রথম প্রকাশিত হয় দি ইউনিভার্সিটি প্রেস লিমিটেড থেকে।
• তুর্কিদের আক্রমণ ও সেন রাজাদের সময়ে বঙ্গদেশের প্রাকৃতজনদের কাহিনী বর্ণিত হয়েছে এ উপন্যাসে।
**Ans : A.**

5. পায়ের আওয়াজ পাওয়া যায় কাব্যনাট্যের বিষয় কি?
A. ভাষা আন্দোলন B. মুক্তিযুদ্ধ
C. স্বৈরশাসনবিরোধী আন্দোলন D. ছাত্র আন্দোলন

ব্যাখ্যা : সৈয়দ শামসুল হকের 'পায়ের আওয়াজ পাওয়া যায়' কাব্যনাটকের গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
• প্রকাশকাল - ১৯৭৬ সাল।
• বিষয়বস্তু - মুক্তিযুদ্ধ।
• রাজাকারের নাম - মাতব্বর।
• নিচের পাইকের হাতেই মারা পরেন - রাজাকার মাতব্বর।
• তাকে মারার সময় পাইক বলেন - 'আপনার কোনো ঈমান নাই।'
**Ans : B.**

6. বাংলা ভাষায় খাঁটি বাংলা উপসর্গের সংখ্যা-
A. ২০ B. ২১
C. ১৮ D. ২২

ব্যাখ্যা : বাংলা ভাষায় খাঁটি বাংলা উপসর্গ ২১টি যথা : অ, অঘা, অজ, অনা, আড়, আন্, আব্, ইতি, উন্ (উনা), কদ্, কু, নি, পাতি, বি, ভর, রাম, স, সা, সু, হা।
**Ans : B.**

7. মানুষের উচ্চারিত ধ্বনিসমষ্টিকে বলা হয়-
A. বর্ণ B. ভাষা
C. শব্দ D. বাক্য

ব্যাখ্যা : • মানুষ কণ্ঠ, মুখবিবর ও ওষ্ঠের সাহায্যে উচ্চারণ করে- ধ্বনি।
• ধ্বনির লিখিত রূপ - বর্ণ।
• মানুষের উচ্চারিত ধ্বনিসমষ্টিকে বলে - ভাষা।
• একাধিক শব্দ মিলে গঠন করে - বাক্য।
• ভাষার মূল উপাদান - ধ্বনি।
**Ans : B.**

8. শুদ্ধ বানান কোনটি?
A. 'মুহমহু' B. 'মুহর্মুহ'
C. 'মুহূর্মুহ' D. 'মুহুর্মুহু'

ব্যাখ্যা : কিছু অশুদ্ধ বানানের শুদ্ধরূপ :

| অশুদ্ধ শব্দ | শুদ্ধ শব্দ | অশুদ্ধ শব্দ | শুদ্ধ শব্দ |
|---|---|---|---|
| মুহর্মুহ | মুহুর্মুহু | গ্রামীন | গ্রামীণ |
| দুষিত | দূষিত | শষ্য | শস্য |
| দ্বন্ধ | দ্বন্দ্ব | সুপারিস | সুপারিশ |
| দুরাবস্থা | দুরবস্থা | অতিথী | অতিথি |
| মুহর্ত | মুহূর্ত | উচীৎ | উচিৎ |

**Ans : B.**

9. রবীন্দ্রনাথ ঠাকুরের ছোটগল্প রচনার স্বর্ণযুগ-
A. জোড়াসাকোয় B. শিলাইদহে
C. পতিসরে D. সাহাজাদপুরে

ব্যাখ্যা : • রবীন্দ্রনাথ ঠাকুরের জমিদারি ছিল : কুষ্টিয়ার শিলাইদহে।
• শিলাইদহে অবস্থানকালে তিনি - বহু ছোটগল্প রচনা করেন।
• তাঁর রচিত বিখ্যাত কাব্যগ্রন্থ 'সোনার তরী' শিলাইদহে বসে রচনা করেন।
• তাঁর ছোটগল্পের স্বর্ণযুগ - কুষ্টিয়ার শিলাইদহে।
**Ans : B.**

10. রবীন্দ্রনাথ ঠাকুর কোন রচনাটি কাজী নজরুল ইসলামকে উৎসর্গ করেন?
A. ঘরে বাইরে B. বসন্ত
C. মানসী D. গীতাঞ্জলি

ব্যাখ্যা : বাংলা সাহিত্যে উৎসর্গকৃত গুরুত্বপূর্ণ বই :

| রচয়িতা | রচনার নাম | যাকে উৎসর্গ করা হয় |
|---|---|---|
| রবীন্দ্রনাথ ঠাকুর | বসন্ত | কাজী নজরুল ইসলাম |
| কাজী নজরুল | সঞ্চিতা | রবীন্দ্রনাথ ঠাকুর |
| রবীন্দ্রনাথ ঠাকুর | কালের যাত্রা | শরৎচন্দ্র চট্টোপাধ্যায় |
| কাজী নজরুল | চোখের চাতক | প্রতিভা বসু রানু |
| কাজী নজরুল | রবিহারা | রবী ঠাকুরের মৃত্যু শোকে রচিত |

**Ans : B.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

11. রবীন্দ্রনাথের 'মুক্তধারা'-
A. একটি কাব্য B. একটি নাটক
C. একটি প্রবন্ধ D. একটি নৃত্যনাট্য

ব্যাখ্যা : রবীন্দ্রনাথ ঠাকুরের নাটক : রাজা, অচলায়তন, ডাকঘর, মুক্তধারা, রক্তকরবী, চিরকুমার সভা, মুকুট, মুক্তির উপায়, রুদ্রচণ্ড, বাল্মীকি প্রতিভা, বসন্ত, কালের যাত্রা, তাসের দেশ, বিসর্জন, নটীর পূজা, মালিনী, রাজা ও রানী ইত্যাদি।
**Ans : B.**

12. শ্যামাসঙ্গীত রচনা করেছেন কে?
A. রবীন্দ্রনাথ ঠাকুর B. কাজী নজরুল ইসলাম
C. মাইকেল মধুসূদন দত্ত D. সুফিয়া কামাল

ব্যাখ্যা : শ্যামাসংগীত :
- কালী বিষয়ক বাংলা ভক্তিগীতির একটি জনপ্রিয় ধারা। এই শ্রেণীর সঙ্গীত শাক্তপদাবলির একটি বিশিষ্ট পর্যায়।
- শ্যামাসঙ্গীতের ধারাটি বিকাশলাভ করে অষ্টাদশ শতাব্দীতে।
- এই সঙ্গীতের শ্রেষ্ঠ কবি রামপ্রসাদ সেন।
- বিংশ শতাব্দীর শ্রেষ্ঠ শ্যামাসংগীতকার কাজী নজরুল ইসলাম।

**Ans : B.**

13. কাব্য-গঠনে সনেট এর উৎস কোন দেশ?
A. বাংলাদেশ B. ইতালি
C. চীন D. গ্রীস

ব্যাখ্যা : • সনেটের বাংলা শব্দ - চতুর্দশপদী কবিতাবলী।
- সনেটের প্রবর্তক - পেত্রার্ক।
- পেত্রার্ক ইতালির কবি ছিলেন।
- বাংলা সনেটের প্রবর্তক - মধুসূদন দত্ত।

**Ans : B.**

14. সূর্য-দীঘল বাড়ি গ্রন্থের প্রধান বিষয় কি?
A. প্রেম B. দেশপ্রেম
C. গ্রামীন কুসংস্কার D. বিশ্বযুদ্ধ

ব্যাখ্যা : 'সূর্য দীঘল বাড়ি' উপন্যাসের গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- এটি আবু ইসহাকের প্রথম উপন্যাস।
- প্রকাশকাল - ১৯৫৫ সাল।
- চলচ্চিত্র হিসেবে মুক্তি পায় - ১৯৭৯ সালে।
- এ গ্রন্থের প্রধান বিষয় - গ্রামীণ কুসংস্কার।
- প্রধান চরিত্র - জয়গুণ (নারী চরিত্র)
- ঔপন্যাসিক এ উপন্যাসের জন্য বাংলা একাডেমি পুরস্কার পান - ১৯৬২-১৯৬৩ সালে।

**Ans : C.**

15. 'স্বাধীনতা হীনতায় কে বাঁচিতে চায় হে...' কার রচিত পঙ্‌ক্তি?
A. আব্দুল হাকিম B. রঙ্গলাল সেন
C. আলাওল D. সুভাষ মুখোপাধ্যায়

ব্যাখ্যা : কিছু গুরুত্বপূর্ণ পঙ্‌ক্তি ও লেখকের নাম -
- 'মম এক হাতে বাঁকা বাঁশের বাঁশরী আর হাতে রণ-তূর্য'- কাজী নজরুল ইসলাম।
- 'যে মোরে করিল পথের বিবাসী, পথে পথে আমি ফিরি তারি লাগি'- জসীমউদ্দীন।
- 'স্বাধীনতা হীনতায় কে বাঁচিতে চায়'- রঙ্গলাল সেন।
- 'বাংলার মুখ আমি দেখিয়াছি, তাই আমি পৃথিবীর রূপ দেখিতে চাইনা আর।'- জীবনানন্দ দাস।
- 'কালো আর ধলো বাহিরে কেবল, ভিতরে সবারি সমান রাঙা।'- সত্যেন্দ্রনাথ দত্ত।

**Ans : B.**

16. 'দেশান্তর' কোন সমাসের উদাহরণ?
A. উপপদ B. প্রাদি C. নিত্য D. উপমান

ব্যাখ্যা : নিত্য সমাস : যে সমাসে সমস্যমান পদগুলো নিত্য সমাসবদ্ধ থাকে, ব্যাসবাক্যের দরকার হয় না, তাকে নিত্য সমাস বলে।
উদাহরণ : অন্য গ্রাম-গ্রামান্তর। এরূপ :
- অন্য দেশ - দেশান্তর
- কেবল দর্শন - দর্শনমাত্র
- সমস্ত গ্রাম - গ্রামসুদ্ধ
- অন্য গৃহ - গৃহান্তর
- এই ঘর - ঘরখানা
- অনেক মানুষ - মানুষগুলি

**Ans : C.**

17. 'যে জন বঙ্গেতে জন্মে হিংসে বঙ্গবাণী' কার লেখা?
A. আবদুল হাকিম B. শাহ মুহম্মদ সগীর
C. এন্টনি ফিরিঙ্গি D. আবদুল হামিদ

ব্যাখ্যা : নিচে কিছু পঙ্‌ক্তি ও লেখকের নাম–
- 'পথিক, তুমি পথ হারাইয়াছ'- বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়।
- যে জন বঙ্গেতে জন্মে হিংসে বঙ্গবাণী'- আব্দুল হাকিম।
- 'এ ভরা বাদর মাহ ভাদর শূন্য মন্দির মোর'- বিদ্যাপতি।
- 'মরিতে চাহিনা আমি সুন্দর ভুবনে, মানবের মাঝে আবি বাঁচিবার চাই।'- রবীন্দ্রনাথ ঠাকুর।
- 'মহাজ্ঞানী মহাজন, যে পথে করে গমন, হয়েছেন প্রাতঃস্মরণীয়' - হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়।

**Ans : A.**

18. 'নেমেসিস' কি?
A. নাটক B. প্রবন্ধ সংকলন
C. ভাষাবিজ্ঞানী D. কবিতাগ্রন্থ

ব্যাখ্যা : নেমেসিস সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য :
- নেমেসিস নুরুল মোমেনের বিখ্যাত নাটক।
- প্রকাশিত হয় ১৯৪৪ সালে।
- এটি মন্বন্তরভিত্তিক নাটক।
- এটি প্রথমে প্রকাশিত হয় - শনিবারের চিঠি পত্রিকায় (১৯৪৪ সালে)
- গ্রন্থাকারে প্রকাশিত হয় - ১৯৪৮ সালে।

**Ans : A.**

19. 'পর্বতের মূষিক প্রসব' কথাটির অর্থ কি?
A. বিরাট সম্ভাবনা B. কল্পনার আধার
C. কণ্ঠরোধ করা D. কন্যাদান

ব্যাখ্যা : নিচে কিছু গুরুত্বপূর্ণ বাগধারা :

| বাগধারা | অর্থ | বাগধারা | অর্থ |
|---|---|---|---|
| পর্বতের মূষিক প্রসব | বিরাট সম্ভাবনা | অপুষ্যি | কুপোষ্য |
| অতশয় | কহরকম ব্যাপার | অপোগন্ড | নাবালক |
| অন্ধবেগ | প্রচন্ড গতি | অভ্রালাগা | বিঘ্ন ঘটা |
| অন্ন মারা | চাকরি খাওয়া | অভাজন | হতভাগা |
| অপাট করা | বিশৃঙ্খল করা | অল্পপ্রাণ | অনুদান |

- 'পর্বতের মূষিক প্রসব' প্রবচনটি অলংকারিক অর্থে ব্যবহৃত হয়েছে। যার অর্থ হলো বিরাট সম্ভাবনা সত্ত্বেও অতি সামান্য ফললাভ বা বিপুল উদ্যোগে তুচ্ছ আয়োজন।

**Ans : A.**

20. 'পরস্পর' কোন ধরনের সর্বনাম?
A. ব্যক্তিবাচক B. সংখ্যাবাচক C. সমষ্টিবাচক D. ব্যতিহারিক

ব্যাখ্যা : নিচে কয়েক প্রকার সর্বনামের উদাহরণ দেওয়া হলো :
- ব্যতিহারিক - পরস্পর, নিজে নিজে, আপসে।
- সাকল্যবাচক - সব, সকল, সমুদয়, তাবৎ।
- অন্যাদিবাচক - অন্য, অপর, পর ইত্যাদি।
- সংযোগজ্ঞাপক - যে, যিনি, যাঁরা, যাহারা।
- সামীপ্যবাচক - এ, এরা, ইহারা, ইনি।

**Ans : D.**

•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

21. 'উত্তরাধিকার' কাব্যটি লিখেছেন-
A. মহাদেব সাহা B. দিলওয়ার
C. আল মাহমুদ D. শহীদ কাদরী

ব্যাখ্যা : • শহীদ কাদরীর - জন্ম : ১৯৪২ সালে, মৃত্যু : ২০১৬ সালে।
• তাঁর প্রকাশিত কাব্যগ্রন্থের সংখ্যা - চারটি।
• তিনি 'বাংলা একাডেমি' পুরস্কারপান - ১৯৭৩ সালে।
• তিনি 'একুশে পদক' লাভ করেন - ২০১১ সালে।
• তাঁর কাব্য সমূহ - উত্তরাধিকার, তোমাকে অভিবাদন প্রিয়তমা, কোথাও কোন ক্রন্দন নেই, আমার চুম্বন পৌছে দাও।
Ans : D.

22. 'মৃত্তিকা দিয়ে তৈরী' এর বাক্য সংকোচন হবে-
A. মেঠো B. মন্ময়
C. মৃন্ময় D. চিন্ময়

ব্যাখ্যা : কিছু গুরুত্বপূর্ণ বাক্য সংক্ষেপণ-
• মৃত্তিকা দিয়ে তৈরি - মৃন্ময়।
• মক্ষা প্রবেশ করতে পারে না যেখানে - নির্মক্ষিক।
• মাটি ভেদ করে ওঠে যা - উদ্ভিদ।
• মুক্তি পেতে ইচ্ছুক - মুমুক্ষু।
• মরার মত - মৃতবৎ।
Ans : C.

23. 'সবুজপত্র' পত্রিকার সম্পাদক ছিলেন-
A. প্রমথ চৌধুরী B. রাজা রামমোহন রায়
C. বুদ্ধদেব বসু D. শামসুর রাহমান

ব্যাখ্যা : কিছু পত্রিকা ও সম্পাদকের নাম -

| পত্রিকা | সম্পাদক |
|---|---|
| সবুজ পত্র | প্রমথ চৌধুরী |
| সাধনা | রবীন্দ্রনাথ ঠাকুর |
| নবনূর | সৈয়দ এমদাদ আলী |
| মোসলেম ভারত | মোজাম্মেল হক |
| ধূমকেতু | কাজী নজরুল ইসলাম |

Ans : A.

24. 'সুখ সকলের কাম্য' বাক্যটির সঠিক প্রশ্নবোধক রূপ কোনটি?
A. সুখ কি কাম্য নয়? B. সুখ কার না কাম্য?
C. কার না সুখ কাম্য? D. কে সুখ চায় না?

ব্যাখ্যা : 'সুখ সকলের কাম্য' এটি একটি বিবৃতিমূলক বাক্য। এই বাক্যের প্রশ্নবোধক রূপ : 'সুখ কার না কাম্য'?
Ans : B.

25. 'জঙ্গম' এর বিপরীত শব্দ-
A. স্থাবর B. অরণ্য
C. পর্বত D. সমুদ্র

ব্যাখ্যা : কিছু গুরুত্বপূর্ণ বিপরতি শব্দ :

| মূলশব্দ | বিপরীত শব্দ | মূলশব্দ | বিপরীত শব্দ |
|---|---|---|---|
| জঙ্গম | স্থাবর | বিশ্লিষ্ট | সংশ্লিষ্ট |
| প্রারম্ভ | শেষ | সংহত | বিভক্ত |
| প্রশস্তি | কুৎসা | সত্বর | ধীর |
| নিবৃত্তি | প্রবৃত্তি | হৃদ্যতা | কপটতা |
| নির্বাপণ | প্রজ্জ্বলন | হর্তা | ভর্তা |

Ans : A.

26. 'জাদু' শব্দটি কোন ভাষা থেকে আগত?
A. ফারসি B. আরবি
C. উর্দু D. ফরাসি

ব্যাখ্যা : 'জাদুঘরে কেন যাব' গল্পের গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
• রাণী ভিক্টোরিয়ার নামাঙ্কিত স্মৃতিসৌধ অবস্থিত - কলকাতায়।
• জাদু শব্দটি এসেছে - ফারসি ভাষা থেকে।
• এখন খুবই প্রচলিত - উন্মুক্ত জাদুঘর।
• মিরপুর সেনানিবাসের প্রবেশদ্বারে অবস্থিত - সামরিক জাদুঘর।
• বাংলাদেশের সবচেয়ে প্রাচীন জাদুঘর - বরেন্দ্র জাদুঘর।
Ans : A.

27. 'লিমেরিক' কি?
A. গ্রন্থের নাম B. সাহিত্যের রূপক
C. বিশেষ ধরণের পদ্যছন্দ D. আন্দোলনের প্রবণতা

ব্যাখ্যা : • 'লিমেরিক' ছোট কবিতার এক অনন্য রচনা শৈলী। লিমেরিক স্থান থেকে আগত বলে এর নাম হয় 'লিমেরিক'।
• লিমেরিককে বলা হয় পাঁচ লাইনের কবিতা। এটি একটি বিশেষ পদ্যছন্দ।
Ans : C.

28. 'তৃষ্ণার্ত' শব্দটির সন্ধি বিচ্ছেদ কোনটি?
A. তৃষ্ণ + আর্ত B. তৃষ্ণা + ঋত
C. তৃষ্ণ + ঋর্ত D. তৃষ্ণ + রিত

ব্যাখ্যা : কিছু গুরুত্বপূর্ণ সন্ধি বিচ্ছেদ-

| নভঃ + চর | নভশ্চর | এক + দশ | একাদশ |
|---|---|---|---|
| দুঃ + ছেদ্য | দুশ্ছেদ্য | সম + শ্লেষ | সংশ্লেষ |
| সদ্যঃ + ছিন্ন | সদ্যশ্ছিন্ন | দিক্ + নাগ | দিঙনাগ |
| ষট্ + দশ | ষোড়শ | সৎ + মতি | সম্মতি |
| পশ্চাৎ + অর্ধ | পশ্চার্ধ | কিম + বা | কিংবা |
| দিব + লোক | দ্যুলোক | উৎ + যম | উদ্যম |

Ans : B.

29. 'তামার বিষ' অর্থ কি?
A. মোসাহেবি B. শ্রমবিমুখ
C. হতাবশিষ্ট D. অর্থের কুপ্রভাব

ব্যাখ্যা : নিচে কিছু গুরুত্বপূর্ণ বাগধারা দেওয়া হলো :

| | | | |
|---|---|---|---|
| তামার বিষ | অর্থের কুপ্রভাব | টি টি পড়া | কলঙ্ক |
| অন্ধি সন্ধি | ফাঁকফোকর | পায়াভারি | অহংকার |
| ছাতিঠোকা | আস্ফালন করা | লগন চাঁদ | ভাগ্যবান |
| কেতা দুরস্ত | পরিপাটি | রাহুর দশা | দুঃসময় |
| গয়ংগচ্ছ | ঢিলেমি | উলু খাগড়া | নগন্য ব্যক্তি |

Ans : D.

30. শিউলিমালা কাজী নজরুলের-
A. একটি কাব্য B. একটি গল্পগ্রন্থ
C. উপন্যাস D. নাটক

ব্যাখ্যা : কাজী নজরুল ইসলামের গল্পগ্রন্থ মোট তিনটি। যথা : ব্যাথার দান, রিক্তের বেদন ও শিউলিমালা।
Ans : B.

2 in 1
ঢাকা বিশ্ববিদ্যালয়-এর শতভাগ ব্যাখ্যা সম্বলিত
পানকৌড়ি প্রশ্নব্যাংক এবং Written সাজেশন
♦ বিজ্ঞান - A Unit ♦ ব্যবসায় - C Unit
♦ মানবিক ও বিভাগ পরিবর্তন -B Unit
(বিগত ঢাবি 'D Unit' এর প্রশ্ন ও ব্যাখ্যা সংযোজিত)

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

## English

**31. 'Brevity is the soul of wit.' Here the phrase 'the soul of wit' means-**
A. the proof of intelligence
B. the precondition of intelligence
C. the essence of intelligence
D. the hallmark of humour

ব্যাখ্যা : "Brevity is the soul of wit" - গুণসম্মত অল্প বস্তু গুণহীন অধিক বস্তু অপেক্ষা শ্রেয়।
এখানে, "the soul of wit" দিয়ে বুদ্ধিমত্তার সারাংশ/ভাবকে বুঝানো হয়েছে। তাই the essence of intelligence হবে সঠিক।
**Ans : C.**

**32. A bibliophile is a person who-**
A. loves the Holy Bible B. studies a lot
C. collect old books D. loves or collect books

ব্যাখ্যা : Bibliophile – বইপ্রেমী (A person who loves or collects books).
**Ans : D.**

**33. Beggars cannot be ____. Choose the word that best completes the sentence-**
A. choosers B. reliable
C. honest D. dishonest

ব্যাখ্যা : Beggars cannot be choosers - ভিক্ষার চাল কাঁড়া আর আঁকাড়া।
**Ans : A.**

**34. Choose the correct meaning of 'Articulate'-**
A. to insert articles B. Artistic
C. to express clearly D. to charm

ব্যাখ্যা : Articulate – স্পষ্টভাবে এবং পরিষ্কার করে বলা – to express clearly and feeling easily and clearly.
**Ans : C.**

**35. Choose the correct sentence-**
A. What are you talking about?
B. About what you are talking?
C. You are talking about what?
D. What about you are talking?

ব্যাখ্যা : এটি wh question এর উদাহরণ-
**Wh Question এর structure-**
Wh word + auxiliary verb + subject + main verb + object + ?
**Example :** When will you leave?
অনুরূপভাবে : What are you talking about?
**Ans : A.**

**36. Choose the correct spelling-**
A. Exaggerate B. Egzagerate
C. Egzajerate D. Exajerate

ব্যাখ্যা : Exaggerate - অতিরঞ্জন করা ; বাড়িয়ে বলা।
এরকম আরো কিছু গুরুত্বপূর্ণ spelling -

| | |
|---|---|
| Concede | Accommodate |
| Lieutenant | Recommendation |
| Psychology | Censure |

**Ans : A.**

**37. Choose the right part of speech of the underlined word. His answer was a decided <u>no</u>.**
A. adverb B. adjective
C. noun D. verb

ব্যাখ্যা : • Determiner + Noun.
• Determiner + Adj. + Noun.
• Determiner + Adv. + Adj. + Noun.
এখানে, Determiner (a) এর পর ২টি word আছে তাই প্রথমটি Adjective এবং পরেরটি Noun. সুতরাং এখানে No হল Noun.
**Ans : C.**

**38. Complete the sentence: Beware of that wolf ___**
A. in sheep's clothing B. behind the bush
C. on a hunt D. behind you

ব্যাখ্যা : "Beware of that wolf in sheep's clothing - বন্ধুর ছদ্মবেশে লুকিয়ে থাকা শত্রু হতে সাবধান।
**Ans : A.**

**39. Complete the sentence: The inquiry has brought _____ many interesting facts.**
A. to us B. to lights
C. to board D. to stand

ব্যাখ্যা : • Bring to light - প্রকাশ করা / উদঘাটন করা।
• Bring on board - নিযুক্ত করা।
• Bring to stand - থামানো।
এখানে, উদঘাটন করা বুঝাতে bring to light হবে।
**Ans : B.**

**40. Do not hanker ___ fame. The missing preposition is-**
A. in B. into
C. towards D. after

ব্যাখ্যা : Hanker after - লালায়িত হওয়া।
কিছুর লোভে পিছনে ছুটা বুঝাতে 'hanker after' হয়।
**Ans : D.**

**41. Don't put all your eggs in one basket. The statement expresses-**
A. anxiety B. hope
C. possibility D. caution

ব্যাখ্যা : • Anxiety - উদ্বিগ্নতা • Hope - আশা
• Possibility - সম্ভাবনা • Caution - সতর্কতা
"Don't put all your eggs in one basket" এই বাক্যের অর্থ "সবগুলো ডিম একটি ঝুড়িতে রেখো না।" যা সতর্কতা বুঝায়।
সুতরাং, caution হবে সঠিক উত্তর।
**Ans : D.**

**42. He has a good job, _____. Complete the sentence by choosing the clause that makes it compound-**
A. as he works hard
B. yet he never seems to have any money
C. thought he is unhappy
D. since he is very competent

ব্যাখ্যা : "He has a good job, yet he never seems to have any money." এই বাক্যের অর্থ, "অনেক ভালো একটি চাকরী থাকার পরেও তার কাছে কখনো টাকা থাকে না।"
**Ans : B.**

শিক্ষায় সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

43. He managed to get home without further mishap. The word 'mishap' means-
A. difficulty
B. a small accident or piece of bad luck
C. mischief
D. wrong deed

ব্যাখ্যা : Mishap - Accident, Trouble.
Ans : B.

44. He said to me, "Who has done the work?" The correct indirect form of this sentence is-
A. He asked me who did the work.
B. He asked me who had done the work.
C. He asked me by whom was the work done.
D. He asked me who the work had done.

ব্যাখ্যা : এখানে, Direct speech এ reporting verb past tense এ আছে এবং প্রশ্নবোধক বাক্য তাই asked হবে indirect speech এ। Reporting speech এ present perfect তাই indirect sentence এ past perfect হবে।
Ans : B.

45. I know <u>how he struggled against poverty</u>. The underlined clause is a/an-
A. Noun clause	B. Main clause
C. Adjective clause	D. Adverbial clause

ব্যাখ্যা : এখানে, underlined অংশটুকু noun clause. কারণ আমরা জানি, what দিয়ে প্রশ্ন করলে noun clause পাওয়া যায়। Underlined অংশটি what দিয়ে প্রশ্ন করলে পাওয়া যায়। সুতরাং, এটা noun clause.
Ans : A.

46. I know <u>where he lives</u>. The underlined part is-
A. an adverbial clause	B. a noun clause
C. an adjective clause	D. the principal clause

ব্যাখ্যা : এখানে, underlined অংশটুকু noun clause. কারণ আমরা জানি, what দিয়ে প্রশ্ন করলে noun clause পাওয়া যায়। Underlined অংশটি what দিয়ে প্রশ্ন করলে পাওয়া যায়। সুতরাং, এটা noun clause.
Ans : B.

47. I wish I ____ the answer. The correct verb in the blank is-
A. should know	B. knew
C. have known	D. will know

ব্যাখ্যা : Wish এর নিয়মের example এর structure -
Sub. + Wish + Sub. + $V_2$ + Object.
Example : I wish I had a lot of money.
অনুরূপভাবে : I wish I knew the answer.
Ans : B.

48. If you had studied harder, you _____ in the admission test.
Fill in the gap with the right option.
A. qualified	B. would have qualified
C. will qualify	D. qualify

ব্যাখ্যা : বাক্যটি 3rd conditional এর উদাহরণ।
এর structure - If + past perfect, sub + would/could/might + have + $v_3$ + object.
যেমন, If you had come early, You could have joined the meeting.
অনুরূপভাবে, If you had studied harder, You would have qualified in the admission test.
Ans : B.

49. Near the forest, police found a sick old Ronhinga lying on his back and crying piteously for help. The underlined phrase is a/an-
A. noun phrase	B. verb phrase
C. adjective phrase	D. adverbial phrase

ব্যাখ্যা : এখানে, "near the forest" এই অংশটুকু বাক্যের verb found কে modify করছে। সুতরাং, এটি adverbial phrase.
Ans : D.

50. The Bangla translation of 'I have come on time.' is-
A. আমি সময় শেষ হওয়ার আগেই এসেছি।
B. আমি সময় হওয়া মাত্রই এসেছি।
C. আমি সময়ে এসেছি।
D. আমি সঠিক সময়ে এসেছি।

ব্যাখ্যা : • On time - সময় হওয়া মাত্র/ঠিক নির্দিষ্ট সময়ে।
• In time - নির্দিষ্ট সময়ের মধ্যে।
এখানে, on time আছে তাই সঠিক অনুবাদ হবে- আমি সঠিক সময়ে এসেছি।
Ans : D.

51. The book comprises _____ 9 chapters.
Fill in the gap with the right option.
A. in	B. of
C. with	D. no preposition is required

ব্যাখ্যা : • Comprise/Comprises এরপর of বসে না।
• Comprised এরপর of বসে।
Ans : D.

52. The English translation of 'তোমার বাবার পেশা কি'-
A. What job is your father with?
B. Who is your father?
C. What is your father doing?
D. What does your father do?

ব্যাখ্যা : What does your father do? - তোমার বাবার পেশা কী?
সাধারণত, পেশা জানতে এইভাবে question করা হয়।
what + do/does + subject + do + ? বসে।
যেমন- What do you do?
অনুরূপভাবে, What does your father do?
Ans : D.

53. The old man looked at me blankly. The underlined word means-
A. earnestly	B. happily
C. meaninglessly	D. angrily

ব্যাখ্যা : Blankly - in a way that shows no interest or emotion/ meaninglessly.
Ans : C.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**54. The opposite of 'subsequent' is-**

A. previous B. later
C. early D. frequent

ব্যাখ্যা : Subsequent - পরবর্তী।
**Synonym :** Following, Cater, Up coming, Successive.
**Antonym :** Previous, Prior, Former, Carrier.
**Ans : A.**

**55. The programme will start ____ 15 minutes. Choose the right preposition for the gap.**

A. by B. at C. in D. about

ব্যাখ্যা : in + specific time - নির্দিষ্ট সময়ের মধ্যে।
এখানে, অনুষ্ঠানটি পনেরো মিনিটের মধ্যে শুরু হবে বুঝাতে in 15 minutes হবে।
**Ans : C.**

**56. The South Pole is too cold for human beings to live in It is a-**

A. complex sentence B. simple sentence
C. compound sentence D. conditional sentence

ব্যাখ্যা : Too....... to থাকলে কোনো বাক্য simple sentence হয়।
**Example :** It is too cold to swim.
**Ans : B.**

**57. The United Nations was founded ____ resolving global conflicts. Choose the correct words-**

A. in view of B. with the view of
C. in order of D. with a view to

ব্যাখ্যা : With a view to - কোনো উদ্দেশ্যে/লক্ষ্যে।
এখানে, বাক্যটির অর্থ হয়- "জাতিসংঘ গঠিত হয়েছিল বৈশ্বিক সংকটসমূহ নিরসনের উদ্দেশ্যে।" সুতরাং, উদ্দেশ্য বুঝাতে with a view to হবে।
**Ans : D.**

**58. The word 'ringleader' is connected with-**

A. politics B. sports
C. business D. crime

ব্যাখ্যা : Ring leader - The leader of a group of people who are committing a crime.
**Ans : D.**

**59. This is the book I lost. The underlined clause is a/an-**

A. Noun clause B. Main clause
C. Adjective clause D. Adverbial clause

ব্যাখ্যা : "This is the book <u>I lost</u>." এখানে, "I lost" এই অংশটুকু the book কে modify করছে না একটি noun. সুতরাং, এটি একটি adjective clause.
**Ans : C.**

**60. Which one is the correct sentence?**

A. You didn't use to swimming, did you?
B. You usen't to swim, do you?
C. You aren't used to swimming, did you?
D. You aren't used to swimming, are you?

ব্যাখ্যা : অতীতের কোনো অভ্যাস বুঝাতে used to হয়।
**Structure :** used to + v (base)
be verb/get/become + used to + v(ing).
**Example :** I am used to going.
অনুরূপভাবে, এখানে, You aren't used to swimming, are you? হবে।
**Ans : D.**

## সাধারণ জ্ঞান

**61. নোবেল পুরস্কার কবে থেকে চালু হয়?**

A. ১৯০১ B. ১৯০৫ C. ১৯১০ D. ১৯০০

ব্যাখ্যা : • নোবেল পুরষ্কার ১৯০১ সাল থেকে চালু হয়।
• এটি মূলত সারা পৃথিবীর বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানকে সফল এবং অনন্য সাধারণ গবেষণা ও উদ্ভাবন এবং মানবকল্যাণমূলক তুলনারহিত কর্মকাণ্ডের জন্য এই পুরস্কার প্রদান করা হয়।
• বিষয়গুলো হল: পদার্থবিজ্ঞান, রসায়ন, চিকিৎসা শাস্ত্র, অর্থনীতি, সাহিত্য এবং শান্তি মোট ছয়টি বিষয়ে পুরস্কার প্রদান করা হয়।
• নোবেল পুরস্কারপ্রাপ্তদেরকে ইংরেজিতে নোবেল লরিয়েট বলা হয়।
• স্টকহোম, সুইডেনে এই পুরস্কার প্রদান অনুষ্ঠান আয়োজন করা হয়। শুধুমাত্র শান্তিতে নোবেল পুরস্কার প্রদান করা হয় অসলো, নরওয়ে থেকে।
**Ans : A.**

**62. প্রেসিডেন্সী কলেজের অপর নাম-**

A. বিদ্যাসাগর কলেজ B. উলুবেড়িয়া কলেজ
C. হিন্দু কলেজ D. সেন্টাল কলেজ

ব্যাখ্যা : • প্রেসিডেন্সী কলেজের অপর নাম হিন্দু কলেজ।
• ১৮১৭সালে হিন্দু কলেজ নামে এটি স্থাপিত হয়।
• ভদ্র হিন্দু ঘরের সন্তানদেরকে ইংরেজি ও ভারতীয় ভাষাসমূহ, তৎসহ ইউরোপ ও এশিয়ার সাহিত্য ও বিজ্ঞান বিষয়ে শিক্ষাদান ছিল এই কলেজ স্থাপনের প্রাথমিক উদ্দেশ্য।
• পরে কিছু বাধ্যতামূলক ও প্রাসঙ্গিক বিবেচনার কারণে ১৮৫৫ সালে এর নতুন নামকরণ হয় প্রেসিডেন্সি কলেজ।
**Ans : C.**

**63. ভেটো শব্দের অর্থ কি?**

A. আমি এটা মানি না B. আমি এটা জানি না
C. আমি কোন মতামত দিব না D. আমি সমর্থন করি

ব্যাখ্যা : • ভেটো শব্দের অর্থ– আমি এটা মানি না।
• মূলত একপক্ষীয়ভাবে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান, সংস্থা, দেশের মনোনীত প্রতিনিধি কর্তৃক কোন সিদ্ধান্ত বা আইনের উপর স্থগিতাদেশ প্রদান করার জন্য ভেটো দেয়া হয়।
• ভেটো শব্দটি জাতিসংঘের নিরাপত্তা পরিষদে ব্যাপকভাবে পরিচিত ও এটি বৈশ্বিকভাবে বিরাট প্রভাব বিস্তার করে।
• যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্র, চীন, রাশিয়া এবং ফ্রান্স - এই পাঁচটি দেশ নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য। তারা প্রত্যেকেই ভেটো ক্ষমতা প্রয়োগের অধিকারী।
• ভেটো ক্ষমতা ব্যবহারের মাধ্যমে যে-কোন একটি দেশ নিরাপত্তা পরিষদে গৃহীত যে-কোন ধরনের সিদ্ধান্ত গ্রহণ ও আইন প্রণয়ন অনুমোদনে বাধা প্রদান করতে পারে।
**Ans : A.**

**64. যে দুইটি দেশের সাথে বাংলাদেশের সীমানা রয়েছে সে দুটি দেশের নাম কি?**

A. ভারত ও ভুটান B. ভারত ও নেপাল
C. ভারত ও শ্রীলংকা D. ভারত ও মিয়ানমার

ব্যাখ্যা : • বাংলাদেশের সীমানা রয়েছে ভারত ও মিয়ানমার এর সাথে।
• বাংলাদেশের পশ্চিমে ভারতের পশ্চিমবঙ্গ অবস্থিত।
• বাংলাদেশের উত্তরে ভারতের পশ্চিমবঙ্গ, আসাম ও মেঘালয় অবস্থিত।
• বাংলাদেশের পূর্বে ভারতের আসাম, ত্রিপুরা ও মিজোরাম এবং মায়ানমার অবস্থিত।
• বাংলাদেশের দক্ষিণে বঙ্গোপসাগর অবস্থিত।
• বাংলাদেশের সাথে ভারতের সীমান্তের দৈর্ঘ্য ৪,১৫৬ কিমি (২,৫৮২ মাইল)।
• বাংলাদেশের সাথে মায়ানমারের সীমান্ত দৈর্ঘ্য ২৮৩ কি.মি. (১৭৬ মাইল)।
**Ans : D.**

•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

65. যে সংকীর্ণ জলরাশি দুই বৃহৎ জলরাশিকে একত্রিত করে তার নাম-
A. খাল B. উপসাগর
C. হ্রদ D. প্রণালী

ব্যাখ্যা : • যে সংকীর্ণ জলরাশি দুটি বৃহৎ জলরাশিকে একত্রিত করে তার নাম প্রণালী।
• মূলত প্রণালী হল দুটি নদী বা সমুদ্রের সংযোগকারী সংকীর্ণ জলপ্রবাহ বা ধারা।
• অর্থনৈতিকভাবে অনেক প্রণালীই গুরুত্বপূর্ণ। প্রণালী গুরুত্বপূর্ণ সামুদ্রিক পথ হিসেবে ব্যবহৃত হতে পারে এবং এই পর্যন্ত প্রণালী দখলের জন্য অনেক যুদ্ধসংঘটিত হয়েছে।
Ans : D.

66. রোমান সভ্যতার অবদান-
A. আইন প্রণয়ন B. ধাতব মুদ্রার আবিষ্কার
C. লিখন পদ্ধতির আবিষ্কার D. বর্ণমালার আবিষ্কার

ব্যাখ্যা : • রোমান সভ্যতার অবদান আইন প্রণয়ন।
• খ্রিষ্টপূর্ব ১০০-৪০০ খ্রিঃ পর্যন্ত রোম পৃথিবীর সবচেয়ে বৃহত্তম নগরী ছিল।
• শুরুতে রোমান সভ্যতা ছিল অনেকগুলো নগর রাষ্ট্রের সমষ্টি বা অনেকটা কনফেডারেশন, যার নাম রোমান রিপাবলিক ছিল।
• সিনেটর বা প্রতিনিধিদের পরামর্শে চলত রোমের শাসন।
• সেই যুগকে বলা হয় রোমের রিপাবলিকান অর্থাৎ প্রজাতন্ত্রের যুগ।
Ans : A.

67. কোন দেশে প্রথম 'আরব বসন্ত' এর সূচনা হয়?
A. সিরিয়া B. লিবিয়া
C. মিসর D. তিউনিসিয়া

ব্যাখ্যা : • ২০১০ সালের শুরু থেকে আরব বিশ্বের বিভিন্ন দেশে বয়ে যাওয়া গণবিপ্লবের ঝড়কে পশ্চিমা সাংবাদিকরা "আরব বসন্ত" হিসাবে আখ্যায়িত করেছে।
• গণবিক্ষোভের শুরু তিউনিসিয়ায় ; এরপর তা মিশর, লিবিয়া, সিরিয়া, ইয়েমেন সহ বিভিন্ন দেশে ছড়িয়ে যায়।
Ans : D.

68. কোন মানব সভ্যতা প্রাচীনতম?
A. মেসোপটেমিয়া সভ্যতা B. মিসরীয় সভ্যতা
C. সিন্ধু সভ্যতা D. চৈনিক সভ্যতা

ব্যাখ্যা : • মানব সভ্যতার মধ্যে প্রাচীনতম হল মেসোপটেমিয়া সভ্যতা।
• এটি বর্তমান ইরাকের টাইগ্রিস বা দজলা ও ইউফ্রেটিস বা ফোরাত নদী দুটির মধ্যবর্তী অঞ্চলে গড়ে উঠেছিল।
• খ্রিস্টপূর্ব ৩৫০০ হতে খ্রিস্টপূর্ব ৩০০০ অব্দের মধ্যে মেসোপটেমিয়ায় অতি উন্নত এক সভ্যতার অভ্যুত্থান ঘটেছিল।
• মুসলিম খিলাফত শাসনে এই অঞ্চল পরবর্তীতে ইরাক নামে পরিচিতি লাভ করে ।
Ans : A.

69. কোন জন গ্রীসের দার্শনিক নন?
A. সক্রেটিস B. এ্যারিস্টেটল
C. ভলতেয়ার D. প্লেটো

ব্যাখ্যা : • ভলতেয়ার (১৬৯৪ - ১৭৭৮) গ্রীসের দার্শনিক নন।
• তাঁর জন্ম ফ্রান্সের প্যারিস শহরে।
• ভলতেয়ার (Voltaire) ফরাসি আলোকময় যুগের একজন লেখক, প্রাবন্ধিক ও দার্শনিক।
• তিনি নাগরিক স্বাধীনতার স্বপক্ষে, বিশেষত ধর্মের স্বাধীনতা ও ন্যায়বিচারের অধিকারের পক্ষে অবস্থান নেয়ার জন্য বিখ্যাত ছিলেন।
Ans : C.

70. কোনটিকে সপ্তম টিকা বলা হয়?
A. হেপাটাইটিস বি এর টিকা B. পোলিওর টিকা
C. ভিটামিন এ ক্যাপসুল D. ডিপিটি টিকা

Ans : B.

71. সোমপুর বিহারের নির্মাতা কে?
A. ধর্মপাল B. রামপাল C. চন্দ্রগুপ্ত D. আদিশূর

ব্যাখ্যা : • সোমপুর বিহার এর নির্মাতা শ্রী ধর্মপাল দেব (৭৮১-৮২১)।
• তিনি পালবংশের দ্বিতীয় রাজা ছিলেন।
• অষ্টম শতকের শেষের দিকে বা নবম শতকে এই বিহার তৈরি করছিলেন।
• ১৮৭৯ খ্রিস্টাব্দে স্যার আলেকজান্ডার কানিংহামএই বিশাল স্থাপনা আবিষ্কার করেন।
Ans : A.

72. জেরুজালেম নগরীকে কেন্দ্র করে গড়ে উঠা সভ্যতা-
A. সুমেরীয় সভ্যতা B. আক্কাদীয় সভ্যতা
C. আসিরীয় সভ্যতা D. হিব্রু সভ্যতা

ব্যাখ্যা : • জেরুজালেম নগরীকে কেন্দ্র করে গড়ে ওঠা সভ্যতা হল হিব্রু সভ্যতা।
• জাতিগতভাবে হিব্রু সভ্যতার লোকজন একটি মিশ্র জাতি।
• নৈতিকতা ও ধর্মীয়ক্ষেত্রে বিশ্বসভ্যতায় হিব্রুদের অবদান ছিল যুগান্তকারী।
• সম্ভবত খ্রিস্টপূর্ব ১৮০০ অব্দে ইব্রাহীম (আ:) এর নেতৃত্বে হিব্রুদের একটি দল এখানে বসতি গড়ে তোলে।
• পরবর্তীতে ইব্রাহীম (আ:) এর ছেলে ইসমাইল (আ:) এর নেতৃত্বে পশ্চিম দিকে অগ্রসর হয়।
• এ সময় থেকে তারা ইসরাইলি হিসেবে পরিচিতি লাভ করে।
Ans : D.

73. তেল রপ্তানীকারক দেশগুলোর সংস্থা-
A. ওপেক B. ওআইসি
C. এ্যাপেক D. ইকো

ব্যাখ্যা : • তেল রপ্তানিকারক দেশগুলোর সংস্থা হল ওপেক।
• OPEC এর পূর্ণরূপ Organization of the Petroleum Exporting Countries।
• ১৯৭০ সাল থেকে বিশ্বের জ্বালানি তেলের বাজারে ওপেক গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে আসছে।
• বর্তমান সদস্য ১৪ টি।
• সম্প্রতি কাতার ওপেক ছেড়ে দেয়।
Ans : A.

74. আরব মধ্যপ্রাচ্যের দেশ নয়-
A. কুয়েত B. কাতার C. ইরান D. বাহরাইন

ব্যাখ্যা : • আরব মধ্যপ্রাচ্য মোট ১৪টি দেশ নিয়ে গঠিত।
• এগুলো হল – বাহরাইন, ইরান, কুয়েত, কাতার, ইরাক, জর্ডান, লেবানন, ওমান, ইসরায়েল, ফিলিস্তিন, সৌদি আরব, সিরিয়া, ইয়েমেন ও সংযুক্ত আরব আমিরাত।
• মধ্যপ্রাচ্যে অবস্থিত হলেও ইরান, ইসরাইল ও তুরস্ক আরব দেশ নয়, কারণ এদের ভাষা যথাক্রমে ফার্সি, হিব্রু ও তুর্কি।
• মধ্যপ্রাচ্যের অনেক দেশ পারস্য উপসাগর তীরে অবস্থিত
• এদের বেশিরভাগই প্রচুর অশোধিত পেট্রোলিয়াম জ্বালানী তেল সম্পদে ভরপুর।
Ans : C.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

75. আফ্রিকা ও ইউরোপকে বিভক্তকারী প্রণালী-
A. ডোভার প্রণালী
B. বেরিং প্রণালী
C. পক প্রণালী
D. জিব্রালটার প্রণালী

ব্যাখ্যা : • আফ্রিকা ও ইউরোপকে বিভক্তকারী প্রণালী হল জিব্রাল্টার প্রণালী।
• প্রণালীটি ৬০ কিলোমিটার দীর্ঘ এবং এর প্রস্থ অবস্থানভেদে ১৩ থেকে ৩৯ কিলোমিটার হতে পারে।
• এটি পূর্বে ভূমধ্যসাগরকে পশ্চিমে আটলান্টিক মহাসাগরের সাথে সংযোগকারী সমুদ্র প্রণালী।
• এটি উত্তর আফ্রিকাকে দক্ষিণ-পশ্চিম ইউরোপের আইবেরীয় উপদ্বীপ থেকে পৃথক করেছে।
Ans : D.

76. ইংরেজরা কাশিম বাজারে কুঠি স্থাপন করে-
A. ১৫৫১ সালে
B. ১৬৪৮ সালে
C. ১৬৫১ সালে
D. ১৬৫৮ সালে

ব্যাখ্যা : • ইংরেজরা কাশিম বাজারে কুঠি স্থাপন করে ১৬৫৮ সালে।
• কাশিম বাজার ভারতের পশ্চিমবঙ্গ রাজ্যের মুর্শিদাবাদ জেলার একটি শহর।
• নবাব সিরাজ-উদ্-দৌলা ১৭৫৭ সালে এই ইংরেজকুঠি আক্রমণ করেছিলেন।
• জব চার্নক তার কার্যকালে এই ইংরেজকুঠিতে প্রথম আগমন করেন।
• এখানে বিদেশীদের কবরখানা বিদ্যমান।
Ans : D.

77. নীল নদের উৎস স্থল-
A. ভ্যান হ্রদ
B. ভিকটোরিয়া হ্রদ
C. উরুমিয়া হ্রদ
D. কাস্পিয়ান হ্রদ

ব্যাখ্যা : • নীল নদের উৎসস্থল হল ভিক্টোরিয়া হ্রদ।
• ভিক্টোরিয়া হ্রদ বা লেক ভিক্টোরিয়া উগান্ডার জিনজা শহরে অবস্থিত।
• নীল নদ বিশ্বের দীর্ঘতম নদী।
• এর দুইটি উপনদী রয়েছে, শ্বেত নীল নদ ও নীলাভ নীল নদ।
• এর মধ্যে শ্বেত নীল নদ দীর্ঘতর।
Ans : B.

78. বরেন্দ্র বলতে কোন এলাকাকে বোঝায়?
A. উত্তরবঙ্গ
B. পশ্চিমবঙ্গ
C. উত্তর-পশ্চিমবঙ্গ
D. দক্ষিণ-পূর্ববঙ্গ

ব্যাখ্যা : • বরেন্দ্র বলতে উত্তর-পশ্চিমবঙ্গকে বুঝায়।
• পূর্বে এটি পুণ্ড্রবর্ধন বা পুণ্ড্র রাজ্যের অংশ ছিলো।
• বর্তমানে বাংলাদেশের রংপুর ও রাজশাহীর অংশ।
• প্রায় ৭,৭৭০ বর্গ কিমি এলাকা জুড়ে বরেন্দ্রভূমি বিস্তৃত।
Ans : C.

79. বাংলাদেশের কোন অভিনেত্রী সত্যজিৎ রায়ের 'অশনি সংকেত' চলচ্চিত্রে অভিনয় করেছেন?
A. চম্পা
B. শাবানা
C. ববিতা
D. জয়া আহসান

ব্যাখ্যা : • অশনি সংকেত হল ১৯৭৩ সালে মুক্তিপ্রাপ্ত একটি বাংলা চলচ্চিত্র।
• বিশিষ্ট ভারতীয় চলচ্চিত্র পরিচালক সত্যজিৎ রায় এই ছবিটি পরিচালনা করেন।
• ছবিটি নির্মিত হয়েছিল বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের লেখা একই নামের একটি উপন্যাস অবলম্বনে।
• অশনি সংকেত সত্যজিৎ রায় পরিচালিত প্রথম রঙিন ছবি।
• ছবিতে মুখ্য ভূমিকায় অভিনয় করেন বিশিষ্ট ভারতীয় অভিনেতা সৌমিত্র চট্টোপাধ্যায় ও বাংলাদেশী অভিনেত্রী ববিতা।
Ans : C.

80. বাংলাদেশের কোন বিজ্ঞানী পাটের জিন বিন্যাস আবিষ্কার করেন?
A. ড. কুদরত-এ খোদা
B. ড. মুহাম্মদ জাফর ইকবাল
C. ড. নুসরাত আলম
D. ড. মাকসুদুল আলম

ব্যাখ্যা : • পাটের জিন আবিষ্কার করেন বাংলাদেশের বিজ্ঞানী ড. মাকসুদুল আলম (১৯৫৪ - ২০১৪)।
• তার নেতৃত্বে ঢাকা বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট ও তথ্যপ্রযুক্তি প্রতিষ্ঠান ডাটাসফটের একদল উদ্যমী গবেষকের যৌথ প্রচেষ্টায় ২০১০ সালের মাঝামাঝি সময়ে সফলভাবে উন্মোচিত হয় পাটের জিন নকশা।
• ২০১০ সালের ১৬ জুন প্রধানমন্ত্রী শেখ হাসিনা আনুষ্ঠানিকভাবে পাটের জিনোম সিকোয়েন্স আবিষ্কারের ঘোষণা দেন।
Ans : D.

81. বাংলাদেশের প্রাচীনতম শহর কোনটি?
A. সোনার গাঁ
B. রামপাল
C. বিক্রমপুর
D. পুণ্ড্র

ব্যাখ্যা : • বাংলাদেশের প্রাচীনতম শহর পুণ্ড্র।
• এর বর্তমান নাম মহাস্থানগড়।
• এটি বগুড়া জেলায় অবস্থিত।
• পুণ্ড্র তৎকালীন পুণ্ড্রবর্ধন রাজ্যের রাজধানী ছিল।
• বর্তমান সময়ের বাংলাদেশের রাজশাহী, বগুড়া, পাবনা এবং বাংলাদেশ ও ভারতের দিনাজপুর পুণ্ড্রবর্ধনের অন্তর্ভুক্ত ছিল।
Ans : D.

82. বাংলায় আগত প্রথম ইউরোপীয় বনিক-
A. ব্রিটিশ
B. ফরাসী
C. ওলন্দাজ
D. পর্তুগিজ

ব্যাখ্যা : • বাংলাদেশে আগত প্রথম ইউরোপীয় বণিক হল পর্তুগীজরা।
• পনেরো শতকের শুরু থেকেই তারা বাণিজ্যের জন্য দুঃসাহসিক সমুদ্রযাত্রা শুরু করে।
• ১৪৯৮ খ্রিস্টাব্দের আগস্ট মাসে ভাস্কো ডা গামার কালিকটে পৌছার কয়েক দশক পরে বাংলায় পর্তুগিজদের আগমন ঘটে।
• পনেরো শতকের শেষ দিক হতেই এশিয়া থেকে মসলা আহরণের উদ্দেশ্যে ভেনিস ও আরব বণিকদের এড়িয়ে বিকল্প পথ অনুসরণের ফলেই এদেশে পর্তুগিজদের অনুপ্রবেশ ঘটে।
Ans : D.

83. মালয়েশিয়ার সংসদের নাম-
A. সীম
B. কংগ্রেস
C. প্রতিনিধি পরিষদ
D. মজলিস

ব্যাখ্যা : • মালয়েশিয়ার সংসদের নাম মজলিস।
• মালয়েশিয়া তেরটি রাজ্য এবং তিনটি ঐক্যবদ্ধ প্রদেশ নিয়ে গঠিত।
• দেশটির রাজধানী শহর কুয়ালালামপুর এবং পুত্রজায়া হল ফেডারেল সরকারের রাজধানী।
Ans : D.

84. মুসলিম দর্শনের জনক কে?
A. আল-কিন্দি
B. আল-ফারাবি
C. ইবনে সিনা
D. আল বেরুনি

ব্যাখ্যা : • মুসলিম দর্শনের জনক আল-কিন্দি।
• পাশ্চাত্য বিশ্বে তিনি লাতিনিকৃত "আলকিন্ডাস" (Alkindus) নামে পরিচিত।
• মুসলিম দার্শনিকদের মধ্যে তিনিই ছিলেন প্রথম।
• তাই তাকে মুসলিম দর্শনের জনক বলা হয়
• তার অনেক অর্জনের মধ্যে বিশেষ উল্লেখযোগ্য ছিল গ্রিক এবং হেলেনীয় দর্শনকে আরব জগতে পরিচিত করে তোলা।
• এছাড়া বিজ্ঞানের অনেকগুলো শাখায় তিনি অগ্রদূতের ভূমিকা পালন করেছেন।
Ans : A.

শিক্ষায় সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

85. ISP এর পূর্ণরূপ কি?
A. Internet Super Power
B. Internet Server Provider
C. Internet Server Programme
D. Internet Service Provider

ব্যাখ্যা : • ISP এর পূর্ণরূপ Internet service provider
• এটি হচ্ছে ইন্টারনেট পরিসেবা প্রদানকারী কোম্পানি, যাদের কাছে গ্রাহক টাকা দিয়ে বা সাবস্ক্রিপশন কিনে ইন্টারনেট ব্যবহার করে থাকে।
• আইএসপি দ্বারা প্রদান করা ইন্টারনেট সেবায় অন্তর্ভুক্ত থাকতে পারে ইন্টারনেটে প্রবেশ, ইন্টারনেট ট্রানজিট, ডোমেইন নাম রেজিস্ট্রেশন, ওয়েব হোস্টিং, ইউজনেট সেবা, এবং কোলোকেশন (এক ধরণের ডাটা সেন্টার)।
Ans : D.

86. রাজশাহীর বড়কুঠি কাদের কীর্তি?
A. ফরাসিদের B. ইংরেজদের
C. ওলন্দাজদের D. পর্তুগিজদের

ব্যাখ্যা : • বড়কুঠি বাংলাদেশের রাজশাহী অঞ্চলের সর্বপ্রাচীন ইমারত।
• সুনির্দিষ্টভাবে এই ইমারতের নির্মাণকাল নির্ধারণ করা না গেলেও বিভিন্ন সূত্রের বিচারে এর নির্মাণকাল অষ্টাদশ শতাব্দীর প্রথমার্ধে বলে ধারণা করা হয়।
• এটি ওলন্দাজদের তৈরি।
• এটি প্রথমে ওলন্দাজ বা ডাচদের ব্যবসাকেন্দ্র ছিল।
• ১৯৫৩ সালে রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হওয়ার পর এই বড়কুঠি এর প্রথম প্রশাসনিক ভবন হিসাবে ব্যবহার করা হয়।
Ans : C.

87. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে কতটি অনুচ্ছেদ আছে?
A. ১৫৬ B. ১৫৫
C. ১৫৩ D. ১৫২

ব্যাখ্যা : • গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে ১৫৩ টি অনুচ্ছেদ আছে।
• এটি স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশ রাষ্ট্রের সর্বোচ্চ আইন।
• ১৯৭২ খ্রিস্টাব্দের ৪ঠা নভেম্বর তারিখে বাংলাদেশের জাতীয় সংসদে এই সংবিধান গৃহীত হয় এবং একই বছরের ১৬ই ডিসেম্বর অর্থাৎ বাংলাদেশের বিজয় দিবসের প্রথম বার্ষিকী হতে এটি কার্যকর হয়।
• বাংলাদেশের সংবিধান সর্বমোট ১৭ বার সংশোধীত হয়েছে।
• সংবিধান সংশোধনের জন্য জাতীয় সংসদের সদস্যদের মোট সংখ্যার দুই তৃতীয়াংশ ভোটের প্রয়োজন হয়।
Ans : C.

88. NATO (ন্যাটো) কোন ধরনের জোট?
A. রাজনৈতিক B. সামাজিক
C. অর্থনৈতিক D. সামরিক

ব্যাখ্যা : • North Atlantic Treaty Organisation বা NATO একটি সামরিক সহযোগিতার জোট।
• এটি ১৯৪৯ সালের প্রতিষ্ঠিত হয়।
• আটলান্টিক মহাসাগরের দুই পাড়ে অবস্থিত উত্তর আমেরিকার মার্কিন যুক্তরাষ্ট্র ও কানাডা এবং ইউরোপের অধিকাংশ দেশ এই জোটের সদস্য।
• ন্যাটোর বর্তমান সদর দপ্তর বেলজিয়ামের ব্রাসেলসে।
• পূর্বে এর সদর দপ্তর ছিলো ফ্রান্সের প্যারিসে।
Ans : D.

89. 'স্টপ জেনোসাইড' প্রামাণ্য চিত্রটির নির্মাতা কে?
A. সুভাষ দত্ত B. চাষী নজরুল ইসলাম
C. জহির রায়হান D. তারেক মাসুদ

ব্যাখ্যা : • 'স্টপ জেনোসাইড' প্রামাণ্য চিত্রটির নির্মাতা জহির রায়হান।
• এই প্রামাণ্য চিত্রে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের ভয়াবহ চিত্র তুলে ধরা হয়েছে।
• জহির রায়হান এর রচিত প্রথম উপন্যাস শেষ বিকেলের মেয়ে ১৯৬০ সালে প্রকাশিত হয়।
• তার রচিত অন্যান্য উল্লেখযোগ্য উপন্যাস হল হাজার বছর ধরে ও আরেক ফাল্গুন।
Ans : C.

90. 'পশতু' যে দেশের ভাষা-
A. ইরান B. তাজাকিস্তান
C. আফগানিস্তান D. কিরঘিস্তান

ব্যাখ্যা : • 'পশতু' আফগানিস্তান এর ভাষা।
• ১৯৩৬ সালে রাজকীয় আদেশবলে পশতুকে আফগানিস্তানের জাতীয় ভাষার মর্যাদা দেয়া হয়।
• বর্তমানে এটি আফগানিস্তানের দুইটি সরকারী ভাষার একটি।
• অপরটি হল দারি ভাষা।
Ans : C.

91. 'শাহ-ই-বাঙ্গালা' উপাধি কার ছিল?
A. আলাউদ্দীন হোসেন শাহ B. নসরত শাহ
C. জালালউদ্দীন মুহাম্মদ শাহ D. হাজী ইলিয়াস শাহ

ব্যাখ্যা : • শাহ-ই-বাঙ্গালা ছিল ইলিয়াস শাহ এর উপাধি।
• শামসুদ্দীন ইলিয়াস শাহ (১৩৪২-১৩৫৮) ছিলেন বাংলার একজন স্বাধীন শাসনকর্তা।
• তিনি ১৩৪২ সালে সোনারগাঁও বিজয়ের পর সুলতান হন।
• শামসুদ্দীন ইলিয়াস শাহ অবিভক্ত বাংলার প্রথন মুসলিম স্বাধীন সুলতান ছিলেন।
• তিনি ইলিয়াস শাহী বংশের সূচনা করেন,যা ১৫২ বছর ক্ষমতায় ছিলো।
Ans : D.

92. 'ছিয়াত্তরের মন্বন্তর' কোন বঙ্গাব্দে ঘটে?
A. ১০৭৬ B. ১১৭৬
C. ১২৭৬ D. ১৩৭৬

ব্যাখ্যা : • ছিয়াত্তরের মন্বন্তর বাংলার তথা ভারতের ইতিহাসে সর্বাপেক্ষা ভয়াবহ দুর্ভিক্ষ নামে পরিচিত।
• অতি বৃষ্টি ও বন্যার কারণে কৃষি ফসলের ব্যাপক ক্ষতি হওয়ায় সমগ্র দেশজুড়ে চরম অর্থনৈতিক মন্দা দেখা দেয়।
• এটি ১১৭৬ বঙ্গাব্দে সংঘটিত হয়।
• এই দুর্ভিক্ষের ফলে প্রায় ১ কোটি মানুষের মৃত্যু হয়।
Ans : B.

93. জাতিসংঘ নিরাপত্তা পরিষদের মোট সদস্য সংখ্যা কত?
A. ১০ জন B. ১১ জন
C. ১৩ জন D. ১৫ জন

ব্যাখ্যা : • জাতিসংঘ নিরাপত্তা পরিষদের মোট সদস্য সংখ্যা ১৫।
• দ্বিতীয় বিশ্বযুদ্ধের বিজয়ী পাঁচ পরাশক্তি - চীন, ফ্রান্স, রাশিয়া, যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্র স্থায়ী সদস্য।
• এছাড়াও ১০ জন অস্থায়ী সদস্য আছে, যারা নির্দিষ্ট অঞ্চল থেকে ২ বছরের জন্য নির্বাচিত হন।
• এ পরিষদের কাজ হল আন্তর্জাতিক শান্তি ও নিরাপত্তা নিশ্চিত করা।
Ans : D.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

94. বিশ্বের কোন দেশে সবচেয়ে বেশী মুসলমান বাস করে?
A. সৌদি আরব B. ইরান
C. ইন্দোনেশিয়া D. বাংলাদেশ

ব্যাখ্যা : • বিশ্বের সবচেয়ে বেশি মুসলমান বাস করে ইন্দোনেশিয়াতে।
• ইন্দোনেশিয়ায় প্রায় ২০ কোটি ৩০ লাখ মুসলমান বাস করে
• এটি বিশ্বে মোট মুসলমান জনসংখ্যার প্রায় ১৩%।
• দ্বিতীয় ও তৃতীয় অবস্থানে রয়েছে যথাক্রমে পাকিস্তান ও ভারত।
Ans : C.

95. বিশ্ব ব্যাংকের সদর দপ্তর কোথায়?
A. নিউইয়র্ক B. ওয়াশিংটন ডিসি
C. জেরুজালেম D. কিউবা

ব্যাখ্যা : • বিশ্ব ব্যাংক এর সদর দপ্তর আমেরিকার ওয়াশিংটন ডিসি তে অবস্থিত।
• এটি ১৮৯টি সদস্য রাষ্ট্র নিয়ে গঠিত একটি আন্তর্জাতিক সংস্থা।
• এটি উন্নয়নশীল দেশগুলোর উন্নয়ন কর্মকাণ্ডের জন্য ঋণ ও অনুদান প্রদান করে।
• বিশ্বব্যাংকের অনুষ্ঠানিক লক্ষ্য হল বিশ্বব্যাপী দারিদ্র্য বিমোচন।
Ans : B.

96. Wings of Fire গ্রন্থের রচয়িতা কে?
A. নেলসন ম্যান্ডেলা B. মাদার তেরেসা
C. আলফ্রেড মার্শাল D. এপিজে আব্দুল কালাম

ব্যাখ্যা : • Wings of Fire এর রচয়িতা এপিজে আব্দুল কালাম(১৯৩১-২০১৫)।
• তিনি ছিলেন ভারতের একাদশ রাষ্ট্রপতি।
• ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ও মহাকাশযানবাহী রকেট উন্নয়নের কাজে তাঁর অবদানের জন্য তাঁকে 'ভারতের ক্ষেপণাস্ত্র মানব' বা 'মিসাইল ম্যান অফ ইন্ডিয়া' বলা হয়।
• কালাম তাঁর কর্মজীবন শুরু করেছিলেন একজন বিজ্ঞানী হিসেবে।
• পরে তিনি ঘটনাচক্রে গণপ্রজাতন্ত্রী ধর্মনিরপেক্ষ ভারতের রাষ্ট্রপতি নির্বাচিত হন।
Ans : D.

97. হিউয়েন সাং কে ছিলেন?
A. মঙ্গোলীয় পরিব্রাজক B. চীনা ব্যবসায়ী
C. মঙ্গোলীয় মার্শাল D. চীনা পরিব্রাজক

ব্যাখ্যা : • হিউয়েন সাং ছিলেন একজন চীনা পরিব্রাজক।
• তিনি চীন এবং ভারতের মধ্যে যোগসূত্র স্থাপনের ব্যাপারে অগ্রণী ভূমিকা পালন করেছিলেন।
• ধারণামতে ৬৩০ খ্রিস্টাব্দের কোন এক সময়ে তিনি ভারতবর্ষে প্রবেশ করেছিলেন।
• তিনি মূলত গৌতম বুদ্ধের নিদর্শন এবং স্মৃতিধন্য স্থানসমূহ পরিদর্শন এবং ভারতবর্ষ থেকে বুদ্ধ ও অন্যান্য বৌদ্ধ ভিক্ষুদের রচনা সংগ্রহ করে নিয়ে যাওয়ার জন্যই এই ভ্রমণ শুরু করেছিলেন।
Ans : D.

98. জিম্বাবুয়ের পূর্ব নাম-
A. গ্রীনল্যান্ড B. গোল্ড কোস্ট
C. রোডেশিয়া D. প্রিটোরিয়া

ব্যাখ্যা : • জিম্বাবুয়ের পূর্ব নাম রোডেশিয়া।
• এটি আফ্রিকার দক্ষিণ অংশে অবস্থিত একটি রাষ্ট্র।
• জাম্বেজি নদীর উপর অবস্থিত ভিক্টোরিয়া জলপ্রপাত এবং বন্য জীবজন্তুর জন্য দেশটি বিখ্যাত।
• জিম্বাবুয়ের রাজধানী হারারে।
• ১৯৮০ সালে দেশের সংখ্যাগুরু কৃষ্ণাঙ্গ জনগণ জিম্বাবুয়ে নামে দেশটিকে স্বাধীন করে।
Ans : C.

99. তানসেন কোন সম্রাটের সভাগায়ক ছিলেন?
A. সম্রাট আকবর B. সম্রাট জাহাঙ্গীর
C. সম্রাট শাহজাহান D. সম্রাট আওরঙ্গজেব

ব্যাখ্যা : • তানসেন সম্রাট আকবরের সভাগায়ক ছিলেন।
• মিয়া তানসেন (১৫০৬ - ১৫৮৯) প্রায় সকল বিশেষজ্ঞের ধারণা মতে উত্তর ভারতের সর্বকালের সর্বশ্রেষ্ঠ সঙ্গীতজ্ঞ।
• বর্তমানে আমরা যে হিন্দুস্তানী উচ্চাঙ্গ সঙ্গীতের সাথে পরিচিত তার মূল স্রষ্টা হলেন এই তানসেন।
• তার এই সৃষ্টি যন্ত্র সঙ্গীতের এক অনবদ্য অবদান।
• তার কর্ম এবং বংশীয় উত্তরাধিকারীদের মাধ্যমেই মূলত এই ধারাটি আজও টিকে রয়েছে।
• তিনি মুঘল বাদশাহ আকবরের রাজদরবারের নবরত্নের মধ্যে অন্যতম ছিলেন।
• তাকে সঙ্গীত সম্রাট নামে ডাকা হয়।
Ans : A.

100. তাস কোন দেশের সংবাদ সংস্থা-
A. চীন B. রাশিয়া
C. ভারত D. পাকিস্তান

ব্যাখ্যা : • তাস - রাশিয়ার সংবাদ সংস্থা।
• বাসস - বাংলাদেশ এর সংবাদ সংস্থা
• এপি - যুক্তরাষ্ট্রের সংবাদ সংস্থা।
• সিনহুয়া - চীনের সংবাদ সংস্থা।
• রয়টার্স - যুক্তরাজ্যের সংবাদ সংস্থা।
• এএফপি - ফ্রান্সের সংবাদ সংস্থা।
Ans : B.

!!! বের হয়েছে !!!
পানকৌড়ি
BASIC ICT
বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষায় 'তথ্য ও যোগাযোগ প্রযুক্তি' বিষয়ের একমাত্র পূর্ণাঙ্গ সহায়িকা

!!! বের হয়েছে !!!
পানকৌড়ি
শতভাগ ব্যাখ্যা সম্বলিত অধ্যায়ভিত্তিক একমাত্র প্রশ্নব্যাংক
♦ গুচ্ছ ভর্তি পরীক্ষা (বিজ্ঞান, মানবিক, ব্যবসায় শিক্ষা)
♦ সমন্বিত কৃষি বিশ্ববিদ্যালয়

!!! বের হয়েছে !!!
পানকৌড়ি
শতভাগ ব্যাখ্যা সম্বলিত একমাত্র প্রশ্নব্যাংক
♦ ঢাবি (সকল ইউনিট) ♦ জাবি (সকল ইউনিট)
♦ চবি (সকল ইউনিট) ♦ রাবি (সকল ইউনিট)

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

## ইউনিট : E (গ্রুপ-১)
### প্রথম বর্ষ (সম্মান) ভর্তি পরীক্ষা ২০১৮-১৯

***Read the following passage and choose the appropriate answers to the questions (1-5):***

Human are cruelly destroying plants and animals and thereby creating a danger for us all. The destruction of forests and other habitats is causing the extinction of various plants and animal everyday. There losses are particularly severe in the areas of tropical forest which cover only 7% of the surface of the globe but which provide the living space for between 50% and 80% of all our wildlife. Wild animals and birds decline has been accelerated by the destruction of their feeding and nesting places, by the collection of eggs, and above all by the widespread use of chemicals and pesticides which enter their food chains leading to sterility and mass deaths. Hunting of birds and animal is another cause of their extinction. The good news is that many countries are now taking action to protect their endangered wildlife.

**1. The antonym of the word 'extinction' is-**

A. alteration B. destruction
C. annihilation D. detonation

ব্যাখ্যা : Extinction – বিলোপ সাধন/হারিয়ে যাওয়া
**Synonym :** Annihilation, Destruction, Elimination, Death.
**Antonym :** Alternation, Rescue, Rebuild, Reconstruction.
**Ans : A.**

**2. Hunting of birds and animals is one of the main causes of their-**

A. emancipation B. acceleration
C. extermination D. sterility

ব্যাখ্যা : Extermination – শেষ করা/ধ্বংস করা
Emancipation – মুক্তি
Acceleration – ত্বরণ/দ্রুতকরণ
Sterility – অনুর্বরতা
Passage এর Last লাইনের আগের লাইনে বলা আছে, "Hunting of birds and animal is another cause of their extinction". এখানে extinction এর সমার্থক হলো extermination.
**Ans : C.**

**3. How are people destroying wildlife?**

A. silently B. gradually
C. maliciously D. harshly

ব্যাখ্যা : Silently – নীরবে Gradually – ধীরে
Maliciously – বিদ্বেষপূর্ণভাবে Harshly – নির্মমভাবে
Passage এর ১ম sentence এ বলা আছে, Human are cruelly destroying plants and animals. Cruelly অর্থ নির্মমভাবে। সুতরাং এখানে, harshly সঠিক হবে।
**Ans : D.**

**4. How do people endanger their own lives?**

A. By taking excessive eggs.
B. By tempting wildlife.
C. By ruining wildlife.
D. By hunting animals and plants.

ব্যাখ্যা : Passage এর প্রথম লাইন অনুসারে- "মানুষ গাছপালা ও বন্যপ্রাণী ধ্বংসের মাধ্যমে নিজেদের বিপদ সৃষ্টি করছে"। তাই সঠিক উত্তর হবে অপশন (D)।
**Ans : D.**

**5. The plural form of 'wildlife' is-**

A. wildlife B. wildlive
C. wildlives D. wildlifes

ব্যাখ্যা : • The word wildlife is uncountable noun.
• The plural form of wildlife is also wildlife.
**Ans : A.**

**6. 'জিহ্বা' শব্দের উচ্চারণ কোনটি?**

A. জিব্বা B. জিওবা C. জিবহা D. জিউভা

ব্যাখ্যা : কিছু শুদ্ধ উচ্চারণ-

| শব্দ | উচ্চারণ | শব্দ | উচ্চারণ |
|---|---|---|---|
| গেল | গ্যালো | শরিফ | শোরিফ |
| শেওড়া | শ্যাওড়া | যাত্রী | জাতত্রি |
| সব (সহ্য) | শবো | মধ্য | মোদ্‌ধো |
| কইব/কব | কবো | ইক্ষাকু | ইকখাকু |
| হর্ম্য | হরমো | অকস্মাৎ | অকোশশাত |
| বেঞ্চ | বেন্‌চ্ | ভস্ম | ভশশো |
| জিহ্বা | জিউভা | চিহ্ন | চিন্‌হো |

**Ans : D.**

**7. নিচের কোনটি আকাশের সমার্থক নয়?**

A. অম্বু B. শূন্য
C. অভ্র D. অন্তরীক্ষ

ব্যাখ্যা : • আকাশ : গগন, অন্তরীক্ষ, অম্বর, ব্যোম, শূন্য, বর্গ, অনন্ত, অভ্র, নভঃ/নভ।
• অম্বু : জল, পানি, নীর, পুষ্কর, পয়, উদ, মুখলালা, জলপূর্ণ, তরল পদার্থ।
**Ans : A.**

**8. সুন্দরবনের অপর নাম কি?**

A. সাত বাগান বন B. কাতরায় বন
C. চকোপিয়া বন D. বাদার বন

ব্যাখ্যা : • সুন্দরবনের অপর নাম বাদাবন (অপশনে বাদার বন দেয়া আছে)।
• এটি পৃথিবীর বৃহত্তম ম্যানগ্রোভ বন।
• সুন্দরবন বিশ্বের সর্ববৃহৎ অখণ্ড বনভূমি।
• সুন্দরবনকে ইউনেস্কো বিশ্ব ঐতিহ্য ঘোষণা করে ১৯৯৭ সালে।
• দেশের ব্যবহৃত কাঠের প্রায় ৬০ ভাগ আসে সুন্দরবন থেকে।
**Ans : D.**

**9. He was guilty _____ contempt of court.**

A. of B. for
C. in D. by

ব্যাখ্যা : Guilty of – দোষী
দোষী বুঝাতে guilty of হয়।
**Example : He is guilty of murder.**
অনুরূপভাবে, He is guilty of Contempt of court হবে।
**Ans : A.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**10. Toufiq is senior ____ me ____ three years. Which pair is correct?**

A. to, for B. than, by C. than, for D. to, by

ব্যাখ্যা : • বয়সে বড় বুঝাতে Senior এর পরে সবসময় to বসে।
• কত বছরের বুঝাতে পূর্বে by বসে।
**Ans : D.**

**11. কোনটি শুদ্ধ?**

A. সৌজন্য B. সৌজন্যাতা C. সৌজন্যতা D. সৌজন্নতা

ব্যাখ্যা : কিছু শুদ্ধ ও অশুদ্ধ শব্দের ছক :

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| অদ্যাপিও | অদ্যাপি | সৌজন্য | সৌজন্যতা |
| সুস্বাস্থ্য | স্বাস্থ্য | সিঞ্চন | সেচন |
| কনিষ্ঠতম | কনিষ্ঠ | সময়কাল | সময় |

**Ans : A.**

**12. 'To count the chickens before they are hatched.- এর বাংলা-**

A. গাছে কাঁঠাল গোঁফে তেল B. আগে দর্শনধারী, পরে গুণবিচারি
C. ভাবিয়া করিও কাজ D. চোর পালালে বুদ্ধি বাড়ে

ব্যাখ্যা : To count the chickens before they are hatched- গাছে কাঁঠাল গোঁফে তেল।
**Ans : A.**

**13. I have finished (to read) the book. Correct form of verb is-**

A. read B. had read
C. have been reading D. have read

ব্যাখ্যা : Verbs followed by -ing :

| | | | |
|---|---|---|---|
| admit | deny | finish | mind |
| avoid | dislike | give up | miss |
| (can't) help | enjoy | imagine | practise |
| (can't) stand | fancy | involve | put off |
| consider | feel like | keep (on) | risk |

সুতরাং, এখানে reading সঠিক হবে।
**Ans : নাই.**

**14. Choose the correct sentence.**

A. She was presented a flower by me.
B. I presented her with a flower.
C. I presented a flower for her.
D. I presented her a flower.

ব্যাখ্যা : কাউকে কিছু দেওয়া বুঝাতে Present এর পর with বসে।
**Structure :** Present (Someone) with (something).
**Example :** I presented him with an award.
অনুরূপভাবে, I presented her with a flower হবে।
**Ans : B.**

**15. 'যে নারীর স্বামী ও পুত্র নেই'- এর এক কথায় প্রকাশ-**

A. কুমারী B. নবোঢ়া C. অনূঢ়া D. অবীরা

ব্যাখ্যা : নিচে কিছু বাক্য সংক্ষেপণ দেওয়া হলো-
• যে নারীর স্বামী ও পুত্র নেই - অবীরা।
• যে মেয়ের বিয়ে হয়নি - অনূঢ়া।
• যে মেয়ের বিয়ে না দিয়ে আর রাখা যায় না - অরক্ষনীয়া।
• যে নারীর কথায় কোন সংকোচ নাই - প্রগলভা।
• যে নারীর হাসি শুচি - শুচিস্মিতা।
**Ans : D.**

**16. 'কোন ভাবেই যা নিবারণ করা যায় না'- এর এক কথায় প্রকাশ-**

A. দুর্নিবার্য B. দুর্নিবার
C. অনিবার্য D. দুর্দমনীয়

ব্যাখ্যা : নিচে কিছু এক কথায় প্রকাশ লক্ষ কর-
• যা কোনভাবেই নিবারণ করা যায় না - অনিবার্য।
• যা চিবাইয়া খাওয়া যায় - চর্ব্য।
• যাহা ধ্যানের যোগ্য - ধ্যেয়।
• যা নিভে না - অনির্বাণ।
• যা সহজে নিবারণ করা যায় না - দুর্নিবার্য।
**Ans : C.**

**17. 'Fallow Land' শব্দটির পরিভাষা কী?**

A. খাস জমি B. বাসস্থান সংলগ্ন জমি
C. চাষযোগ্য জমি D. পতিত জমি

ব্যাখ্যা : কিছু গুরুত্বপূর্ণ পারিভাষিক শব্দ :

| পারিভাষিক শব্দ | অর্থ | পারিভাষিক শব্দ | অর্থ |
|---|---|---|---|
| Fallow Land | পতিত জমি | Scale | নিক্তি |
| Suite | প্রকোষ্ঠ | Warehouse | গুদাম |
| Script | উত্তরপত্র | Waste land | পতিত জমি |
| Sublet | উপভাড়া | Worship | উপাসনা |

**Ans : D.**

**18. 'উক্তি' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় কোনটি?**

A. বচ্ + তি B. উচ্ + তি
C. উক্ত + ই D. উক্ + তি

ব্যাখ্যা : নিচে কিছু গুরুত্বপূর্ণ প্রকৃতি-প্রত্যয় -

| প্রকৃতি+প্রত্যয় | সাধিত শব্দ | প্রকৃতি+প্রত্যয় | সাধিত শব্দ |
|---|---|---|---|
| √বচ + তি | উক্তি | √পা + অনা | পাওনা |
| ফল + বতুপ্ | ফলবান | দশরথ + ষ্ণি | দাশরথি |
| √পুষ + তি | পুষ্টি | বাগ্ + চা | বাগিচা |
| √গ্রহ + তা | গ্রহীতা | ধুনা + চি | ধুনুচি |
| √ফুট + আ | ফোটা | গাঁজা + ইয়াল | গেঁজেল |

**Ans : A.**

**19. বাংলাদেশের প্রথম যাদুঘর কোনটি?**

A. পাহাড়পুর যাদুঘর B. সোনারগাঁও যাদুঘর
C. মহাস্থানগড় যাদুঘর D. বরেন্দ্র যাদুঘর

ব্যাখ্যা : • বাংলাদেশের প্রথম জাদুঘর রাজশাহীর বরেন্দ্র গবেষণা জাদুঘর।
• এটি বরেন্দ্র যাদুঘর বলে পরিচিত।
• এর নির্মাণ কাজ শুরু হয় ১৯১০ সালে এবং শেষ হয় ১৯১৩ সালে।
• বাংলার তৎকালীন গভর্নর লর্ড কারমাইকেল এটি উদ্বোধন করেন।
• বর্তমানে রাজশাহী বিশ্ববিদ্যালয় এটি পরিচালনা করে থাকে।
**Ans : D.**

**20. Which spelling is correct?**

A. Rebilious B. Rebelious
C. Rebellous D. Rebellious

ব্যাখ্যা : Rebellious – বিপ্লবী।
কিছু গুরুত্বপূর্ণ spelling-

| | |
|---|---|
| Accommodation | Aggression |
| Diarrhea | Enthusiastic |
| Efficiency | Committee |

**Ans : D.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

21. **Which word is wrongly spelt?**

A. caterpillar B. grandeur
C. incorrigible D. dynosaur

ব্যাখ্যা : Dynosaur এর সঠিক spelling হবে Dinosaur.
কিছু গুরুত্বপূর্ণ spelling-

| | |
|---|---|
| Commission | Antecedent |
| Dependant | Privilege |
| Fascination | Reconciliation |

**Ans : D.**

22. **বাংলাদেশের জাতীয় সংগীত কোন গানের সুরে রচিত?**

A. বাউল B. ভাওয়াইয়া
C. ভাটিয়ালি D. সারি

ব্যাখ্যা : • বাংলাদেশের জাতীয় সংগীত বাউল গানের সুরে রচিত।
• বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর ১৯০৫ সালে এটি রচনা করেন।
• ১৯০৫ খ্রিস্টাব্দে বঙ্গভঙ্গ আন্দোলনের পরিপ্রেক্ষিতে এই গানটি রচিত হয়েছিল।
• বাউল গায়ক গগন হরকরার গান "আমি কোথায় পাব তারে" থেকে এই গানের সুর ও সঙ্গীত উদ্ভূত।
• পরে ১৯৭২ সালের ১৩ জানুয়ারি, মন্ত্রীসভার প্রথম বৈঠকে এ গানটির প্রথম দশ লাইন সদ্যগঠিত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ রাষ্ট্রের জাতীয় সঙ্গীত হিসেবে নির্বাচিত হয়।
**Ans : A.**

23. **CBA এর পূর্ণরূপ কী?**

A. Collective Bargaining Act
B. Collective Bargaining Agency
C. Collective Bargaining Agent
D. Collective Bargaining Authority

ব্যাখ্যা : • CBA এর পূর্ণরূপ Collective Bargaining Agent.
• এটি মূলত শ্রমিক এবং মালিকপক্ষের মধ্যে সমঝোতা করে দেয়ার উদ্দেশ্যে করা হয়।
• শ্রমিকদের কর্মঘণ্টা, মজুরী, কর্মপরিবেশ, যাবতীয় সুবিধা, শ্রমিকদের অধিকার প্রভৃতি নিয়ে আলোচনা বা পদক্ষেপ নেয় এটি।
• শ্রমিকদের ট্রেড ইউনিয়ন থেকেই Collective Bargaining Agent নির্ধারণ করা হয়।
**Ans : C.**

24. **'তুমি' বা 'তোমরা' কোন পুরুষ?**

A. মধ্যম B. নাম
C. উত্তম D. কোনটিই নয়

ব্যাখ্যা : পুরুষ তিন প্রকার। যথা-
• **উত্তম পুরুষ :** আমি, আমরা, আমাদের।
• **মধ্যম পুরুষ :** তুমি, তোমরা, তোমাদের।
• **নাম পুরুষ :** সে, তিনি, তারা, এটি, ওটি, সেটি।
**Ans : A.**

25. **কোনটি একাক্ষর শব্দ?**

A. মামা B. আম্মা
C. দিদি D. জল

ব্যাখ্যা : **অক্ষর :** অক্ষরকে ইংরেজিতে syllable বলে।
**সংজ্ঞা :** নিশ্বাসের স্বল্পতম প্রয়াসে একই বক্ষস্পন্দনের ফলে যে ধ্বনি বা ধ্বনিগুচ্ছ একবারে উচ্চারিত হয় তাকে অক্ষর (syllable) বলে।
অক্ষরের প্রকারভেদ- i) একাক্ষর ii) দ্বিঅক্ষর iii) মুক্তাক্ষর iv) বদ্ধাক্ষর
নিচে কিছু একাক্ষর শব্দ- মা, আম, পা, দই, জল, ভাই, মই ইত্যাদি।
**Ans : D.**

26. **Choose the plural number.**

A. syllabus B. news
C. physics D. agenda

ব্যাখ্যা : Agendum (singular) - Agenda (Plural)
**Ans : D.**

27. **'Are you happy in your new job.' The correct speech is-**

A. He told me whether I am happy in my new job.
B. He asked me if I had been happy in my new job.
C. He asked me if I have been happy in my new job.
D. He asked me if I was happy in my new job.

ব্যাখ্যা : Reported speech টি present indefinite এ আছে, তাই indirect sentence টি past indefinite হবে।
সুতরাং, Option (D) Correct.
**Ans : D.**

28. **Which one is a singular number?**

A. Phenomenon B. Curricular
C. Data D. Criteria

ব্যাখ্যা : Phenomenon (Singular) - Phenomena (Plural)
**Ans : A.**

29. **Which one is incorrect?**

A. He insisted upon his innocence.
B. They have several offspring.
C. Fifty miles is a long distance.
D. Her hairs are very long.

ব্যাখ্যা : অপশন (D) incorrect কারণ Hair একটি uncountable noun যারপরে verb singular form এ হয়। অর্থাৎ এখানে are না হয়ে is হলে সঠিক হত।
**Ans : D.**

30. **কোনটি চন্দ্রের সমার্থক নয়?**

A. শশী B. হিমাংশু
C. সোম D. সবিতা

ব্যাখ্যা : • চন্দ্র : চাঁদ, তারকা, জ্যোৎস্না, রাত্রি, বিধু, সোম, নিশাকর, শশধর, রাকেশ, ইন্দু, মৃগাঙ্ক, কলাধর, রাকা, সিতাংশু, কৌমুদিপতি, অমা, দর্শ, বালেন্দু, হিমকর, শশী, রাকাপতি, অব্জোজ, পূর্ণেন্দু, শরদিন্দু, সিতকর ইত্যাদি।
• সবিতা : সূর্য, ভানু, পূষণ, দিনমণি, অর্যমা, খগ, সুতপা, দিবানাথ, সুরি, ইতু ইত্যাদি।
**Ans : D.**

31. **'উ' কোন ধরনের স্বরধ্বনি?**

A. মিলিত B. যৌগিক
C. তালব্য D. কোনটিই নয়

ব্যাখ্যা : 'উ' স্বরধ্বনির বৈশিষ্ট্য–
• এটি উচ্চ-পশ্চাৎ স্বরধ্বনি।
• এটি গোলাকৃত-সংবৃত ও দৃঢ় স্বরধ্বনি। যৌগিক স্বরধ্বনি- ২৫টি। যেমন- আই, আউ, আয়, আও, ইউ, ইয়ে, ইও ইত্যাদি।
**Ans : D.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

32. 'ভ্রাতুষ্পুত্র' শব্দের ব্যাসবাক্য কোনটি?
A. ভ্রাতার পুত্র
B. ভ্রাত্রার পুত্র
C. ভ্রাতঃপুত্র
D. ভ্রতুর পুত্র

ব্যাখ্যা : ছকে কিছু সমাস লক্ষ কর -

| সমাসবদ্ধ শব্দ | ব্যাসবাক্য | সমাসের নাম |
|---|---|---|
| ভ্রাতুষ্পুত্র | ভ্রাতারপুত্র | ৬ষ্ঠী তৎপুরুষ |
| যাদুঘর | যাদুর ঘর | ৬ষ্ঠী তৎপুরুষ |
| মার্তন্ডপ্রায় | প্রায় মার্তন্ড | নিত্য সমাস |
| রাজদত্ত | রাজ দ্বারা দত্ত | ৩য়া তৎপুরুষ |
| তন্মাত্র | (কেবল/এই) মাত্র | নিত্য সমাস |

Ans : A.

33. 'নৌকাতে নদী পার হওয়া যায়।'- নৌকাতে পদটির কারক ও বিভক্তি কি?
A. কর্তায় ৭মী
B. করণে ৭মী
C. অধিকরণে ৭মী
D. করণে ২য়া

ব্যাখ্যা : ক্রিয়াপদকে 'কী দ্বারা বা কিসের মাধ্যমে' দ্বারা প্রশ্ন করলে করণকারক পাওয়া যায়। করণকারক ক্রিয়া সম্পাদনের যন্ত্র বা সহায়। যেমন: 'নৌকাতে নদী পার হওয়া যায়।' এখানে ক্রিয়াপদকে 'কিসের মাধ্যমে' দ্বারা প্রশ্ন করলে উত্তর পাওয়া যায় নৌকা।
- এ, য়, তে - ৭মী বিভক্তি।

Ans : B.

34. Fill in the gaps. _____ salt testes salty, and _____ pepper testes hot.
A. the, a
B. no article
C. a, a
D. the, the

ব্যাখ্যা : 'Salt tastes salty and pepper tastes hot'.
এখানে কোনো article এর প্রয়োজন নেই।

Ans : B.

35. This is rather _____ different question. The correct article is-
A. a
B. an
C. no article
D. the

ব্যাখ্যা : Rule : Rather + a/an + adj. + noun.
**Example :** He is rather a good boy.

Ans : A.

36. The antonym of word 'rigorous' is-
A. meticulous
B. lovely
C. likeable
D. dynamic

ব্যাখ্যা : Rigorous – কঠিন/সতর্ক।
**Synonym :** Meticulous, Hard, Harsh, Severe, Exhaustive, Strict.
**Antonym :** Careless, Gentle, Flexible, Kind, Lovely.

Ans : B.

37. 'হাতি বাঁচলেও লাখ টাকা মরলেও লাখ টাকা'- প্রবাদটির ইংরেজি কী?
A. The ruins of a great is always great
B. The ruins of greatness are great
C. The ruins of an elephant is always great
D. Elephant worth million alive or death

ব্যাখ্যা : The ruins of greatness are great – হাতি বাঁচলেও লাখ টাকা মরলেও লাখ টাকা।

Ans : B.

38. ষ-ত্ব বিধান অনুসারে কোন বানানটি শুদ্ধ নয়?
A. স্টেশন
B. নিস্কাম
C. আবিষ্কার
D. অনুষ্ঠান

ব্যাখ্যা : সন্ধিতে ই-কার কিংবা উ-কারের পর ক, খ, প, ফ থাকলে বিসর্গ এর জায়গায় 'ষ' হয়। যেমন-

| | |
|---|---|
| নিঃ + পাপ - নিষ্পাপ | চতুঃ + কোণ - চতুষ্কোণ |
| আবিঃ + কার - আবিষ্কার | আয়ু + কাল - আয়ুষ্কাল |
| নিঃ + প্রাণ - নিষ্প্রাণ | চতুঃ + পদ - চতুষ্পদ |
| বহিঃ + কার - বহিষ্কার | ভ্রাতৃঃ + পুত্র - ভাতুষ্পুত্র |
| নিঃ + কাম - নিষ্কাম | অনুঃ + ঠান - অনুষ্ঠান |

Ans : B.

39. কোনটি বিশেষ্য পদ?
A. সমর্থ
B. এক
C. দরিদ্রতা
D. দরিদ্র

ব্যাখ্যা :

| বিশেষ্য | বিশেষণ |
|---|---|
| সামর্থ | সমর্থ |
| দারিদ্র, দরিদ্রতা | দরিদ্র |
| একতা | এক |

Ans : C.

40. Passive voice of 'Whom were you calling?' is-
A. Who are you called?
B. Who were you being called?
C. Who called by you?
D. Who was being called by you?

ব্যাখ্যা : Whom যুক্ত interrogative sentence কে Passive করার structure-
Who + auxiliary verb + be/being/been + verb (PP) + by + sub এর object + ?
**Example : Active :** Whom have you trusted?
**Passive :** Who has been trusted by you?
অনুরূপভাবে, **Active :** Whom were you calling?
**Passive :** Who was being called by you?

Ans : D.

41. ২০১৮ সালের ই-গভর্নমেন্ট ডেভেলপমেনট সূচকে বাংলাদেশের অবস্থান কততম?
A. ১১৩ তম
B. ১১১ তম
C. ১২০ তম
D. ১১৫ তম

ব্যাখ্যা : • ২০১৮ সালের ই-গভর্নমেন্ট উন্নয়ন সূচকে বাংলাদেশের অবস্থান ১১৫ তম।
- ৯ ধাপ এগিয়ে আগের ১২৪তম অবস্থান থেকে ১৯৩টি দেশের মধ্যে ১১৫তম অবস্থানে উঠে এসেছে বাংলাদেশ।
- অনলাইন সেবা, টেলিকম অবকাঠামো ও দক্ষ মানবসম্পদ এই তিন মাপকাঠি বিবেচনায় ই-গভর্নমেন্ট ডেভেলপমেন্ট সূচক তৈরি করে জাতিসংঘ।
- ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্য অর্জন সহজ করতে ২০০১ সাল থেকে দুই বছর পরপর এই জরিপগুলো প্রকাশ করে আসছে জাতিসংঘ।

Ans : D.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•সরাক্ষা•PDF•তথ্য•মেসেজ•শেয়ার

42. 'সে ডাহা নিমকহারাম' উক্তিটি কোন রচনায় আছে?
A. আমার পথ B. চাষার দুক্ষু
C. অপরিচিতা D. বিড়াল

ব্যাখ্যা : রোকেয়া সাখাওয়াত হোসেনের 'চাষার দুক্ষু' প্রবন্ধ থেকে গুরুত্বপূর্ণ কিছু লাইন-
- একটি চাউল পরীক্ষা করিলেই - হাঁড়ি ভরা ভাতের অবস্থা জানা যায়।
- সত্যই তো, এই যে অভ্রভেদী পাঁচতলা পাকাবাড়ি, রেলওয়ে, ট্রামওয়ে..... লাইট, ফ্যান, অনারেবলের গড়াগড়ি এসব কি সভ্যতার নিদর্শন নহে?- নিশ্চয়! যে বলে, 'নহে' সে ডাহা নিমকহারাম।
- গ্রামে গ্রামে পাঠশালা আর ঘরে ঘরে চরকা ও টেকো হইলে চাষার দারিদ্র্য ঘুচিবে।
- বিলাসিতা ওরফে সভ্যতার সঙ্গে সঙ্গে 'অনুকরণপ্রিয়তা' নামক আর একটা ভূত তাহাদের স্কন্ধে চাপিয়া আছে
- কৃষক রমণী স্বহস্তে চরকায় সুতা কাটিয়া বাড়িসুদ্ধ সকলের জন্য কাপড় প্রস্তুত করিত।

Ans : B.

43. 'নাফরমানি করিও না। খোদার উপর তোয়াক্কল রাখ।' এ কথা কে বলে?
A. মজিদ B. আওয়ালপুরের পীর
C. আক্কাস D. রহিমা বিবি

ব্যাখ্যা : নিচে 'সিরাজউদ্দৌলা' নাটকের কিছু উক্তি ও বক্তার নাম:
- 'নাফরমানি করিও না। খোধার উপর তোয়াক্কল রাখ'- মজিদ।
- অমন করে হাঁটতে নাই বিবি, মাটি এ গোস্বা করে - মজিদ।
- ডান দিক দিয়া পাক দিবেন, আগে ডাইনা পা বাড়াইবেন - মজিদ।
- যার অন্তরে খোদা-রসুলের স্পর্শ লাগে, তার কি আর দুনিয়াদারি ভালো লাগে - রহিম।
- আমার দিলের কথা আমি জানিনা। ক্যামনে কমু দিলের কথা ______ তাহের কাদেরের বাপ।

Ans : A.

44. 'ঐশ্বর্য দীর্ঘদিন থাকে না'- এর ইংরেজি-
A. No rich man lasts long.
B. Riches do not last long.
C. The riches do not last long.
D. The rich does not last long.

ব্যাখ্যা : Riches do not last long – ঐশ্বর্য দীর্ঘদিন থাকে না।
Ans : B.

45. 'প্রত্যুষ' শব্দের সঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি?
A. প্রতি + উষ B. প্রতি + উষ
C. প্রত্য + উষ D. প্রত্ + উষ

ব্যাখ্যা : প্রত্যুষ শব্দটি স্বরসন্ধির নিয়মে সাধিত।
স্বরসন্ধির কতিপয় নিয়ম-

| সূত্র | উদাহরণ |
|---|---|
| ই + উ = য + ু | প্রতি + উত্তর = প্রত্যুত্তর। |
| ই + ঊ = য + ূ | প্রতি + উষ = প্রত্যুষ। |
| ই + এ = য + ে | প্রতি + এক = প্রত্যেক। |

Ans : A.

46. একুশের কৃষ্ণচূড়া কিসের রং?
A. শহীদের রক্তের B. আমাদের চেতনার
C. আমাদের ঐতিহ্যের D. বর্ণমালার

ব্যাখ্যা : শামসুর রাহমানের 'ফেব্রুয়ারী ১৯৬৯' কবিতার কিছু গুরুত্বপূর্ণ তথ্য:
- একুশের কৃষ্ণচূড়া আমাদের চেতনার রং।
- শামসুর রাহমানের প্রথম কবিতা প্রকাশিত হয়- ১৯৪৯ সালে 'সাপ্তাহিক সোনার বাংলা' পত্রিকায়।
- সালামের 'ফ্লাগ' এর প্রকৃত অর্থ - হাত।
- কবিতায় ভাষা শহীদ ২জন এবং শেষোক্ত কথাগুলো ছিলো বরকতের।
- চারদিকে কিসের বাগান? - মানবিক বাগান।

Ans : B.

47. 'নূরুলদীনের কথা মনে পড়ে যায়'- কাব্যনাট্যাংশে জ্যোৎস্নার সাথে কী ঝরে পড়ে?
A. পাহাড়ি ঢল B. স্মৃতির দুধ C. আমার স্বপ্ন D. নদীর অশ্রু

ব্যাখ্যা : 'নূরুলদীনের কথা মনে পড়ে যায়' কবিতার গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- দালালের আলখাল্লায় দেশ ছেয়ে যাওয়া, বাংলায় শকুন নেমে আসা- ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের সাক্ষী।
- সাহিত্যের গঠনশৈলীর ক্ষেত্রে সৈয়দ শামসুল হক- নিরীক্ষাপ্রিয়।
- 'নূরুলদীনের কথা মনে পড়ে যায়' কবিতায় দালাল- রাজাকার, আলবদর ও আল শামস।
- 'যখন আমার কণ্ঠ বাজেয়াপ্ত করে নিয়ে যায়' পঙক্তিটিতে- ১৯৫২ সালের কথা বলা হয়েছে।
- 'নূরুলদীনের কথা মনে পড়ে যায়' কবিতাটি নাটকের প্রস্তাবনা অংশ।

Ans : B.

48. কি-বোর্ড হলো একটি-
A. ইনপুট/আউটপুট ডিভাইস B. প্রসেসিং ডিভাইস
C. আউটপুট ডিভাইস D. ইনপুট ডিভাইস

ব্যাখ্যা : • কীবোর্ড হল একটি ইনপুট ডিভাইস।
- যে সব যন্ত্রাংশের মাধ্যমে এক জন ব্যবহারকারী কম্পিউটারে তথ্য ঢোকাতে পারেন ও কম্পিউটারকে প্রয়োজনীয় নির্দেশ দিতে পারেন, সেগুলোকে বলে ইনপুট ডিভাইস। যেমন : কীবোর্ড, মাউস, অপটিকাল ক্যারেকটার রিডার প্রভৃতি।
- আর যে সব যন্ত্রাংশের মাধ্যমে এক জন ব্যবহারকারী কম্পিউটার থেকে ডাটা/তথ্য দেখতে বা বের করতে পারেন, সেগুলোকে বলে আউটপুট ডিভাইস। যেমন : মনিটর, সাউন্ড বক্স, প্রিন্টার ইত্যাদি।

Ans : D.

49. ভাষা আন্দোলনের অবদানের জন্য ২০১৮ সালে একুশে পদক পান কে?
A. সৈয়দ মনজুরুল ইসলাম B. রণেশ মৈত্র
C. অধ্যাপক মির্জা মাজহারুল ইসলাম D. শেখ সাদী খান

ব্যাখ্যা : • ভাষা আন্দোলনে অবদানের জন্য ২০১৮ সালে একুশে পদক পান অধ্যাপক মির্জা মাজহারুল ইসলাম।
- তিনি বাংলাদেশ'র একজন খ্যাতিমান শল্যচিকিৎসক ও ভাষাসৈনিক।
- এছাড়া তিনি বিভিন্ন মেডিক্যাল কলেজে অধ্যাপনা করেছেন।
- তাঁর জন্ম ১৯২৭ খ্রিস্টাব্দে সালে টাঙ্গাইলের কালিহাতি উপজেলায়।
- তিনি ছাড়াও আ. জ. ম. তকীয়ুল্লাহ ভাষা আন্দোলনে অবদানের জন্য একই বছর একুশে পদক (মরণোত্তর) পান।

Ans : C.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

50. **Complete the sentence. He gave up ____ football when he married.**
A. playing B. to play
C. of playing D. play

ব্যাখ্যা : • সাধারণত Preposition + verb (ing) হয়।
যেমন : He was accused of breaking the new vase.
অনুরূপভাবে, He gave up playing football when he married হবে।
• তবে Preposition, to + verb (base) হয়।
**Ans : A.**

51. **The driver jumped ____ the car. (Fill in the blank)**
A. onto B. into
C. in D. to

ব্যাখ্যা : • Jump into - খুব দ্রুত কিছুতে ঝাঁপিয়ে পড়া।
• Jump in - দ্রুত কোথাও প্রবেশ করা।
• Jump at - অতি আগ্রহের সাথে কিছু গ্রহণ করা।
• Jump up - উচ্চতর স্থানে গমন।
এখানে, driver তাড়াহুড়ো করে গাড়িতে প্রবেশ করে বুঝাতে jumped in হবে।
**Ans : B.**

52. **'Excuse me, gentlemen!'-'Excuse me' is used to-**
A. beg pardon B. express disgust
C. draw attention D. apologise

ব্যাখ্যা : • Excuse me is used to getting someone's attention politely.
• সাধারণত ক্ষমা প্রার্থনার জন্য sorry বলা হয়, কিন্তু কোনো প্রয়োজনে কারো সাহায্য পাওয়ার জন্য তার attention পেতে excuse me বলা হয়।
**Ans : C.**

53. **'জাতের নামে বজ্জাতি সব জাত জালিয়াত খেলছো জুয়া'- গানটি কার রচনা?**
A. হাসন রাজা B. শাহ আবদুল করিম
C. কাজী নজরুল ইসলাম D. লালন ফকির

ব্যাখ্যা : • 'জাতের নামে বজ্জাতি সব জাত-জালিয়াৎ খেলছ জুয়া' গানটি কবি কাজী নজরুল ইসলাম রচনা করেছেন।
• কাজী নজরুল ইসলাম (১৮৯৯-১৯৭৬) এর কবিতায় বিদ্রোহী দৃষ্টিভঙ্গির কারণে তাঁকে বিদ্রোহী কবি নামে আখ্যায়িত করা হয়েছে।
• তাঁর কবিতার মূল বিষয়বস্তু ছিল মানুষের ওপর মানুষের অত্যাচার এবং সামাজিক অনাচার ও শোষণের বিরুদ্ধে সোচ্চার প্রতিবাদ।
• মধ্যবয়সে তিনি পিক্স ডিজিজে আক্রান্ত হন। এর ফলে আমৃত্যু তাকে সাহিত্যকর্ম থেকে বিচ্ছিন্ন থাকতে হয়। একই সাথে মানসিক ভারসাম্য হারিয়ে ফেলেন।
• বাংলাদেশ সরকারের আমন্ত্রণে ১৯৭২ সালে তিনি সপরিবারে ঢাকা আসেন। এসময় তাঁকে বাংলাদেশের জাতীয়তা প্রদান করা হয়। এখানেই তিনি মৃত্যুবরণ করেন।
**Ans : C.**

54. **লিঙ্গান্তর হয় না এমন শব্দ কোনটি?**
A. ঘরজামাই B. ভ্রাতুষ্পুত্র
C. সাহেব D. কবি

ব্যাখ্যা : **নিত্য পুরুষবাচক শব্দ :** যে সকল শব্দের কোন স্ত্রীবাচক শব্দ নাই তাকে নিত্য পুরুষবাচক শব্দ বলে। যেমন: কবিরাজ, ঢাকী, কৃতদার, অকৃতদার, রাষ্ট্রপতি, বিপত্নীক, ঘরজামাই, স্ত্রৈণ, পুরোহিত।
**Ans : A.**

55. **He is blind ___ his son's fault. (Fill in the blank)**
A. with B. of C. at D. to

ব্যাখ্যা : • Blind to - দোষের প্রতি অন্ধ।
• Blind of - দৃষ্টি শক্তিতে অন্ধ।
এখানে, সে তার সন্তানের দোষের প্রতি অন্ধ বুঝাতে blind to হবে।
**Ans : D.**

56. **Verb from of the word 'woman'?**
A. womanify B. womanize
C. womenly D. womanish

ব্যাখ্যা : • Woman (noun) - নারী/মেয়ে।
• Womanize (verb) - মেয়েলী করা/মেয়েলী হওয়া।
• Womanly (adjective) - নারী সুলভ।
**Ans : B.**

57. **বাংলাদেশের কোন জেলায় সব থেকে বেশি বজ্রপাত হয়?**
A. রাজশাহী B. পটুয়াখালী
C. সুনামগঞ্জ D. হবিগঞ্জ

ব্যাখ্যা : • বাংলাদেশের সবচেয়ে বেশি বজ্রপাত হয় সুনামগঞ্জ জেলায়।
• বজ্রপাত বেড়ে যাওয়ার কারণ হিসেবে তাপমাত্রা বৃদ্ধির একটি সম্পর্ক আছে।
• সকালের তুলনায় বিকেলে বজ্রপাত বেশি হয়।
• সকালের দিকে প্রচণ্ড তাপমাত্রা হয়। আর তখন এটি অনেক জলীয় বাষ্প তৈরি করে।
• এ জলীয় বাষ্পই বজ্র ঝড় ও বজ্রপাতের প্রধান শক্তি।
• তাপমাত্রা যত বাড়বে তখন জলীয় বাষ্প বা এ ধরণের শক্তিও তত বাড়বে।
**Ans : C.**

58. **Man cannot live alone. The word 'alone' is used here as-**
A. adverb B. adjective
C. preposition D. pronoun

ব্যাখ্যা : এখানে, alone word টি verb 'live' কে modify করেছে। সুতরাং, alone এই বাক্যে adverb.
**Ans : A.**

59. **'Bird's eye view' means-**
A. A view of the sky B. Eyes of a flock of birds
C. Eyes of birds D. A rough idea

ব্যাখ্যা : Birds idea - a general view / a rough idea.
**Ans : D.**

60. **কোন দেশে সবচেয়ে বেশি গাছ রয়েছে?**
A. ব্রাজিল B. রাশিয়া
C. যুক্তরাষ্ট্র D. কানাডা

ব্যাখ্যা : • পৃথিবীতে প্রায় ৩.০৪ ট্রিলিয়ন অর্থাৎ ৩ লক্ষ চার হাজার কোটি গাছ রয়েছে।
• সবচেয়ে বেশি গাছ রয়েছে রাশিয়াতে। এই তালিকায় পর্যায়ক্রমে রয়েছে কানাডা, ব্রাজিল ও আমেরিকার নাম।
**Ans : B.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

61. 'আমার পথ' প্রবন্ধে কবি কাজী নজরুল ইসলামের পথ প্রদর্শক কে?
A. তারুণ্য B. সত্য
C. রাষ্ট্র D. মানবধর্ম

ব্যাখ্যা : 'আমার পথ' প্রবন্ধের কিছু গুরুত্বপূর্ণ তথ্য :
- প্রাবন্ধিকের পথ প্রদর্শক - সত্য।
- 'আমার পথ' প্রবন্ধের উপজীব্য বিষয়- আত্মবিশ্বাস জাগ্রত করা।
- বিনয় নিশ্চয় থাকে - স্পষ্টবাদিতায়।
- মিথ্যা নিভে যায় - আত্মপরিচয়ের শিখা।
- মিথ্যাকে ভয় পায় - যার মনে মিথ্যা।

Ans : B.

62. 'মহাজাগতিক কিউরেটর' গল্পে মহাজাগতিক কিউরেটররা কোন প্রাণীটিকে সৌরজগতের তৃতীয় গ্রহ থেকে তুলে নেয়?
A. কুকুর B. পিঁপড়া
C. ডাইনোসর D. মানুষ

ব্যাখ্যা : • মহাজাগতিক কিউরেটর মুহম্মদ জাফর ইকবাল রচিত 'জলজ' গ্রন্থের অন্তর্গত।
- এটি "সায়েন্স ফিকশন সমগ্র" তৃতীয় খন্ড থেকে গৃহীত হয়েছে।
- এই গল্পে পৃথিবী থেকে মহাজাগতিক কিউরেটররা পিঁপড়া কে তুলে নেয়।

Ans : B.

63. 'কুম্ভিলক বৃত্তি' কথাটির অর্থ কী?
A. জ্যোতিষ বিদ্যা B. মাছ ধরা
C. পাচার করা D. চুরি করা

ব্যাখ্যা : কিছু গুরুত্বপূর্ণ বাগধারা-
- কুম্ভিলক বৃত্তি - চুরি করা
- কাষ্ঠ হাসি - কপট হাসি
- আঠার আনা - বাড়াবাড়ি
- গায়ে কাঁটা দেওয়া - রোমাঞ্চ হাওয়া
- আতান্তরে পড়া - বিশৃঙ্খলা
- ঘন্টা গরুড় - অকর্মণ্য লোক
- ইতুনিদ কুড়ে - অলস
- চটকের মাংস - সামান্য জিনিস
- উর্ণাজাল - পুঞ্জীভূত স্মৃতি
- চিনে জোঁক - নাছোড়বান্দা

Ans : D.

64. 'আমজনতা' শব্দটি কোন উপসর্গযোগে গঠিত?
A. বিদেশি B. তৎসম
C. খাঁটি বাংলা D. কোনোটিই নয়

ব্যাখ্যা : আম + জনতা - আমজনতা ; অর্থ- সাধারণ মানুষ।
বিদেশি উপসর্গ :
- ফারসি - কার, দর, না, নিম, ফি, বদ, বে, বর, ব, কম।
- আরবি - আম, খাস, লা, গর।
- ইংরেজি - ফুল, হাফ, হেড, সাব। পাকিস্তানি বা হিন্দি - হর।

Ans : A.

65. Which one is the proper tag question in 'He always lags behind _____'.
A. did not he? B. does not he?
C. did he? D. would not he?

ব্যাখ্যা : এখানে, sentence টি preventive indefinite এবং subject "He" 3rd person singular number. সুতরাং tag question এ does হবে। বাক্যটি affirmative তাই tag question এ doesn't হবে। tag question এ Negative করার সময় tag form এ ব্যবহৃত হয়। অর্থাৎ does not না হয়ে doesn't, isnot না হয়ে isn't হবে।

Ans : নাই.

66. Correct synonym of the word 'ignite' is-
A. to burn B. Kindle
C. to burn fire D. to set fire

ব্যাখ্যা : Ignite - জ্বালে উঠা।
Synonym : Arouse, Kindle, Trigger, Spark, Instigate, Excite.
Antonyms : Cool, Extinguish, Put out, Quench, Dull.

Ans : B.

67. The antonym of 'Plaintiff' is-
A. defendant B. complainant
C. sorrowful D. witness

ব্যাখ্যা : Plaintiff - বাদী।
Synonym : Complainant, Litigant, Prosecutor, Suer.
Antonym : Defendant, Suspect, Appellant.

Ans : A.

68. পোশাক রপ্তানিতে বাংলাদেশের অবস্থান কততম?
A. প্রথম B. চতুর্থ
C. দ্বিতীয় D. তৃতীয়

ব্যাখ্যা : • পোশাক রপ্তানিতে বাংলাদেশের অবস্থান দ্বিতীয়।
- এ তালিকার শীর্ষে রয়েছে চীন।
- ২০১৮ সালের প্রতিবেদন অনুযায়ী বিশ্বে মোট রপ্তানি করা পোশাকের ৬ দশমিক ৫ শতাংশ পণ্য ছিল বাংলাদেশের।
- আর চীনের ছিল ৩৪ দশমিক ৯ শতাংশ।
- পোশাক শিল্প বর্তমানে বাংলাদেশের সবচেয়ে বড় রপ্তানিমুখী শিল্পখাত।
- দেশের মোট প্রবৃদ্ধির ৬-৮% আসে পোষাক খাত থেকে।

Ans : C.

69. Here _____ note book and report I promised you last week.
A. is a B. is the
C. was D. is

ব্যাখ্যা : সাধারণত দুইটি Article থাকলে verb Plural এবং একটি Article থাকলে verb singular হয়।
Example : The Headmaster and chairman is present.
অনুরূপভাবে, Here is the notebook and report I promised you last week হবে।

Ans : B.

70. বরেন্দ্র যাদুঘর পরিচালনা কর্তৃপক্ষ কোন প্রতিষ্ঠানের?
A. ইউনেস্কো B. বাংলাদেশ শিল্পকলা একাডেমি
C. সংস্কৃতি মন্ত্রণালয় D. রাজশাহী বিশ্ববিদ্যালয়

ব্যাখ্যা : • বরেন্দ্র জাদুঘর পরিচালনা কর্তৃপক্ষ রাজশাহী বিশ্ববিদ্যালয়।
- বাংলাদেশের প্রথম জাদুঘর রাজশাহীর বরেন্দ্র গবেষণা জাদুঘর।
- এর নির্মাণ কাজ শুরু হয় ১৯১০ সালে এবং শেষ হয় ১৯১৩ সালে।
- বাংলার তৎকালীন গভর্নর লর্ড কারমাইকেল এটি উদ্বোধন করেন।
- বর্তমানে রাজশাহী বিশ্ববিদ্যালয় এটি পরিচালনা করে থাকে।

Ans : D.

71. 'Take the chair' means-
A. Bring the chair B. Make a chair
C. Taking a chair D. Preside

ব্যাখ্যা : Take the chair - to preside as chairman, to be chairperson.

Ans : D.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

72. বাংলাদেশের জাতীয় পতাকার ডিজাইনার কে?
A. জয়নুল আবেদীন B. কামরুল হাসান
C. রফিকুন্নবী D. হাশেম খান

ব্যাখ্যা : • বাংলাদেশের জাতীয় পতাকার ডিজাইনার শিল্পী কামরুল হাসান।
• বাংলাদেশের জাতীয় পতাকা প্রথম উত্তোলন করা হয় ২ মার্চ, ১৯৭১সালে।
• প্রতিবছর ২রা মার্চ বাংলাদেশে জাতীয় পতাকা দিবস পালিত হয়।
• আমদের জাতীয় পতাকার অনুপাত ১০:৬।
• ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের সময় প্রায় একই রকম দেখতে একটি পতাকা ব্যবহার করা হতো, যেখানে মাঝের লাল বৃত্তের ভেতর হলুদ রংয়ের একটি মানচিত্র ছিল।
• ১২ জানুয়ারি, ১৯৭২ তারিখে বাংলাদেশের পতাকা থেকে মানচিত্রটি সরিয়ে ফেলা হয়।
Ans : B.

73. The word 'apparent' is a/an-
A. verb B. adverb
C. adjective D. noun

ব্যাখ্যা : Apparent (adj.) - দৃশ্য/অস্তিত্ব বিদ্যমান আছে এমন।
Ans : C.

74. ক্রিয়াপদের মূল অংশকে বলা হয়-
A. বিভক্তি B. ধাতু
C. কৃৎ D. প্রত্যয়

ব্যাখ্যা : • ক্রিয়াপদের মূল অংশকে - ধাতু বলা হয়।
• ধাতুর অপর নাম - ক্রিয়ামূল।
• ক্রিয়ামূল এর সাথে প্রত্যয় যুক্ত হয়ে ক্রিয়াপদ গঠিত হয়।
• ক্রিয়ামূলের সাথে যে প্রত্যয় যুক্ত হয় তাকে বলে - কৃৎ প্রত্যয়।
Ans : B.

75. কোন বর্ণটি স্বতন্ত্রভাবে উচ্চারিত হয় না?
A. ঞ B. ৎ
C. ক্ষ D. ঙ

ব্যাখ্যা : ৎ - ত্।
• ত – (বিয়োগ) অ - ত্/ৎ।
• ৎ কখনো স্বতন্ত্রভাবে উচ্চারিত হয় না।
• ৎ সর্বদা অন্য ধ্বনির সাথে মিলিত হয়ে উচ্চারিত হয়। যেমন: হঠাৎ, কিঞ্চিত, জগৎ ইত্যাদি।
Ans : B.

76. Which is not the superlative degree?
A. palest B. last
C. none D. least

ব্যাখ্যা : • Palest superlative degree.
Pale - Paler - Palest
• Least superlative degree
Little - Less - Least
• Last superlative degree
Late - Latter - Last
কিন্তু none superlative degree নয়, none positive degree.
Ans : C.

77. 'টসটসে ফল' কোন ধরনের বিশেষণের উদাহরণ?
A. বীপ্সামূলক B. পরিমাণবাচক
C. অবস্থাবাচক D. অনুকার অব্যয়জাত

ব্যাখ্যা : নিচে কিছু বিশেষণের নাম এবং উদাহরণ-
• অনুকার অব্যয়জাত : কনকনে শীত, টসটসে ফল।
• কৃদন্ত : কৃতীসন্তান, পায়ে চলা পথ, জানাশোনা লোক।
• বীপ্সামূলক : হাসিহাসি মুখ, ডুবুডুবু নৌকা।
• অব্যয়জাত : আচ্ছা মানুষ, উপরি পাওনা।
• উপসর্গযুক্ত : নিখুঁত কাজ, নির্জলা মিথ্যে।
Ans : D.

78. আইনজীবী শব্দটি কোন দুইয়ের যোগফল?
A. তৎসম + আরবি B. তদ্ভব + তৎসম
C. আরবি + তৎসম D. তৎসম + ফারসি

ব্যাখ্যা : আইনজীবী শব্দটি আরবি ও তৎসম শব্দদ্বয়ের সমন্বয়ে গঠিত। তাই এটি মিশ্র শব্দ। নিচে আরো কিছু মিশ্র শব্দ-
• খ্রিস্টাব্দ - ইংরেজি + তৎসম • কালিকলম - সংস্কৃত + ফারসি
• ডাক্তারখানা - ইংরেজি + ফারসি • পার্টিবাজি - ইংরেজি + ফারসি
Ans : C.

79. What is the masculine gender of 'Mare'?
A. Mermaid B. Dog
C. Bear D. Stallion

ব্যাখ্যা : Mare (মাদি ঘোড়া, ঘোটকী) - Stallion (ঘোড়া/অশ্ব)
কিছু গুরুত্বপূর্ণ gender change-

| Masculine | Feminine |
|---|---|
| Bachelor | Spinster |
| Duke | Duchess |
| Wizard | Witch |
| Master | Mistress |

Ans : D.

80. রাজশাহী জেলার পূর্বনাম কি?
A. বারিন্দ B. পুণ্ড্র
C. রামপুর বোয়ালিয়া D. বরেন্দ্র

ব্যাখ্যা : • রাজশাহী জেলার পূর্ব নাম 'রামপুর-বোয়ালিয়া'
• অনুমান করা হয় 'রামপুর' এবং 'বোয়ালিয়া' নামক দু'টি গ্রামের সমন্বয়ে রাজশাহী শহর গড়ে উঠেছিল। তাই এমন নামকরণ।
• বর্তমানে আমরা যে রাজশাহী শহরের সঙ্গে পরিচিত, তার আরম্ভ ১৮২৫ সাল থেকে।
• বহুল প্রচলিত মত হল এই জেলায় বহু রাজা-জমিদারের বসবাস ছিল বলে এ জেলার নাম হয়েছে রাজশাহী।
Ans : C.

81. The correct translation of "আমি অল্পকাল সেখানে ছিলাম।"
A. I hardly stayed there.
B. I was there for a short-lived time.
C. I was there for a short-time.
D. I was there for a small time.

ব্যাখ্যা : I was there for a short-time – আমি অল্পকাল সেখানে ছিলাম।
Ans : C.

82. 'শীত আরম্ভ হয়েছে'- এর সঠিক অনুবাদ-
A. The winter has set in.
B. The winter has started.
C. The winter started.
D. The winter has set out.

ব্যাখ্যা : Set in - আরম্ভ হওয়া ; বহিতে আরম্ভ হওয়া।
The winter has set in – শীত আরম্ভ হয়েছে।
Ans : A.

83. UNDP-র উন্নয়ন পরিমাপক হিউম্যান ডেভেলপমেন্ট ইনডেক্স (HDI)-এর অনুষঙ্গ নয় কোনটি?
A. প্রত্যাশিত আয়ু B. মাথাপিছু আয়
C. বয়স্ক শিক্ষার হার D. মাতৃমৃত্যুর হার

ব্যাখ্যা : • মানব উন্নয়ন সূচক (Human Development Index) বিশ্বের সকল দেশসমূহের জীবন ধারণের মান, শিক্ষা, নিরক্ষরতা প্রভৃতির একটি তুলনামূলক সূচক।
• একটি দেশের আর্থিক আয় কিংবা উৎপাদনশীলতার চেয়ে অন্যান্য বিষয়াদির উপর ব্যাপক গুরুত্বারোপ করা হয় এই সূচকে।
• মাথাপিছু মোট অভ্যন্তরীণ উৎপাদন কিংবা মাথাপিছু আয়ের পাশাপাশি আয়ের কতটুকু অংশ শিক্ষা এবং স্বাস্থ্যখাতে ব্যয়িত হয়েছে তা-ও তুলে ধরা হয়।
• প্রত্যাশিত আয়ু, শিক্ষার হার, মাথাপিছু আয়, জীবনযাত্রার মান প্রভৃতি বিবেচনায় রেখে এ সূচক নির্ধারণ করা হয়।
• মাতৃমৃত্যুর হার এর অনুষঙ্গ নয়।
Ans : D.

84. বাংলাদেশের সংবিধান রচনা কমিটির একমাত্র মহিলা সদস্য কে ছিলেন?
A. বেগম সুফিয়া কামাল B. বেগম রাজিয়া বানু
C. আমেনা বেগম D. জাহানারা ইমাম

ব্যাখ্যা : • ৩৪ জন সদস্য নিয়ে বাংলাদেশ সংবিধান প্রণয়ন কমিটি গঠন করা হয়।
• ড: কামাল হোসেন ছিলেন এ কমিটির প্রধান।
• সংবিধান রচনা কমিটির একমাত্র মহিলা সদস্য ছিলেন বেগম রিজিয়া বানু।
Ans : B.

85. Identify the part of speech of 'seldom'.
A. an adverb B. a noun
C. an adjective D. a pronoun

ব্যাখ্যা : Seldom - কদাচিৎ।
Seldom সাধারণত বাক্যের verb কে modify করে। সুতরাং এটি একটি adverb.
Ans : A.

86. 'He has lost the book which I gave him.' is a-
A. simple sentence B. compound sentence
C. complex sentence D. none of them

ব্যাখ্যা : • Relative pronoun who/which/that বাক্যের দুইটি clause এর মধ্যে সম্পর্ক স্থাপন করার সাধারণত complex sentence এ।
• এই বাক্যে দুটি subject এবং দুটি finite verb রয়েছে। সুতরাং, এটি complex sentence.
Ans : C.

87. 'ট্রিম্যান সিনড্রম' বা 'বৃক্ষ মানব সিনড্রম' ঘটে-
A. এ. এন. কে. আর. ডি. ২৬ নামের জিন পরিবর্তনের ফলে
B. অধিকাংশ সময় বনে বাস করার ফলে
C. অতিরিক্ত সবজি গ্রহণের ফলে
D. কারণ সনাক্ত হয়নি

ব্যাখ্যা : • 'ট্রিম্যান সিনড্রোম' বা 'বৃক্ষ মানব সিনড্রোম' ঘটে এ. এন. কে. আর. ডি. ২৬ নামক জিন পরিবর্তনের ফলে।
• এর ফলে ত্বকে ম্যালিগন্যান্ট টিউমার হয়।
• এই রোগকে চিকিৎসা বিজ্ঞানের ভাষায় Epidermodysplasia verruciformis বলা হয়ে থাকে।
• ভাইরাসজনিত কারণ ছাড়াও সেল-মিডিয়েটেড ইমিউনিটির অপূর্ণতার কারণেও এই রোগ হওয়ার সম্ভাবনা বেড়ে যায়।
• বৃক্ষ মানব রোগ ১৯২২ সালে লিভানডস্কি ও লুটস প্রথম সনাক্ত করেন।
Ans : A.

88. ইংরেজি 'migration'-এর বাংলা পরিভাষা-
A. প্রব্রাজিত B. প্রব্রজিত
C. প্রব্রাজন D. প্রব্রজ্যা

ব্যাখ্যা : কিছু পারিভাষিক শব্দ-

| পারিভাষিক শব্দ | অর্থ | পারিভাষিক শব্দ | অর্থ |
|---|---|---|---|
| Migration | প্রব্রাজন | Lan enure | মধ্যস্বত্ব |
| Gazette | ঘোষণাপত্র | Jobber | দালাল |
| Defaulter | খেলাপী | Radical | মূলক |
| Gunny | চট | Method | প্রণালি |
| Know how | কৌশল | Lien | পূর্বস্বত্ব |

Ans : C.

89. Synonym of 'sticky' is-
A. irony B. adhesive
C. glutinous D. silky

ব্যাখ্যা : Sticky - আঠালো।
**Synonym :** Viscid, Tacky, Viscous, Gluey, Clingy, Adherent, Adhesive, Glutinous.
**Antonym :** Dry, Cool, Easy, Facile, Nonadhesive.
Ans : B & C.

90. বি.বি.এস. এর সাম্প্রতিক তথ্য অনুসারে ২০১৮ সালের বাংলাদেশের মানুষের মাথাপিছু আয় কত ইউ.এস ডলার?
A. ১৭০২ B. ১৭৬০ C. ১৬১০ D. ১৭৫১

ব্যাখ্যা : • বি. বি. এস. এর তথ্য অনুসারে ২০১৮ সালের বাংলাদেশের মানুষের মাথাপিছু আয় ১৭৫১ ইউ এস ডলার।
• একটি দেশের মোট আয়কে জনসংখ্যা দিয়ে ভাগ করে মাথাপিছু আয় বের করা হয়।
• ২০১৮-২০১৯ অর্থবছরে দেশের মানুষের বার্ষিক মাথাপিছু আয় বেড়ে দাঁড়িয়েছে ১ হাজার ৯০৯ ডলারে।
• আর মোট দেশজ উৎপাদনের (জিডিপি) প্রবৃদ্ধিও বেড়ে হয়েছে ৮ দশমিক ১৩ শতাংশ।
Ans : D.

91. 'That cannot be corrected or improved' is-
A. inevitable B. incorrigible
C. incredible D. incorrectable

ব্যাখ্যা : Incorrigible (adj.) - Something that cannot be corrected or improved or reformed.
Ans : B.

92. টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) এর মেয়াদকাল কোনটি?
A. ২০১৬-২০২১ সাল B. ২০১৫-২০২৫ সাল
C. ২০১৬-২০৩০ সাল D. ২০১৫-২০৩০ সাল

ব্যাখ্যা : • Sustainable Development Goals (SDG) বা টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা এর মেয়াদ ২০১৬ থেকে ২০৩০।
• এর মোট লক্ষ্য ১৭টি।
• এগুলোর প্রণয়ন করে জাতিসংঘ।
• এতে মোট ১৭টি লক্ষ্যমাত্রা ও ১৬৯টি সুনির্দিষ্ট লক্ষ্য অন্তর্ভুক্ত রয়েছে।
• ২০১৫ সালের আগস্ট মাসে ১৯৩টি দেশ এর ঐক্যমত্যে জাতিসংঘে এই লক্ষ্যমাত্রাগুলো গৃহীত হয়।
Ans : C.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

93. The feminine gender of 'Don'- is-

A. dona B. donni
C. donne D. donna

ব্যাখ্যা : Don (masculine) Donna (feminine)
আরো কিছু গুরুত্বপূর্ণ gender change -

| Masculine | Feminine | Masculine | Feminine |
|---|---|---|---|
| Jew | Jewess | Porter | Portess |
| Lion | Lioness | Boar | Sow |
| Heir | Heiress | Fox | Vixen |

Ans : D.

94. 'সব ক'টা জানালা খুলে দাও না'- বাক্যে 'না' এর ব্যবহার-

A. নিরর্থক B. অলঙ্কারসূচক
C. নঞর্থক D. অন্ত্যর্থক

ব্যাখ্যা : বাক্যালংকার অব্যয় : কয়েকটি অব্যয় শব্দ নিরর্থকভাবে ব্যবহৃত হয়ে বাক্যের শোভাবর্ধন করে, এদের বাক্যালংকার অব্যয় বলে। যেমন-
- কতনা হারানো স্মৃতি জাগে আজও মনে।
- সব কটা জানালা খুলে দাও না।

Ans : B.

95. 'কন্যার বাপ সবুর করিতে পারিতেন কিন্তু বরের বাপ সবুর করিতে চাহিলেন না।' বাক্যটি-

A. জটিল B. মিশ্র
C. সরল D. যৌগিক

ব্যাখ্যা : যৌগিক বাক্য চেনার উপায় :
- দুই বা ততোধিক খন্ডবাক্য সংযোজক, সংকোচক, বিয়োজক ইত্যাদি প্রকারের অব্যয় দ্বারা যুক্ত থাকে। যেমন- এবং, ও, আর কিন্তু, বা, কিংবা, বরং, নতুবা, নচেৎ, বরং, তথাপি, যদিও, সুতরাং ইত্যাদি।
- এখানে 'কন্যার বাপ সবুর করিতে পারিতেন কিন্তু বরের বাপ সবুর করিতে চাহিলেন না।'
- দুইটি খন্ডবাক্য 'কিন্তু' অব্যয় দ্বারা যুক্ত হয়েছে। সুতরাং বাক্যটি যৌগিক বাক্য।

Ans : D.

96. সড়ক পরিবহন বিল ২০১৮-তে সংঘঠিত দুর্ঘটনার ক্ষেত্রে সর্বোচ্চ শাস্তির বিধান রাখা হয়েছে-

A. ৯ বছর B. ৫ বছর
C. যাবজ্জীবন D. ১১ বছর

ব্যাখ্যা : • সড়ক পরিবহন বিল ২০১৮-তে সংঘটিত দুর্ঘটনার ক্ষেত্রে সর্বোচ্চ শাস্তি রাখা হয়েছে ৫ বছর।
- এছাড়া এ আইনের আওতায় ১৮ বছরের নিচে কেউ গাড়ি চালাতে পারবে না।
- জেব্রা ক্রসিং বা ফুটওভারব্রিজ ছাড়া পারাপার করলে দুই হাজার টাকা অর্থদণ্ড হবে।
- নীরব এলাকা অতিক্রমের সময় হর্ন বাজালে বা উচ্চমাত্রার কোনো শব্দ করলে এক মাসের কারাদণ্ড বা এক হাজার টাকা জরিমানা অথবা উভয় দণ্ড হবে।
- নিয়োগপত্র ছাড়া মোটরযানের চালক হলে বা রাখলে এক বছরের কারাদণ্ড বা ১০ হাজার টাকা জরিমানা বা উভয় দণ্ড হবে।
- এ আইনে চালকদের জন্য কর্মঘণ্টা ও বিশ্রামের কথাও বলা হয়েছে।

Ans : B.

97. 'সিরাজউদ্দৌলা' নাটকে কোথাকার মহারাণীর কথা উল্লেখ রয়েছে?

A. মুর্শিদাবাদের B. চৌগ্রামের
C. পুঠিয়ার D. নাটোরের

ব্যাখ্যা : 'সিরাজউদ্দৌলা' নাটকের গুরুত্বপূর্ণ তথ্যসমূহ-
- 'সিরাজউদ্দৌলা' নাটকে নাটোরের মহারাণীর কথা উল্লেখ আছে। ১৭৪৮ সালে রাজা রামকান্ত পরলোক গমন করার পর রাণী ভবানী জমিদারী পরিচালনার দায়িত্ব গ্রহণ করেন। তিনি নাটোরের ইতিহাসে জনহিতৈষী মহারাণী হিসেবে অভিহিত।
- দওলত তার কাছে ভগবানের দাদামশায়ের চেয়েও বড়। সে দওলতের পূজারী। কে! - উমিচাঁদ।
- মানিকচাঁদের মুক্তিমূল্য - পঞ্চাশ কোটি টাকার কম না।
- ওয়াটসনের সই জাল করে দিয়েছে - লুসিংটন।
- ঘুম নাই শুধু শেয়াল আর - সিরাজউদ্দৌলার চোখে।

Ans : D.

98. 'তোমার হৃদয় বিশ্ব দেউল সকলের দেবতার' কবিতাংশটি কোন কবিতা থেকে নেয়া হয়েছে?

A. ঐকতান B. জীবনবন্দনা
C. মানববন্দনা D. সাম্যবাদী

ব্যাখ্যা : 'সাম্যবাদী' কবিতার গুরুত্বপূর্ণ কিছু পঙক্তি-
- 'তোমার হৃদয় বিশ্ব দেউল সকলের দেবতার।'
- যেখানে আসিয়া এক হয়ে গেছে সব বাধা ব্যবধান।
- হাসিছেন তিনি অমৃত-হিয়ার নিভৃত অন্তরালে।
- এইখানে এসে লুটাইয়া পড়ে সকল রাজমুকুট।
- মিথ্যা শুনিনি ভাই,
  এই হৃদয়ের চেয়ে বড়ো কোনো মন্দির-কাবা নাই।

Ans : D.

99. The word 'fragrant' is a/an-

A. Adverb B. Verb
C. Adjective D. Noun

ব্যাখ্যা : Fragrant (adj.) - সুগন্ধি/সুবাসিত।
Ans : C.

100. He talks if he (to know) everything. Correct form of verb is-

A. knew B. has know
C. knows D. had known

ব্যাখ্যা : এটি as if এর উদাহরণ-
**Structure** - Present tense + as if + past indefinite.
Past tense + as if + past perfect.
**Example :** She talks as if she were a mad.
অনুরূপভাবে, He talks as if he knew everything.
Ans : A.

!!! বের হয়েছে !!!
সম্পূর্ণ নতুন আঙ্গিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইউনিট ভিত্তিক লিখিত অংশের পূর্ণাঙ্গ প্রস্তুতির জন্য
- পানকৌড়ি Written (A Unit)
- পানকৌড়ি Written (B Unit)
- পানকৌড়ি Written (C Unit)

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

## ইউনিট : E (গ্রুপ-২)
### প্রথম বর্ষ (সম্মান) ভর্তি পরীক্ষা ২০১৮-১৯

1. নোনতা- শব্দে 'তা' প্রত্যয়টি কী অর্থে ব্যবহৃত হয়েছে?
A. ঈষৎ B. যুক্ত
C. নিন্দিত D. সদৃশ

ব্যাখ্যা : এখানে, নুন + তা - নোনতা। 'নোনতা' শব্দের অর্থ- সামান্য (ঈষৎ) লবণাক্ত।
সুতরাং 'তা' প্রত্যয়টি ঈষৎ অর্থে ব্যবহৃত হয়েছে।
Ans : A.

2. কোনটি স্বরসন্ধির উদাহরণ?
A. উড্ডীন B. বিদ্যালয়
C. জ্যোতির্ময় D. আচ্ছাদন

ব্যাখ্যা : • উড্ডীন - উৎ + ডীন (ৎ + ড = ড্ড)
• বিদ্যালয় - বিদ্যা + আলয় (আ + আ = আ)
• জ্যোতির্ময় - জ্যোতিঃ + ময় (ঃ + ম = র্ম)
• আচ্ছাদন - আ + ছাদন (আ + ছ = (আ) চ্ছ)
এখানে অপশন A ও D তে ব্যঞ্জন সন্ধি এবং অপশন C তে বিসর্গ সন্ধি।
সুতরাং, অপশন (B) স্বরসন্ধির উদাহরণ।
Ans : B.

3. সন্ধি ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?
A. বাক্যতত্ত্বে B. সন্ধিতত্ত্বে
C. ধ্বনিতত্ত্বে D. রূপতত্ত্বে

ব্যাখ্যা : সন্ধি : সন্ধি শব্দের অর্থ মিলন। পরস্পর সন্নিহিত দুটি ধ্বনির মিলনকে সন্ধি বলে। লক্ষ করো, এখানে দুটি ধ্বনির কথা বলা আছে। সুতরাং সন্ধি ধ্বনিতত্ত্বের আলোচ্য বিষয়। ধ্বনির উচ্চারণ প্রণালি, উচ্চারণের স্থান, ধ্বনির প্রতীক বা বর্ণের বিন্যাস, ধ্বনি সংযোগ বা সন্ধি ধ্বনির পরিবর্তন ও লোপ, ণ-ত্ব ও ষ-ত্ব বিধান ইত্যাদি ধ্বনিতত্ত্বের আলোচ্য বিষয়।
Ans : C.

4. **It is time to stop the work.**
**(Choose the passive form)**
A. It is time that the work should be stopped.
B. It is time for the work to be stopped.
C. It is time that the work could be stopped.
D. It is time for the work to stop.

ব্যাখ্যা : Active এ 'to + verb' থাকলে তা passive এ গিয়ে 'to be + verb (PP)'।
**Example : Active :** It's time to play football.
**Passive :** It's time for football to be played.
অনুরূপভাবে, **Active :** It is time to stop the work.
**Passive :** It is time for the work to be stopped.
Ans : B.

5. **Choose the wrong sentence-**
A. We write in ink.
B. Hot and cold are opposites.
C. Neither of us was present.
D. I went to my home.

ব্যাখ্যা : সাধারণত go এর পর to বসে। কিন্তু বাড়ি যাওয়া এবং বিদেশ যাওয়া বুঝাতে go home এবং go abroad বসে to হয় না।
সুতরা এখানে right answer হবে, I went my home.
Ans : D.

6. **Identify the correct spelling-**
A. Embarrassment B. Embarassment
C. Embarrasment D. Embarassment

ব্যাখ্যা : Embarrassment - বিব্রতকর অবস্থা।
এরকম আরো কিছু **confusing words :**

| | |
|---|---|
| Awkwardness | Recommend |
| Misspelled | Dossession |
| Accidentally | Amateur |
| Accommodate | Committee |

Ans : A.

7. 'মানুষ' শব্দটিতে কয়টি ধ্বনি আছে?
A. ৫ B. ৩
C. ৪ D. ৬

ব্যাখ্যা : মানুষ - ম্ + আ + ন্ + উ + ষ্। এখানে (মানুষ) বানানে ষ্ এর নিচে হসন্ত থাকার কথা। কারণ আমরা উচ্চারণের সময় 'অ' এর উচ্চারণ করিনা। কিন্তু লেখার সুবিধার্থে বাংলা ভাষার হাজার হাজার শব্দের শেষ বর্ণে হসন্ত চিহ্ন দেওয়া হয় না।
যেমন: বল - বল্, কলম - কলম্, মানুষ - মানুষ্, জীবন - জীবন্।
Ans : A.

8. 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধে বৃক্ষ কিসের বাণী প্রচার করে?
A. প্রাচুর্য, সমৃদ্ধি ও শান্তির B. নতি, শান্তি ও সেবার
C. শ্রম, সাধনা ও সাফল্যের D. দান-দাক্ষিণ্য ও মমতার

ব্যাখ্যা : 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধের কিছু গুরুত্বপূর্ণ তথ্য-
• দোরের কাছে দাঁড়িয়ে বৃক্ষ-নতি, শান্তি ও সেবার বাণী প্রচার করে।
• সমাজ মানুষের জীবনে আগ্রহ জাগিয়ে তোলে- বিকশিত জীবনের জন্য।
• বৃক্ষ প্রেম ফুটে উঠেছে - রবী ঠাকুরের কবিতায়।
• স্রষ্টার উপভোগ্য ফল - আত্মারূপ ফল।
• বৃক্ষ কেবল প্রশান্তির নয় - বরং বৃদ্ধিরও ইশারা।
Ans : B.

